পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 30, Issue No.: 282 Friday, 12 September, 2025 ❋ ৩০ বর্ষ, ২৮২ সংখ্যা ❋ ২৬ ভাদ্র ১৪৩২, শুক্রবার, ১২ সেপ্টেম্বর ২০২৫ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

স্বাস্থ্যসাথী কার্ডকে এসআইআর নথি হিসাবে মান্যতা নয়

রাজ্যের আবেদন খারিজ কমিশনের

নয়াদিল্লি ও কলকাতা, ১১ সেপ্টেম্বরঃ স্বাস্থ্যসাথী কার্ডকে এসআইআর-র নথি হিসাবে মান্যতা দেওয়ার দাবি খারিজ। খারিজ করে দিল জাতীয় নির্বাচন কমিশন। বাংলার এসআইআরের ক্ষেত্রেও নথি হিসাবে গণ্য হবে আধার কার্ড। নির্বাচন কমিশন সূত্রে খবর দ্বাদশ নথি হিসাবে গৃহীত হবে এই আধার। তবে বাংলায় আধারের পাশাপাশি বাকি ১১টি নথির একটি জমা দেওয়া আবশ্যিক। নির্বাচন কমিশন সূত্রে জানা যাচ্ছে সিইও সম্মেলনে স্থির হয়েছে বিহারে যে ১১টি নথির কথা বলা হয়েছে সেগুলি বাংলায় এসআইআর-এর ক্ষেত্রে গণ্য করা হবে প্রামাণ্য নথি হিসাবে। তার সঙ্গে সঙ্গে আধার কার্ডকেও গ্রহণ করা হবে। নির্বাচন কমিশনের ফর্ম ৬, যার মাধ্যমে নতুন ভোটার তালিকায় নাম তোলার আবেদন করা যায় সেখানেও আধার যেহেতু প্রামাণ্য নথি হিসাবে গ্রহণ করা হয় ঠিক সেই কারণেই এখানেও আধারকে গ্রহণ করা হবে। কিন্তু তার পাশাপাশি বাকি ১১টি নথির একটি জমা দিতে হবে নিজের নাগরিকত্ব প্রমাণ করার জন্য। পাশাপাশি স্বাস্থ্যসাথী প্রামাণ্য নথি হিসাবে গ্রহণ করার জন্য রাজ্য সরকার যে আবেদন জানিয়েছিল তাও বুধবার সিইও সম্মেলনে খারিজ করে দিয়েছে জাতীয় নির্বাচন কমিশন। সূত্রের খবর, এই বৈঠকেই ঠিক হয়েছে অক্টোবর থেকেই গোটা দেশেই এসআইআরের কাজ শুরু হয়ে যেতে পারে। এর জন্য পুরো প্রস্তুতি চলতি মাসের মধ্যেই শেষ করতে বলা হয়েছে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মুখ্য নির্বাচনী আধিকারিকদের। এদিকে বিহারে এসআইআর শুরু হতেই তা নিয়ে গোটা দেশের রাজনৈতিক মহলে অস্থিরতা কম হয়নি। বারবার সুর চড়িয়েছে বিরোধীরা। এমতাবস্থায় ভোটের কয়েক মাস আগে বাংলায় শুরু হলে জল কোনদিকে গড়ায় এখন সেটাই দেখার।

সোনিয়ার বিরুদ্ধে ‘ভোটার তালিকায় নাম’ মামলার আর্জি খারিজ, অভিযোগ টেকসই নয়, জানাল দিল্লির আদালত

নয়াদিল্লি, ১১ সেপ্টেম্বরঃ বিতর্কের অবসান ঘটিয়ে দিল্লির আদালত বৃহস্পতিবার কংগ্রেসের শীর্ষনেত্রী সোনিয়া গান্ধির বিরুদ্ধে দায়ের করতে চাওয়া মামলার আর্জি খারিজ করে দিল। অভিযোগ ছিল, ভারতীয় নাগরিকত্ব গ্রহণের আগে তাঁর নাম নাকি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছিল। অভিযোগকারীর দাবি, ১৯৮০ সালের জানুয়ারিতেই প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধির সরকারি বাসভবনে ভোটার তালিকায় নাকি সোনিয়ার নাম যুক্ত করা হয়েছিল। অথচ তিনি ভারতীয় নাগরিকত্ব পান ১৯৮৩ সালের ৩০ এপ্রিল। এই তথ্যের ভিত্তিতেই সোনিয়ার বিরুদ্ধে ফৌজদারি মামলা রুজুর আবেদন জানানো হয়। তবে আদালত জানায়, এই অভিযোগ টেকসই নয়। ফলে মামলার প্রক্রিয়া এগোয়নি। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ধারা ১৭৫(৪) এর অধীনে আবেদনটি দাখিল করা হয়েছিল। এই ধারা অনুযায়ী একজন ম্যাজিস্ট্রেটকে তদন্তের নির্দেশ দিতে পারেন। তাই মামলাকারী ম্যাজিস্ট্রেটের কাছে পুলিশকে এফআইআর নথিভুক্ত করার এবং জালিয়াতির তদন্তের নির্দেশ দেওয়ার জন্য অনুরোধ করেছিলেন। এ দিন অ্যাডিশনাল চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বৈভব চৌরাসিয়া সোনিয়া গান্ধির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার এই আবেদনটি খারিজ করে দেন। গত মাসে বিজেপির আইটি সেলের প্রধান অমিত মালব্য ১৯৮০ সালের নির্বাচনী তালিকার কিছু অংশ প্রকাশ করে দাবি করেছিলেন, সোনিয়া গান্ধির নাম গান্ধি পরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে তালিকায় উঠে এসেছিল। তাঁর অভিযোগ, নাগরিকত্বের আগেই ভোটার তালিকায় নাম তোলা হয়েছিল এবং ১৯৮২ সালে জনসমালোচনার জেরে তা মুছেও দেওয়া হয়। পরে আবার ১৯৮৩ সালে নাম ফিরিয়ে আনা হয়, যা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। মালব্যর বক্তব্য, যখন পুনরায় তালিকা সংশোধন হয়, তার যোগ্যতা নির্ধারণের দিন ছিল ১৯৮৩ সালের ১ জানুয়ারি। অথচ সোনিয়া গান্ধি নাগরিকত্ব পান সেই বছরের ৩০ এপ্রিল। তাহলে কীভাবে তাঁর নাম ফের অন্তর্ভুক্ত হল? বস্তুত, সোনিয়ার জন্ম ১৯৪৬ সালে ইতালিতে। তখন তাঁর নাম ছিল সোনিয়া মাইনো। ১৯৬৮ সালে তাঁর সঙ্গে রাজীব গান্ধির বিয়ে হওয়ার পর গান্ধি পরিবারের অংশ হয়ে ওঠেন সোনিয়া, জুড়ে নেন গান্ধি পদবি। কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধির নাগরিকত্ব পাওয়ার আগে ভোটার তালিকায় নাম তোলার অভিযোগ করেছিল বিজেপি। ধোপেই টিকল না ওই অভিযোগ। সেই আবেদনই বৃহস্পতিবার খারিজ করে দিল দিল্লির আদালত।

শিক্ষামন্ত্রীর বাড়ির এলাকায় ঢুকে এক সপ্তাহের ‘ডেডলাইন’ চাকরিপ্রার্থীদের

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ সেপ্টেম্বরঃ সকাল থেকেই ফের উত্তাল রাজপথ। দ্রুত নিয়োগের দাবিতে রাস্তায় নেমেছেন ২০২২ সালের উত্তীর্ণরা। তুমুল বিক্ষোভ চলল বিধানসভায়। ‘পাশ করে কি ভুল করেছি?’ রাস্তায় বসে প্রশ্ন আন্দোলনকারীদের। যদিও শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলছেন, এই আন্দোলন অর্থহীন। খুব দ্রুত যেখানে পর্ষদ ভ্যাকেন্সি লিস্ট পাবলিশ করতে যাচ্ছে, এক-দু’দিনের মধ্যে যা বের হবে তার আগে এই আন্দোলনের পিছনে কী উদ্দেশ্য আছে আমি জানি না। আন্দোলনকারীরা এদিন সন্ধ্যায় পৌঁছে গেলেন শিক্ষামন্ত্রীর কালিংদর বাড়ির এলাকাতেও। তবে সেখানেও তাঁদের পুলিশি বাধার মুখে পড়তে হয়। যশোর রোডের পাশেই প্ল্যাকার্ড, পোস্টার নিয়ে স্লোগান শুরু করে দেন আন্দোলনকারীরা। তুলনা টানলেন নেপালের পরিস্থিতির সঙ্গেও। বিদেশ গাজি নামে এক চাকরিপ্রার্থী স্পষ্ট বললেন, নেপালে হওয়া গণ অভ্যুত্থানের পিছনে রয়েছে বেকারত্ব, স্বজনপোশন এবং দুর্নীতি। আর এই তিনটি বিষয় পশ্চিমবঙ্গের ক্ষেত্রে প্রাসঙ্গিক। এই তিন পরিস্থিতির কারণে গণ আন্দোলনের দ্বারা সরকার উৎখাত হল।

কালো চশমা পরে আদালতে ‘হাজিরা’ পার্থর, ‘নির্দোষ’ দাবি করে দায় ঠেললেন অন্য দু’জনের দিকে

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ সেপ্টেম্বরঃ তিনি যে নির্দোষ এই দাবি পার্থ প্রথম করছেন না। বহুবার করেছেন। আদালত কক্ষেই করেছেন। একই ভাবে করলেন বৃহস্পতিবারও। এদিন একাদশ ও দ্বাদশে নিয়োগ দুর্নীতি মামলায় পার্থ-সহ মোট ২১ জনের বিরুদ্ধে চার্জ গঠন করলেন আলিপুরে সিবিআইয়ের বিশেষ আদালতের বিচারক বিশ্বরূপ শেঠ। সিবিআইয়ের করা কোনও মামলায় এই প্রথমবার গঠন হল চার্জ। কিছুদিনের মধ্যেই শুরু হবে বিচারপ্রক্রিয়া। এদিন আদালত কক্ষে চার্জ গঠনের শুনানি চলাকালীন মামলা থেকে অব্যাহতি চান প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। ভার্চুয়ালিই আদালতে হাজিরা দেন তিনি। চোখে ছিল কালো চশমা। সূত্রের খবর, বুধবারই শহরের একটি বেসরকারি হাসপাতাল থেকে চোখে অপারেশন করিয়েছেন নিয়োগ দুর্নীতি মামলায় জেলবন্দি প্রাক্তন শিক্ষামন্ত্রী। ভার্চুয়ালি শুনানিতে যোগ দিয়েই পার্থ নিজেকে নির্দোষ বলে দাবি করেন। তাঁর কথায়, ‘‘আমি শিক্ষামন্ত্রী ছিলাম। আমি নির্দোষ। যারা বলছেন, তারা সম্পূর্ণ অস কথা বলছেন। আমি সম্পূর্ণভাবে নির্দোষ।’’ এরপরেই ইঙ্গিতে কল্যাণময় গঙ্গোপাধ্যায় ও সুবীরেশ ভট্টাচার্যের দিকে দায় ঠেলে দিতে দেখা যায় তাঁকে। নিয়োগ দুর্নীতি মামলায় মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায় এবং এসএসসির প্রাক্তন চেয়ারম্যান সুবীরেশ ভট্টাচার্যের ভূমিকা নিয়ে একাধিক প্রশ্ন উঠেছিল। বর্তমানে তারা জেলে। এদিন বিচারকের মুখেও শোনা যায় তাদের কথা। শোনা যায়, এসএসসি উপদেষ্টা কমিটির প্রধান শান্তিপ্রসাদ সিনহার কথাও। পার্থর উদ্দেশে বিচারক বিশ্বরূপ শেঠ বলেন, ‘‘আপনি এসপি সিনহা, কল্যাণময়দের পদে বসিয়েছিলেন।’’ যার পাল্টা পার্থ

বলেন, ‘‘আমি নির্দোষ। আমার একটা সম্মান রয়েছে। আমি ২৫ বছর ধরে বিধায়ক। আমাকে সাড়ে তিন বছর ধরে আটকে রাখা হয়েছে। এবার আমাকে মুক্তি দিন। এসএসসি একটি সম্পূর্ণ স্বশাসিত সংস্থা। ওরা নিজেরা নিয়োগ করেছে। আমি মন্ত্রী হওয়ার আগে থেকেই সুবীরেশ চেয়ারম্যান ছিল। এমনকি, আমি মন্ত্রী হওয়ার আগেই কল্যান মধ্যশিক্ষা পরিষদে ছিলেন। আমি নির্দোষ।’’ সবশেষে পার্থ অব্যহতি চাইলেও, তিনি তা পাননি। আর্জি খারিজ করে চার্জ তাকে যুক্ত করেছে আলিপুরের বিশেষ সিবিআই আদালত।

‘আমরা মরে যেতে চাই’, পুলিশের পায়ে ধরে হাউহাউ কান্না, তুমুল বিক্ষোভ বিধানসভার সামনে

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ সেপ্টেম্বরঃ কেউ রাস্তায় শুয়ে স্লোগান দিচ্ছেন, কেউ বসে কাঁদছেন, কেউ পুলিশের পায়ে ধরে হাউহাউ করে কাঁদছেন। ফের চাকরির দাবিতে বিক্ষোভের ছবি শহরে। এবার ২০২২-এর টেট প্রার্থীরা রাস্তায় নেমেছেন। কোনও বেনিয়মের অভিযোগ না থাকা সত্ত্বেও কেন নিয়োগ হচ্ছে না, এই প্রশ্ন তুলে প্রতিবাদে সামিল হয়েছেন প্রার্থীরা। এদিন পরিকল্পিতভাবেই এসপ্লানেডে জড় হন প্রার্থীরা। তাঁদের বক্তব্য, প্রাথমিক শিক্ষা পর্ষদের চেয়ারম্যান বলেছিলেন, প্রতি বছর দু বার করে টেট হবে। তা তো হয়নি, এমনকী ২০২২-এ যে টেট পরীক্ষা হয়, তার ভিত্তিতে নিয়োগও হয়নি। তিন বছর ধরে এই নিয়োগের দাবি জানিয়ে আসছেন তাঁরা। প্রার্থীরা বলছেন, ‘‘পাশ করে কি ভুল করেছি?’’ কেউ বলছেন, ‘আমরা মরে যেতে চাই, সেই ব্যবস্থা অন্তত করা হোক।’’ ২০২২ সালের ওই পরীক্ষার ফল প্রকাশ হয়েছে ২০২৩ সালেই। প্রার্থীদের একটাই বক্তব্য, স্বচ্ছভাবে টেট পাশ করা সত্ত্বেও কেন তিন বছর ধরে সরকার নিয়োগ করছে না। তাঁদের কথায়, ‘‘অযোগ্যদের জন্য সরকারের ভাবনা আছে, আমাদের জন্য নেই।’’ আগেও এই টেট প্রার্থীরা শহরের বিভিন্ন জায়গায় আন্দোলন করেছেন। আর এদিন সেই বিক্ষোভ বড় আকার নেয়। পুলিশ প্রাথমিকভাবে আন্দোলনকারীদের বোঝানোর চেষ্টা করেন। কিন্তু তাঁরা ক্রমশ এগিয়ে যান বিধানসভার সামনে। ঘটনাস্থলে উপস্থিত ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায় সহ একাধিক আধিকারিক। ওই এলাকা শহরের অন্যতম ‘হাই সিকিউরিটি জোন’। তাই ওই জায়গা খালি করতে তৎপর হয় পুলিশ। তবে তাতে কোনও লাভ না হওয়ায় টেনে হিঁচড়ে আন্দোলনকারীদের প্রিজন ভ্যানে তোলা হয়। বিক্ষোভের এই পরিস্থিতিতে বন্ধ হয়ে যায় ওই এলাকার যান চলাচল। পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করছে পুলিশ।

বন্যা বিধ্বস্ত উত্তরাখণ্ডের পাশে প্রধানমন্ত্রী, ১২০০ কোটির সাহায্য ঘোষণা বৃহস্পতিবার

দেরাদুন, ১১ সেপ্টেম্বরঃ বন্যা ও ধসে বিপর্যস্ত উত্তরাখণ্ড। বৃহস্পতিবার পরিস্থিতি খতিয়ে দেখতে পৌঁছন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দেরাদুন বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামী। পৌঁছেই প্রধানমন্ত্রী রাজ্যের উদ্ধার ও ত্রাণ কার্যকলাপ নিয়ে উচ্চ পর্যায়ের পর্যালোচনা বৈঠক করেন। তারপরই ঘোষণা করেন ১,২০০ কোটি টাকার আর্থিক সাহায্যের। উত্তরাখণ্ডের ক্ষতিগ্রস্ত পরিবার ও পুনর্বাসনের জন্য এই টাকা খরচ করা হবে বলে জানিয়েছেন তিনি। ত্রাণ হিসেবে কেন্দ্রীয় সরকারের তরফে মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা করে অনুদান দেওয়া হবে। আহতরা পাবেন ৫০ হাজার টাকা করে। এ ছাড়া, এই দুর্যোগে যেসব শিশু অনাথ হয়েছে, তাদের জন্য থাকছে বিশেষ সহায়তা। পিএম কেয়ার্স ফর চিলড্রেন প্রকল্পের আওতায় তাদের সম্পূর্ণ সুরক্ষা ও দেখভালের ব্যবস্থা করবে কেন্দ্র। এ দিন প্রধানমন্ত্রী সরাসরি বিপর্যস্ত পরিবারগুলির সঙ্গে দেখা করেন, তাঁদের পাশে থাকার আশ্বাস দেন। পাশাপাশি, এনডিআরএফ, এসডিআরএফ এবং অন্যান্য স্বেচ্ছাসেবক কর্মীদের সঙ্গে কথা বলে তাঁদের কাজের প্রশংসা করেন এদিন। কেন্দ্র জানিয়েছে, ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি পুনর্নির্মাণের জন্য বিশেষ প্রকল্প নেওয়া হবে পিএম আবাস যোজনার মাধ্যমে। ধসে ও বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা, স্কুল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ পরিকাঠামো পুনর্গঠনে পুরোপুরি সাহায্য করবে কেন্দ্র। ইতিমধ্যেই কেন্দ্রীয় দলের সদস্যরা ক্ষয়ক্ষতির পূর্ণাঙ্গ হিসাব নেওয়ার কাজ শুরু করেছেন। তাঁদের রিপোর্টের ভিত্তিতে আরও সাহায্যের আশ্বাস দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর আর্থিক প্যাকেজকে স্বাগত জানিয়েছেন মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামী।

‘টুকরে টুকরে গ্যাঙের মানসিকতা মুখ্যমন্ত্রীর’ প্রাক্তন সেনাদের প্রতিবাদ মঞ্চ থেকে সরব শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ সেপ্টেম্বরঃ সেনাকে অপমানের প্রতিবাদে মেয়ো রোডে অবস্থান বিক্ষোভ চালাচ্ছেন প্রাক্তন সেনাকর্মীরা। সেই মঞ্চে পৌঁছে যান রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সেনাকে কেন অপমান? প্রশ্ন তুলে সরব শুভেন্দু। বললেন, টুকরে টুকরে গ্যাঙের মানসিকতা মুখ্যমন্ত্রীর। শুভেন্দু বলেন, ‘‘সেনারা কেন পালাবে, সেনাদের দেখেই ছারপোকা পালিয়েছে ডোরিনা ক্রসিং। আমাদের দেশের সেনাকে দেখে চিন পালায়, পাকিস্তান পা ধরে।’’ শুভেন্দুর অভিযোগ, এই প্রথমবার নয়, এর আগেও সেনাকে অপমান করেছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ‘‘প্রত্যেক ঘটনাতে সেনাকে অপমান করা হয়েছে। অবন্তিপোরায় জঙ্গি হামলার পর যখন আমাদের বায়ুসেনা যখন ভিতরে ঢুকে মেরে এসেছিল, তখন মুখ্যমন্ত্রী নবান্নের গেটের বাইরে দাঁড়িয়ে প্রশ্ন করেছিলেন, প্রমাণ কোথায়?’’ শুভেন্দুর অতীতের একটি ঘটনা তুলে ধরে বলেন, ‘‘মুখ্যমন্ত্রী একবার সারা রাত নবান্নে কাটিয়েছেন। কেন জানেন? আর্মি একটা সার্ভে করে। বড় বড় ব্রিজে কত গাড়ি যাতায়াত করে ইন্টারন্যাশানালি, সেটাকে কাউন্ট করার একটা সার্ভে হয় কয়েক বছর অন্তর অন্তর। এক বছর গাড়ি কাউন্ট করছিল দ্বিতীয় হুগলি সেতুতে। তখন মুখ্যমন্ত্রী বলে ওঠেন, আর্মি ঢুকে পড়েছে!’’ ঘটনার রেশ ধরেই শুভেন্দু বলতে থাকেন, ‘‘মুখ্যমন্ত্রী

বলেছিলেন, এটা যেন আলাদা দেশ, যে সেনা ঢুকে পড়ল? কেন? তার প্রতিবাদে তিনি সেই রাতে নবান্নে ছিলেন।’’ শুভেন্দুর প্রশ্ন, ‘‘এই কোন ধরনের মানসিকতা? এটা দেশ বিরোধীদের মানসিকতা।’’ তখনই তিনি অভিযোগ করেন, টুকরে টুকরে গ্যাঙের মানসিকতা মুখ্যমন্ত্রীর। ঘটনার সূত্রপাত, মেয়ো রোডে তৃণমূলের প্রতিবাদ মঞ্চ ঘিরে। বাংলা ভাষা ও বাঙালিদের ওপর হেনস্থার অভিযোগ তুলে মেয়ো রোডে প্রতিবাদে বসেছিল তৃণমূল। কিন্তু গত মাসে শেষের দিকে, সেই মঞ্চ খুলে দেয় সেনা। সেনার বক্তব্য, প্রতিবাদ মঞ্চের জন্য তৃণমূলের পক্ষ থেকে দুদিনের অনুমতি চাওয়া হয়েছিল। কিন্তু মঞ্চের কাঠামো দিনের পর দিন বাঁধা ছিল। তাই সেনাকর্মীরা গিয়ে সেই মঞ্চের বাঁশ খুলে দেন। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছন মুখ্যমন্ত্রী তথা নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তীব্র প্রতিবাদ জানান তিনি। তারপরই মঞ্চ থেকে তিনি বলেন, ‘‘আমাকে দেখে ২০০ সেনা পালিয়েছে। আমি বললাম আপনারা কেন পালাচ্ছেন। আপনারা বিজেপির কথায় এটা করেছেন। আইন শৃঙ্খলা রাজ্যের বিষয়। কোনও সমস্যা থাকলে আমাদের আগে জানাতে পারতেন।’’ মুখ্যমন্ত্রীর এই মন্তব্য ঘিরে শুরু হয় জোর রাজনৈতিক চর্চা। জল গড়ায় আদালত পর্যন্ত। মেয়ো রোডে প্রতিবাদে বসতে চেয়ে আদালতের দ্বারস্থ হন প্রাক্তন সেনা কর্মীরা। অভিযোগ ওঠে, প্রশাসন ও কলকাতা পুলিশ তাঁদের অনুমতি দিচ্ছে না। সে প্রসঙ্গেও এদিন শুভেন্দু বলেন, ‘‘ওঁদের কেউ পঁচিশ বছর, কেউ কুড়ি বছর, জীবনের যে প্রাইম টাইম, তাঁরা দেশের সেবায় নিয়োজিত করেছেন। এখনও দেশকে শক্তিশালী করার জন্য কাজ করছেন। তাঁদের যে অপমান করা হয়েছে, তাঁরা প্রতিবাদ করতে এখানে বসতে চান। কলকাতা পুলিশ ও রাজ্য সরকার অনেক শর্ত চাপিয়েছে, যাতে এখানে কোনওভাবেই করতে না পারেন।

‘কেউ নিজের কাজটুকু না করলে, আদালত কি হাত গুটিয়ে বসে থাকবে?

নয়াদিল্লি, ১১ সেপ্টেম্বরঃ কেউ যতই উচ্চপদস্থ হোক না, তারা আইনের নীচেই থাকবে, কড়া বার্তা দেশের প্রধানবিচারপতি বিআর গবাইয়ের। কেন্দ্রকে সমঝে দিলেন তিনি। কিন্তু কেন এমন কথা বলতে হল তাঁকে? বৃহস্পতিবার শীর্ষ আদালতে রাষ্ট্রপতি ও রাজ্যপালের বিলে সম্মতি সংক্রান্ত সময়সীমা নিয়ে চলা শুনানির মাঝে কেন্দ্রের তরফে একটি হলফনামা জমা দিলেন সলিসিটর জেনারেল তুষার মেহতা। সেই হলফনামায় শীর্ষ আদালতকে সলিসিটর জেনারেল বলেছেন, রাজ্যপাল কখনও তিন-চার বছর ধরে একটি বিলকে নিজের কাছে স্থগিত রেখে দিতে পারেন না। সম্মতি অথবা খারিজ তাঁকে করতেই হবে। কিন্তু রাজ্যপাল সেই কাজ কবে রাষ্ট্রপতিকে সময় বেঁধে দিয়ে কোনও বিল অনুমোদন বা খারিজের নির্দেশ দিয়েছিল দেশের শীর্ষ আদালত। তারপরই দেশজুড়ে শুরু হয়েছে তরজা। বিচারবিভাগের সঙ্গে এক ‘অলিখিত’ দ্বন্দ্ব তৈরি হয়েছে কেন্দ্রের, মত বিশেষজ্ঞদের। রাজ্যপাল বা রাষ্ট্রপতিকে আদালতের সময় বেঁধে দেওয়াকে কার্যত ‘এক্তিয়ার বহির্ভূত’ বলেই দাগানোর চেষ্টা করেছে কেন্দ্র। বৃহস্পতিবার সেই সপক্ষে একটি পরিসংখ্যানও তুলে ধরেছেন সলিসিটর জেনারেল। শীর্ষ আদালতকে তিনি জানিয়েছেন, গত ৫৫ বছরে ২০টি বিলে সম্মতি স্থগিত করা হয়েছে। আর অন্যদিকে, ৯০ শতাংশ বিল এক মাসের মধ্যেই সম্মতি পেয়েছে। কিন্তু কিছু ক্ষেত্রে ব্যাতিক্রমও দেখা গিয়েছে, যখন

করবেন, তার জন্য কেউ সময়সীমাও বেঁধে দিতে পারেন না। এই হলফনামায় আবারও অনুচ্ছেদ ২০০-এর কথা উল্লেখ করেছেন সলিসিটর জেনারেল। এই বিশেষ অনুচ্ছেদই রাজ্যপালকে বিল অনুমোদন বা খারিজ করার ক্ষমতা দিয়ে থাকে। কেন্দ্রের দাবি, অনুচ্ছেদ ২০০ অনুযায়ী, রাজ্যপালকে যত দ্রুত সম্ভব একটি বিলে সম্মতি বা সেটিকে খারিজ করতে হবে। কিন্তু সেক্ষেত্রে রাজ্যপালকে কোনও সময় বেঁধে দেওয়া যাবে না। বলে রাখা ভাল, সম্প্রতি রাজ্যপাল ও বিলের জটিলতার কারণে সেটি পাশ হতে অথবা খারিজ হতে অনেকটা সময় প্রয়োজন হয়েছে। যার পাল্টা দেশের প্রধানবিচারপতি বিআর গবাই বলেন, ‘‘কেউ যত বড়ই পদে বসে থাকুক না কেন, তিনি আইনের নীচেই। ক্ষমতার পার্থক্য থাকা প্রয়োজন। বিচারবিভাগীয় পর্যবেক্ষণ থাকাও প্রয়োজন। কিন্তু বিচারবিভাগীয় সন্ত্রাস তৈরি হওয়া উচিত নয়। আর কোনও সাংবিধানিক কর্মকর্তা যদি ঠিক মতো নিজের কাজ না করেন, তা হলে সংবিধানের রক্ষা কর্তারা হাত গুটিয়ে বসে থাকবে?’’

রাহুলের লক্ষ্মণরেখা ভাঙা নিয়ে খাড়্গের কাছে নালিশের ফর্দ পাঠাল বাহিনী

নয়াদিল্লি, ১১ সেপ্টেম্বরঃ কংগ্রেস নেতা রাহুল গান্ধির বিরুদ্ধে দলের সভাপতির কাছে বিশাল নালিশের ফর্দ পাঠাল সিআরপিএফ। বহুবার বলা সত্ত্বেও লোকসভার বিরোধী দলনেতা নিরাপত্তাবিধি ভঙ্গ করছেন বলে অভিযোগ কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর। বৃহস্পতিবার এ ব্যাপারে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গের কাছে উদ্বেগ প্রকাশ করে বলা হয়েছে, বিদেশযাত্রাকালেও তিনি নিরাপত্তাবিধি অমান্য করেছেন। শুধু তাই নয়, এভাবে নিরাপত্তার ঘেরাটোপ বারবার অগ্রাহ্য করলে তাঁর জীবনে গুরুতর ঝুঁকি আসতে পারে। রাজ্যসভার বিরোধী দলনেতা খাড়্গেকে সিআরপিএফ রাহুল গান্ধির সিকিউরিটি প্রটোকল ভাঙা নিয়ে চিঠি দিয়ে জানিয়েছে। বাহিনী লিখেছে, অ্যাডভান্সড সিকিউরিটি লিয়াজোঁ দল সহ রাহুল গান্ধি জেড প্লাস ক্যাটেগরির নিরাপত্তা পান। কিন্তু, বহু ক্ষেত্রে বিভিন্ন অনুষ্ঠানে তিনি ন্যূনতম বিধি মান্য করে চলেন না। সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স পৃথক আরেকটি চিঠি দিয়েছে খোদ রাহুল গান্ধিকে। তারা জানিয়েছে, তিনি যেভাবে বিধি লঙ্ঘন করছেন, তাতে তাঁর নিরাপত্তা বিপদের মুখে পড়তে পারে। সরকারি কর্তারা সংবাদ সংস্থাকে জানান, রাহুলের নিরাপত্তাবিধি ভঙ্গ রীতিমতো উদ্বেগের বিষয়। ভবিষ্যতে তিনি যেন নিয়ম মেনে চলাফেরা করেন।

সিআরপিএফ স্পষ্ট জানিয়েছে, প্রথাগত যে নিরাপত্তাবিধি অনুসরণ করা হয়, তা ভেঙে ফেললে সুরক্ষা দেওয়ার ব্যাপারেও অসুবিধায় পড়তে হয় দায়িত্বশীল আধিকারিকদের। ভিভিআইপিদের জন্য সুরক্ষা ব্যবস্থা আগাম তৈরি করা থাকে। হঠাৎ করে তা উপেক্ষা করলে মারাত্মক ঝুঁকি তৈরি হতে পারে। চিঠিতে রাহুলের বিদেশযাত্রার দৃষ্টান্ত দেওয়া হয়েছে। তিনি ইতালি, ভিয়েতনাম, কাতার, লন্ডন ও মালয়েশিয়া ভ্রমণে গিয়েছেন। তিনি প্রায়শই ব্যক্তিগত ও রাজনৈতিক কারণে বিদেশ ভ্রমণ করেন। নিরাপত্তাবিধির ইয়েলো বুক প্রটোকল অনুযায়ী ভিভিআইপিদের উচিত এজেন্সিকে আগাম যাত্রাপথ ও কর্মসূচি জানিয়ে দেওয়া। যার মধ্যে বিদেশযাত্রাও আছে। যাতে এজেন্সির লোকজন সুবিধামতো সুরক্ষা কবচ তৈরি করতে পারে। কিন্তু, রাহুল গান্ধি ধারাবাহিকভাবে এই বিধি অমান্য করে নিজের মতো চলছেন বলে চিঠিতে লেখা হয়েছে।

রাজ্য সরকারি কর্মীদের জন্য বড় সুযোগ! এলটিসির মেয়াদ ১ বছর বাড়ানো হল

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ সেপ্টেম্বরঃ রাজ্যের সরকারি কর্মচারীদের জন্য বড় সিদ্ধান্ত নবান্নের। রাজ্যের সরকারি কর্মীদের লিভ ট্র্যাভেল কনসেশনের মেয়াদ এবার একবছর বৃদ্ধি করল রাজ্য। একইভাবে হোম ট্র্যাভেল কনসেশন এর সময়সীমাও বৃদ্ধি করা হয়েছে। ইতিমধ্যে অর্থ দফতরের তরফে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। যা প্রকাশ্যে আসতে সরকারি কর্মচারীদের মধ্যে খুশির হাওয়া। এর ফলে, যারা নির্ধারিত সময়ের মধ্যে এই এলটিসির সুবিধা নিতে পারেননি, তারা আগামী এক বছরের মধ্যে তা গ্রহণ করতে পারবেন। নবান্ন সূত্রের খবর, বর্তমানে এনটিসি বা লিভ ট্র্যাভেল কনসেশনের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল ৩১ অক্টোবর ২০২৫। প্রতি তিনবছরে একবার এই সুবিধা পেয়ে থাকেন সরকারি কর্মচারীরা। এবার তা ৩১ অক্টোবর ২০২৬ পর্যন্ত বাড়ানো হল। একইভাবে এইচটিসি নির্ধারিত মেয়াদও এক বছর বাড়ানো হল। অর্থাৎ গত তিন বছরের মধ্যে যে সব সরকারি কর্মী এই সুবিধা নেননি, তাঁরা আগামী এক বছরের মধ্যে এই সুবিধা নিতে পারবেন। রাজ্য সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, এই এক বছরের বাড়তি সময় কেবলমাত্র একবারের জন্য দেওয়া হচ্ছে। এটি ভবিষ্যতের ছুটির ক্ষেত্রে কোনও প্রভাব ফেলবে না। অর্থাৎ পুরনো ছুটির মেয়াদ বৃদ্ধি হলেও নিয়ম মেনে চলতি বছরের ১ নভেম্বর থেকে নতুন ছুটির জন্যও আবেদন করতে পারবেন সরকারি কর্মীরা। বাকি নিয়ম ও শর্তাবলী আগের মতোই প্রযোজ্য থাকবে।

DETAILED PUBLIC STATEMENT IN ACCORDANCE WITH THE PROVISIONS OF REGULATIONS 13(4), 14(3), AND 15(2) AND SUCH OTHER APPLICABLE PROVISIONS OF THE SECURITIES AND EXCHANGE BOARD OF INDIA (SUBSTANTIAL ACQUISITION OF SHARES AND TAKEOVERS) REGULATIONS, 2011 AS AMENDED, TO THE SHAREHOLDERS OF

SHENTRACON CHEMICALS LIMITED

Corporate Identification Number L24299WB1993PLC059449

Registered Office: 6A, 3rd Floor, Kiran Shankar Roy Road, Near High Court Kolkata, Kolkata, West Bengal, 700001

Tel No.: 033-22489731 / 9538; **Email:** investor@shentracon.com; **Website:** www.shentracon.com

Open Offer for acquisition of upto 11,53,917 (Eleven Lakh Fifty-Three Thousand Nine Hundred and Seventeen) fully paid-up Equity Shares of face value of Rs. 10/- each ("Equity Shares") representing 26.00% (Twenty-Six Percent) of the fully paid-up equity and voting share capital of Shentracon Chemicals Limited. (hereinafter collectively referred to as "Target Company" or "SCL") from the Public Shareholders (as defined below), of the Target Company, at an offer price of ₹ 0.50 (Rupees Zero Point Fifty Paisa Only) per Equity Share, by Mr. Amit Lalit Jain ("Acquirer 1") and Mr. Hanissh Kanakraj Jaain ("Acquirer 2") (hereinafter collectively referred to as "Acquirers") pursuant to and in compliance with the provisions of Securities and Exchange Board of India (Substantial Acquisition of Shares and Takeovers) Regulation, 2011 as amended.

This Detailed Public Statement (the 'DPS') is being issued by **Bonanza Portfolio Limited**, the Manager to the Offer (hereinafter referred as "*BPL/ Manager to the Offer*"), for and on behalf of the Acquirers, in compliance with the provisions of Regulations 3(1) and 4 read with Regulations 13(4), 14(3), and 15(2) of the Securities and Exchange Board of India (Substantial Acquisition of Shares and Takeovers) Regulation, 2011 and subsequent amendments thereto (hereinafter referred as **"SEBI (SAST) Regulations, 2011"**) and pursuant to the Public Announcement dated Thursday, September 04, 2025, sent through email on Thursday, September 04, 2025 to Securities and Exchange Board of India ("SEBI"), BSE Limited, The Calcutta Stock Exchange Ltd and the Target Company and was filed with SEBI on September 09, 2025, in terms of Regulations 3(1) and 4 of the SEBI (SAST) Regulations.

For the purposes of this DPS, the following terms shall have the meanings assigned to them below:

a) **'BSE'** means BSE Limited;
b) **'CSE'** means The Calcutta Stock Exchange Limited;
c) **'Equity Shares'** means the fully paid-up equity shares of the Target Company of face value of ₹ 10/- each fully paid up;
d) **'Promoters/Promoter Group'** shall mean all the existing promoters/promoter group of the target company namely Savitri Devi Sureka, Sanjay Sureka, Jagdish Prasad Sureka HUF, Manju Banka, Shentracon Finalease Private Limited, Shentracon Financial Services Limited, Shentracon Holdings Private Limited, Satya Leasing Company Limited and Prismo (India) Limited.
e) **'Public Shareholders'** shall mean all the public shareholders of the Target Company who are eligible to tender their Equity Shares in the Open Offer, excluding the Acquirers, the existing promoters of the Target Company, and the parties to the Share Purchase Agreement including persons deemed to be acting in concert with such parties to the Share Purchase Agreement, if any;
f) **'SEBI'** means the Securities and Exchange Board of India;
g) **'SEBI (LODR) Regulations'** means Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 and subsequent amendment thereto.
h) **'Sellers/ Selling Shareholders'** shall mean Promoter Sellers, namely Jagdish Prasad Sureka HUF (**"Seller 1"**), Savitri Devi Sureka (**"Seller 2"**), Sanjay Sureka (**"Seller 3"**), Prismo (India) Limited (**"Seller 4"**), Shentracon Holdings Private Limited (**"Seller 5"**), Shentracon Finalease Private Limited (**"Seller 6"**) and Satya Leasing Company Limited (**"Seller 7"**);
i) **'Share Purchase Agreement' or 'SPA'** refers to the share purchase agreement dated September 04, 2025 executed between the Acquirers and the Selling Shareholders, pursuant to which the Acquirers has agreed to acquire 23,17,343 (Twenty Three Lakh Seventeen Thousand Three Hundred Forty Three Only) equity shares of ₹ 10/- each, representing 52.21% (Fifty Two Point Two One) of the equity and voting share capital of the Target Company from the Selling Shareholders at a price of ₹ 0.50 (Rupees Zero Point Fifty Paisa Only) per equity share, aggregating to an amount of ₹ 11,58,671.50 (Rupees Eleven Lakh Fifty Eight Thousand Six Hundred Seventy One and Fifty Paisa Only)
j) **'Stock Exchange'** means BSE and CSE;
k) **'Tendering Period'** has the meaning ascribed to it under the SEBI (SAST) Regulations;
l) **'Voting Share Capital'** shall mean the total paid-up equity share capital /voting capital of the Target Company on a fully diluted basis as of the 10th (Tenth) Working Day from the closure of the Tendering Period for the Open Offer;
m) **'Working Day'** means any working day of the Securities and Exchange Board of India ("SEBI") Mumbai

I. DETAILS OF THE ACQUIRERS, PROMOTER SELLER, TARGET COMPANY, AND OFFER

A. INFORMATION ABOUT THE ACQUIRER(S)

A 1. Mr. Amit Jain ('Acquirer 1')

A.1 1. Mr. Amit Lalit Jain s/o Lalit Rangraj Jain, aged 36 years, an Indian Resident, currently residing at Flat D-2803, Imperial Heights, Best Nagar, Behind Oshiwara Depot, Goregaon West, Motilal Nagar, Mumbai, Maharashtra 400 104, Mob: 9773479605 and Email: amit0511kingmidas@gmail.com

A.1 2. He carries a valid passport of Republic of India and also holds a Permanent Account Number (PAN) AIBPJ7928F and DIN 05263766.

A.1 3. He has been awarded B.Sc. Information Technology Degree from Vidyalankar School of Information Technology.

A.1 4. Mr. Amit Jain has been serving as Director of Midaas H&A Private Limited since 2012, bringing over 15 years of rich experience in finance and accounts, operations and production management within the imitation jewellery sector. Leveraging his academic background in BSC Information Technology, he blends technical proficiency with practical manufacturing expertise to drive efficiency, innovation, and quality. He possesses in-depth knowledge of chemicals and electroplating processes enabling the company to maintain superior finishing standards, consistent quality, and enhanced durability across its product range. His leadership has been instrumental in optimizing procurement strategies, strengthening financial controls, streamlining operations, and expanding production capabilities.

A.1 5. He does not belong to any group.

A.1 6. He does not hold any shares of Target Company as on the date of the DPS. However, he has agreed to buy 11,58,672 equity shares by way of Share Purchase Agreement ("SPA").

A.1 7. As on the date of this DPS, he does not have any interest in Target Company, save and except the proposed shareholding to be acquired in the Target Company pursuant to SPA.

A.1 8. The Networth of the Acquirer 1 as on August 31, 2025 is ₹ 4,00,04,106 (Rupees Four Crore Four Thousand One Hundred and Six Only) as certified vide Networth Certificate dated September 05, 2025 (UDIN 25141347BMOBWL9634) issued by CA Pankaj Khandelwal (Membership No. 141347), Partner at KTM & Co., Chartered Accountants, FRN: 141449W, having office at 509, Atlanta Estate, Near Aarey Metro Station, Off Western Express Highway, Goregaon East, Mumbai 400 063, Mob No. +91 9819503328, Tel No.: 022 48019215 and Email: info@ktmco.in.

A 2. Mr. Hanissh Jaain ('Acquirer 2')

A.2 1. Mr. Hanissh Kanakraj Jaain s/o Kanakraj Rangraj Jain, aged 42 years, an Indian Resident, currently residing at Flat No. 803, 8th Floor, Anmol Prestige Co-op HSG Ltd, Anmol Complex, S. V. Road, Opp Patel Petrol Pump, Goregaon West, Motilal Nagar, Mumbai, Maharashtra 400104. Mob: 9867688833 and Email: jkhanish1982@gmail.com.

A.2 2. He carries a valid passport of Republic of India and also holds a Permanent Account Number (PAN) AFDPJ1462K and DIN 05263777.

A.2 3. He has been awarded Master of Commerce in 2005 from University of Mumbai.

A.2 4. Mr. Hanissh Jaain has been serving as Director of Midaas H&A Private Limited since 2012, bringing over 15 years of versatile experience in sales and marketing, procurement, and supplier management within the imitation jewellery industry. With a deep understanding of market trends, consumer preferences, and competitive dynamics, he has played a pivotal role in building strong domestic expanding the company's client base, and enhancing brand visibility. His expertise in procurement and supplier management ensures a robust and cost-effective supply chain, while maintaining high standards of quality and timely delivery. His relationship building skills, combined with his operational insight, have enabled Midaas H&A Private Limited to forge long-term partnerships with key clients, distributors, and raw material vendors, supporting the company's sustained growth in a competitive market.

A.2 5. He does not belong to any group.

A.2 6. He does not hold any shares of Target Company as on the date of the DPS. However, he has agreed to buy 11,58,671 equity shares by way of Share Purchase Agreement ("SPA").

A.2 7. As on the date of this DPS, he does not have any interest in Target Company, save and except the proposed shareholding to be acquired in the Target Company pursuant to SPA.

A.2 8. The Networth of the Acquirer 2 as on August 31, 2025 is Rs.4,81,69,031 (Rupees Four Crores Eighty One Lakh Sixty Nine Thousand and Thirty One Only) as certified vide Networth Certificate dated September 05, 2025 (UDIN 25141347BMOWM6897) issued by CA Pankaj Khandelwal, (Membership No. 141347), Partner at KTM & Co., Chartered Accountants, FRN: 141449W, having office at 509, Atlanta Estate, Near Aarey Metro Station, Off Western Express Highway, Goregaon East, Mumbai 400 063, Mob No. +91 9819503328, Tel No.: 022 48019215 and Email: info@ktmco.in.

A 3. Acquirers Confirmation and Undertaking

The Acquirers have confirmed, warranted, and undertaken that:

A.3 1. The Acquirers undertakes that if they acquire any equity shares of the Target Company during the Offer Period, they will inform the Stock Exchange and the Target Company within 24 hours of such acquisitions and they will not acquire any Equity Shares of the Target Company during the period between three working days prior to the commencement of the Tendering Period and until the closure of the TP in accordance with Regulation 18(6) of the Regulations.

A.3 2. Acquirers will not sell any Equity Shares of the Target Company, held, and acquired, if any, during the Offer period in terms of Regulation 25(4) of the SEBI (SAST) Regulations.

A.3 3. Acquirers are not forming part of the present promoters and promoter group of the Target Company

A.3 4. Acquirers are not related to any of the promoters, directors and key employees of the Target Company.

A.3 5. There are no directors representing Acquirers on the board of the Target Company.

A.3 6. Acquirers have not been prohibited by SEBI from dealing in securities, in terms of the provisions of Section 11B of the SEBI Act or under any other Regulation made under the SEBI Act.

A.3 7. There are no persons acting in concert ("PACs") with the Acquirers for the purpose of this Open Offer.

A.3 8. Acquirers have not been categorized nor are appearing in the 'Wilful Defaulters or a Fraudulent Borrowers' list issued by any bank, financial institution, or consortium thereof in accordance with the guidelines on wilful defaulters or fraudulent borrowers issued by the Reserve Bank of India.

A.3 9. The Acquirers have not been declared as a Fugitive Economic Offender under the Fugitive Economic Offenders Act, 2018.

A.3 10. There are no pending litigations or regulatory actions against the Acquirers that may impact the Offer.

A.3 11. The Acquirers are first cousins and share a familial relationship. Additionally, both Acquirers hold common directorship positions in Midaas H&A Private Limited

B. DETAILS OF THE SELLERS

B.1 All the Sellers are part of the Promoters/ Promoter group of Target Company, and prior to the execution of the Share Purchase Agreement dated September 04, 2025, they collectively hold 23,17,343 (Twenty-Three Lakh Seventeen Thousand Three Hundred Forty-Three Only) equity shares, representing 52.21% of the voting and equity share capital of the Target Company.

B.2 The details of the Sellers are as follows:

Name of the Seller	Nature of Entity	Part of Promoter/ Promoter Group of Target company	Equity Shares/Voting Rights held by the Promoter Seller			
			Pre-SPA Transaction		Post-SPA Transaction	
			No of Equity Shares	% of equity shareholding	No of Equity Shares	% of equity shareholding
Jagdish Prasad Sureka HUF C/O Jagdish Prasad Sureka residing at 29E, Ram Krishna Samadhi Road, Kankurgachi, Kolkata, West Bengal, 700054	HUF	Yes	1,50,000	3.38	0.00	0.00
Savitri Devi Sureka residing at 29 E, R. K. S Road, Kankurgachi S.O, Kankurgachi, Kolkata , West Bengal, 700054	Individual	Yes	6,10,700	13.76	0.00	0.00
Sanjay Sureka residing at 29 E, Ram Krishna Samadhi Road, Kankurgachi, Kolkata, West Bengal, 700054	Individual	Yes	1,59,267	3.59	0.00	0.00
Prismo (India) Limited having its registered office at 2 Ganesh Chandra Avenue, Room-No-5, Kolkata, Kolkata, West Bengal, India, 700013	Body Corporate	Yes	2,27,084	5.12	0.00	0.00
Shentracon Holdings Private Limited having its registered office 6A Kiran Sankar Roy Rd 3rd Floor, Kolkata, West Bengal, India, 700001	Body Corporate	Yes	3,72,750	8.40	0.00	0.00
Shentracon Finalease Private Limited having its registered office 6A Kiran Sankar Roy Rd 3rd Floor, Kolkata, West Bengal, India, 700001	Body Corporate	Yes	5,28,392	11.91	0.00	0.00
Satya Leasing Company Limited having its registered office 2 G C Avenue Room No 5a, 8th Floor, Kolkata, West Bengal, India, 700013	Body Corporate	Yes	2,69,150	6.06	0.00	0.00
Total			**23,17,343**	**52.21**	**0.00**	**0.00**

B.3 The Sellers do not belong to any other group.

B.4 Post the completion of the offer formalities, the seller promoters, shall not hold any equity shares of the Target Company, and shall be declassified from the promoter/promoter group.

B.5 The Promoter Sellers have not been prohibited by SEBI from dealing in securities, in terms of directions issued under Section 11B of the SEBI Act or under any other regulation made under the SEBI Act.

C. INFORMATION ABOUT THE TARGET COMPANY

C.1 The Target Company was incorporated on July 14, 1993, as Shentracon Chemicals Ltd under the provisions of Companies Act, 1956 *vide* Certificate of Incorporation issued by Registrar of Companies, West Bengal. The Corporate Identity Number of the Target Company is L24299WB1993PLC059449. There has been no change in the name of the Target Company during the last three years. The registered office of the Company is situated at 6A, 3rd Floor, Kiran Shankar Roy Road, Near High Court Kolkata, Kolkata, West Bengal, 700001; Tel: 033-22489731 / 9538, Website: www.shentracon.com; Email: investor@shentracon.com.

C.2 The Company is engaged in manufacture of sodium dichromate, basic chrome sulphate, sodium sulphate anhydrous and chrome oxide green using rotary batch of fired technology. Project for manufacture of chromium metal, an import substance product, by the internationally accepted exothermic process for the first time in the country (Source: www.shentracon.com).

C.3 The Authorized Equity Share Capital of SCL is ₹ 5,10,00,000 (Rupees Five Crore Ten Lakh Only) divided into 51,00,000 (Fifty One Lakh) equity shares of face value of ₹ 10/- each. The issued, subscribed, paid-up and listed Equity Share Capital of SCL is ₹ 4,43,81,430 (Rupees Four Crore Forty Three Lakh Eighty One Thousand Four Hundred Thirty Only) divided into 44,38,143 (Forty Four Lakh Thirty Eight Thousand One Hundred and Forty Three) equity shares of face value of ₹ 10/- each.

C.4 The Equity Shares of the Target Company are presently listed at BSE Limited and The Calcutta Stock Exchange Ltd.

C.5 The Equity shares bears ISIN 'INE00US01011', Scrip ID 'SHENTRA' and Scrip Code 530757 at BSE and 29095 at CSE. The Target Company has already established connectivity with both the Depositories *i.e.* NSDL & CDSL.

C.6 As on the date of this Detailed Public Statement, as per the data available on the BSE website, the Target Company does not have:

a. Any partly paid-up equity shares;
b. Outstanding instruments in warrants, or options or fully or partly convertible debentures/preference shares/ employee stock options, etc., which are convertible into equity shares at a later stage;
c. Equity Shares which are forfeited or kept in abeyance;
d. Outstanding Equity Shares that have been issued but not listed on any stock exchanges. (However, 12,37,143 equity shares alloted on preferential basis on 15.3.2006 were pending for Listing with CSE for which the application has been filed to CSE but was not processed due to the suspension of the Target Company on BSE during that period. Thereafter CSE filed application with SEBI for derecognizing themselves and hence the application was not processed. However, the entire issued capital is listed on the BSE as on the date of Detailed Public Statement)."

C.7 Except for 4,00,000 equity shares held by Shentracon Financial Services Ltd., which are under lock-in due to non-submission of KYC documents as per BSE directions, the Target Company has no equity shares under any lock-in obligation as on the date of this Detailed Public Statement.

C.8 The Status of Listing and Suspension of Equity Shares of the Target Company:

a. Trading in the equity shares of the Target Company was **suspended by BSE with effect from September 10, 2001**, due to prolonged non-compliance with listing requirements. The suspension was primarily attributed to **regulatory and governance-related deficiencies**, rather than any accounting irregularities or fraud.

b. As per disclosures made in filings with the stock exchange and detailed in the Directors' Report, the key reasons for the suspension included:
i. Non-compliance with SEBI Listing and Disclosure Regulations, specifically under the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 ("SEBI LODR");
ii. Violations of SEBI (Substantial Acquisition of Shares and Takeovers) Regulations, 2011 ("SEBI SAST Regulations");
iii. Non-compliance with SEBI (Prohibition of Insider Trading) Regulations and Depository-related requirements;
iv. Operational and procedural issues, including:
- Promoters' shareholding not being fully dematerialized;
- Deficiencies in statutory filings and disclosures;
- Non-payment of listing fees and lapses in procedural compliance with the exchange;
- Gaps in compliance with independent director requirements (e.g., registration with the independent Directors' databank and completion of prescribed proficiency test).

c. In order to seek revocation of the suspension and achieve relisting, the Target Company undertook comprehensive corrective actions, including:
i. **Filing of all pending financial statements and annual reports;**
ii. **Submission of updated corporate governance reports and shareholding pattern;**
iii. **Appointment of a qualified Company Secretary / Compliance Officer;**
iv. **Reconstitution of the Board of Directors** in compliance with the SEBI LODR requirements;
v. **Payment of all outstanding dues**, including historical listing fees and applicable penalties, to BSE.

d. Following these actions, **BSE and CSE**, vide their letters dated **July 14, 2025**, and **January 13, 2025**, respectively, **granted in-principle approval** for revocation of suspension, subject to payment of reinstatement fees and completion of the remaining formalities.

e. Subsequently, BSE issued a **public notice on August 11, 2025**, confirming the revocation of the suspension.

f. Accordingly, **trading in the equity shares of the Target Company resumed on BSE with effect from August 19, 2025**, under the **"P" Group**, through a **Special Pre-Open Session (Relist Session)**.

C.9 There has been no merger, de-merger and spin off in the last three years in the Target Company

C.10 There are no pending litigations or regulatory actions against the Target Company that may impact the Offer.

C.11 Based on the information available from BSE, the equity shares of the Target Company are infrequently traded on BSE within the meaning of Regulation 2(1)(j) of the SEBI (SAST) Regulations.

C.12 The extract of the financial information based on the unaudited and limited reviewed financial statements for the quarter ended June 30, 2025 and audited financial statements for the financial years March 31, 2025, March 31, 2024, and March 31, 2023, are as under:

(Amount in lakhs except EPS)

Particulars	Unaudited and Limited Reviewed Financial Statements for the quarter ended June 30, 2025*	Audited Financial Statements for the Financial Year ending March 31		
		2025	2024	2023
Total Revenue	12.00*	17.86	0.02	1.71
Net Income (Profit after tax)	7.07*	(29.90)	(10.70)	(9.80)
Earnings per share (EPS) before Extraordinary items	0.16*	(0.01)	(0.24)	(0.22)
Net Worth	-	(192.45)	(162.56)	(151.86)

* *Not Annualized*

The financial information of the Target Company is extracted from the audited financial statements filed with the BSE as per Regulation 33 of Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulation, 2015.

C.13 The present Board of Directors of Target Company are as follows:

Sr. No.	Name	Date of Appointment	DIN	Designation
1	Sanjay Sureka	19/12/2017	00491454	Non-Executive - Non-Independent Director
2	Garima Sureka	29/06/2024	07138785	Non-Executive - Non-Independent Director
3	Chandi Das Chakraborty	14/02/2017	07688518	Independent Director
4	Milan Sardar	23/08/2024	08470284	Non-Executive - Independent Director

Source: MCA Website and BSE Limited

D. DETAILS OF THE OFFER

D.1 The Acquirers has made the Offer in accordance with the Regulations 3(1) and 4 of the SEBI (SAST) Regulations, to acquire upto 11,53,917 equity shares of ₹ 10/- each representing 26.00% of the equity and voting share capital of Shentracon Chemicals Limited (the **"Offer Size"**), at an Offer Price of ₹ 0.50 (Rupees Zero Point Fifty Paisa Only) per equity share/ voting rights from the public shareholders of the Target Company. Assuming full acceptance, the total consideration payable by the Acquirers under this Offer, at an Offer Price, aggregates to ₹ 5,76,958.50 (Rupees Five Lakh Seventy Six Thousand Nine Hundred and Fifty Eight Point Fifty Paisa Only) payable in cash, in accordance with the provisions of Regulation 9(1)(a) of the SEBI (SAST) Regulations, subject to the terms and conditions set out in the Offer Document.

D.2 This Offer is being made to all the shareholders of the Target Company, except to the parties to the Share Purchase Agreement ("SPA") including persons deemed to be acting in concert with such parties.

D.3 This Offer is not conditional upon any minimum level of acceptance by the public shareholders of the Target Company in terms of Regulation 19(1) of SEBI (SAST) Regulations and is not a competing offer in terms of Regulation 20 of SEBI (SAST) Regulations.

D.4 The Manager to the Offer, Bonanza Portfolio Limited, does not hold any Equity Shares in the Target Company as on the date of this DPS. The Manager to the Offer further declares and undertakes that, they will not deal in their own account in the equity shares of the Target Company, during the period commencing from the date of their appointment as Manager to the Offer until the expiry of 15 (Fifteen) Days from the date of Closure of this Offer.

D.5 To the best of the knowledge and belief of the Acquirers, there are no statutory and other approvals required to be obtained to complete the Underlying Transaction contemplated under the SPA or to complete this Open Offer. However, it will be subject to all statutory approvals that may become applicable at a later date.

D.6 The Acquirers intend to retain the listing status of Target Company and no delisting offer is proposed to be made.

D.7 In terms of Regulation 23(1) of SEBI (SAST) Regulations, in the event that any of the conditions stipulated in SPA, as set out in Part II (Background to the Offer), are not satisfied or are finally refused or are otherwise not met with for reasons outside the reasonable control of the Acquirers, this Offer shall stand withdrawn. In the event of such withdrawal, a Public Announcement shall be made within 2 (two) working days of such withdrawal, in the same newspapers in which this DPS has been published and such Public Announcement will also be sent to SEBI, BSE and to the Target Company at its Registered Office, in accordance with the provisions of Regulation 23(2) of the SEBI (SAST) Regulations.

D.8 This Detailed Public Statement is being published in the following newspapers:

Publication	Language	Edition
Financial Express	English	All Edition
Jansatta	Hindi	All Edition
Mumbai Lakshadeep	Marathi	Mumbai Edition
Duranta Barta	Bengali	Kolkata Edition

D.9 If the Acquirers acquire equity shares of the Target Company during the period of 26 (Twenty-Six) weeks after the Tendering Period at a price higher than the Offer Price, then the Acquirers shall pay the difference between the highest acquisition price and the Offer Price to all Public Shareholders whose Shares have been accepted in the Offer within 60 (Sixty) days from the date of such acquisition. However, no such difference shall be paid if such acquisition is made under another open offer under the SEBI (SAST) Regulations, or pursuant to Securities and Exchange Board of India (Delisting of Equity Shares) Regulations, 2021, including subsequent amendments thereto, or open market purchases made in the ordinary course on the stock exchanges, not being negotiated acquisition of Equity Shares of the Target Company in any form.

Name of the Work: **Construction of M.S. fabricated store room after developing the RCC foundation, adjacent to the office annex building at RWPS Campus.** Estimated Amount: ₹ **4,90,497.00.** Earnest Money: ₹ **9,810.00**. Period of Completion: **21 days.**
Last date and time of receipt/opening of Tender (Online): **23.09.2025 at 2.00 p.m./ 25.09.2025 at 2.00 p.m.** (for Sl. No. 1 & 2). The bid forms and other details will be available shortly from the website **https://wbtenders.gov.in** (for Sl. No. 1) & **https://etender.wb.nic.in** (for Sl. No. 2).

The **Executive Engineer, Water Supply (West), KMC** invites e-tender for the following works :–
1. NIT No.: **KMC/WS/W79-26/T-32/25-26**
Name of the Work: **Providing new F.W. connection to The Community Toilet Blocks Constructed by Water for people for ITC Mission Sunehra Kal Project at Hide Road, Jackson Bustee, 11 No. Dock East Boundary Road etc. in Ward No.-79.** Estimated Amount: ₹ **1,98,447.00.** Earnest Money: ₹ **4,000.00**. Period of Completion: **10 days.**
2. NIT No.: **KMC/WS/W78-18/T-53/25-26**
Name of the Work: **Maintenance of existing F.W. Pipes and Replacement of damaged G.I. Utility Pipes at 41/H/7, Ekbalpore Lane, 2 Mominpore Road, 3 Nawab Ali Lane and surrounding areas in Ward No. 78 (Br. Fund 25-26).** Estimated Amount: ₹ **2,99,089.00.** Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **18 days.**
3. NIT No.: **KMC/WS/West/W69/T-06/2025-26**
Name of the Work: **Improvement of F.W. supply at Uttaran No. 39B Beltala Road, Ahiripukur 2nd Lane and also its Adjoining area in Ward No.-69.** Estimated Amount: ₹ **3,99,695.00.** Earnest Money: ₹ **8,000.00**. Period of Completion: **25 days.**
4. NIT No.: **KMC/WS/West/W69/T-08/2025-26**
Name of the Work: **Laying of New 100 mm Dia D.I. Pipeline for replacement of existing damaged one along Valmikee St. and Eastern Flank of Earle St. in Ward No.-69.** Estimated Amount: ₹ **2,42,466.00.** Earnest Money: ₹ **4,900.00**. Period of Completion: **12 days.**
5. NIT No.: **KMC/WS/WEST/W71/T-08/2025-26**
Name of the Work: **Extension of 100 MM Dia D.I. Pipeline Network in the Unpiped Zone of 1, 3 Debendra Ghosh Road Bustee area for improvement of F.W. supply in Ward No.-71.** Estimated Amount: ₹ **4,79,661.00.** Earnest Money: ₹ **9,595.00**. Period of Completion: **12 days.** Last date of receipt / opening of Tender (Online): **22.09.2025 at 11.00 a.m./ 24.09.2025 at 11.00 a.m.** (for Sl. No. 1), **23.09.2025 at 11.00 a.m./25.09.2025 at 11.00 a.m.** (for Sl. No. 2), **23.09.2025, 1.00 p.m./25.09.2025, 1.30 p.m.** (for Sl. No. 3 & 4) & **23.09.2025, 1.00 p.m./ 25.09.2025, 1.00 p.m.** (for Sl. No. 5). The bid forms and other details are available from the website **https://wbtenders.gov.in** (for Sl. No. 1 to 5) & **https://etender.wb.nic.in** (for Sl. No. 3 & 4).

The **Executive Engineer (Water Supply), Br.-XVI, KMC** invite e-tender for the following work :–
NIT No.: **KMC/WS/JOKA/33/2025-26**
Name of the Work: **Restoration of Water Supply by Leaks repair stand Post repair cut and flush end Cap Wash at P. Roy Road, Ishan Ghosh Road Road, Kailash Ghosh Road and B.M. Roy Road Ward No. -123.** Estimated Cost of the Work: ₹ **2,62,184.23.** Earnest Money: ₹ **5,500.00**. Period of Completion: **35 days.** Last date of submission of bid: **22.09.2025 upto 2.00 p.m.** Tender will be opened on: **24.09.2025 at 3.00 p.m.** The bid forms and other details are available on and from **13.09.2025 at 5.00 p.m.** from the website **https://wbtenders.gov.in**

The **Executive Engineer (Water Supply), S.S. Unit, KMC** invite e-tender online percentage rate two bid system for the following works:–
1. NIT No.: **KMC/WS/EE/SSU/W-121/17/25-26/110 (1st Call)**
Name of the Work: **Maintenance of service main by fixing of leakages, sluice valve at B.C. Roy Road near Jayashree Park and other places with Allied Works in Ward No.-121 under Borough-XIV.** Estimated Amount (Including GST & CESS): ₹ **1,58,703.01.** Earnest Money: ₹ **3,180.00**. Period of Completion: **21 days.**
2. NIT No.: **KMC/WS/EE/SSU/W-121/16/25-26/109 (1st Call)**
Name of the Work: **Mending of leakages along with Street Tap, Chamber, Cap Wash Entire P.B. Road, Netaji Sarak, Mondal Para, 47 B.C. Roy Road, Jadu Colony Sukanta Pally etc. in Ward No.-121 under Borough-XIV.** Estimated Amount (Including GST & CESS): ₹ **2,61,475.72.** Earnest Money: ₹ **5,230.00**. Period of Completion: **31 days.**
3. NIT No.: **KMC/WS/EE/SSU/W-121/15/25-26/108 (1st Call)**
Name of the Work: **Repairing and maintenance of different dia F/W Service Main at Sukanto Pally, Majlish Ara, Nazu Ostaga Lane, Monmohan Park and other places in Ward No.-121 under Borough-XIV.** Estimated Amount (Including GST & CESS): ₹ **2,02,183.87.** Earnest Money: ₹ **4,050.00**. Period of Completion: **21 days.**
4. NIT No.: **KMC/WS/EE/SSU/W-128/08/25-26/111 (1st Call)**
Name of the Work: **Enhancement of F/W Supply works for damaged portions of 500 mm dia and 450 mm dia R/Main Pipe Lines at Biren Roy Road (West) near (1) Natunpara Axis Bank (2) Bishal Garments (Sakuntala Park) (3)H/No. 3 etc. in Ward No.-128 (Br.-XIV).** Estimated Amount (Including GST & CESS): ₹ **2,88,998.03.** Earnest Money: ₹ **5,780.00**. Period of Completion: **18 days.**
5. NIT No.: **KMC/WS/EE/SSU/W-128/09/25-26/112 (1st Call)**
Name of the Work: **Laying of 100 mm dia D.I. Filtered Water S/Main Pipe Line at Dr. N.G. Saha Road (1) near H/No. 35C, to H/O, Samir Das (2) near 66, Parui Dharmarajtala to 80/4, Parui Kancha Road in Ward No.-128 (Br.-XIV).** Estimated Amount (Including GST & CESS): ₹ **1,11,418.51.** Earnest Money: ₹ **2,230.00**. Period of Completion: **16 days.**
6. NIT No.: **KMC/WS/EE/SSU/W-122/15/25-26/D7/106**
Name of the Work: **Repairing of service main leakages, damaged pipes, fittings, HSC and allied works for execution of S&D Deptt's Work near 103/1, 271 Ramkrishna Nagar, 866, 112D, 1053, 1139, 1371, 1671 U.A.K. Sarani, 82 Pally etc. in Ward No.-122, Borough-XIII.** Estimated Amount: ₹ **2,41,480.05.** Earnest Money: ₹ **4,900.00**. Period of Completion: **30 days.** Last date of submission of bid: **13.10.2025 (upto 2.00 p.m.)** (for Sl. No. 1 to 5) & **22.09.2025, 1.00 p.m.** (for Sl. No. 6). Tender will be opened on: **15.10.2025 (at 2.00 p.m.)** (for Sl. No. 1 to 5) & **24.09.2025, 2.00 p.m.** (for Sl. No. 6). The bid forms and other details are available on and from **16.09.2025 at 2.00 p.m.** (for Sl. No. 1 to 5) & **12.09.2025, 10.00 a.m.** (for Sl. No. 6). The website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 to 6).

The **Executive Engineer, Water Supply (South), KMC** invites e-tender online percentage two bid system for the following works :–
1. NIT No.: **KMC/WS/EE/S/092/2025-26/07/1st Call**
Name of the Work: **Maintenance of water supply network system by cut and flush method and other allied works at Naskar Para Lane, Beni Banerjee Lane and other different places in Ward No.-92, Br-X.** Estimated cost: ₹ **1,95,657.49.** Earnest Money: ₹ **4,000.00**. Period of Completion: **30 days.**
2. NIT No.: **KMC/WS/EE/S/092/2025-26/03/1st Call**
Name of the Work: **Development of F/Water Supply by replacement with necessary diversion of old and damaged 150 mm dia. C.I. Main from Jadavpur P.S. to 25/1, Selimpore Road (Jibanananda Setu) in Ward No.-92.** Estimated cost: ₹ **2,97,363.58.** Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **20 days.**
3. NIT No.: **KMC/WS/EE/S/081/2025-26/04/1st Call**
Name of the Work: **Replacement of old worn out and damaged 100 mm dia C.I. Main at 538, 563, 584A, 586 Block-N (near Kasheswari Girl's Primary School & St. Thomas Institution) in Ward No. -81.** Estimated Cost: ₹ **2,99,762.52.** Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **20 days.**
4. NIT No.: **KMC/WS/EE/S/093/2025-26/04/1st Call**
Name of the Work: **Improvement of Water Supply Net Work system by replacing 100 mm dia pipe near Prem. No. 1/1H, 1/1F, 191, 195, 202, 212 Jodhpur Park in Ward No. 93, Borough-X.** Estimated Cost: ₹ **4,56,221.60.** Earnest Money: ₹ **9,500.00**. Period of Completion: **30 days.**
5. NIT No.: **KMC/WS/EE/S/081/2025-26/03/1st Call**
Name of the Work: **Replacement of Old Worn out and damaged 100 mm dia C.I. Main at 808 to 782, Block-P (Krishna Chanrda Dey Sarani), in Ward No.-81.** Estimated cost: ₹ **3,78,637.14.** Earnest Money: ₹ **7,600.00**. Period of Completion: **20 days.** Last date of submission of bid: **22.09.2025, 2.30 p.m.** (for Sl. No. 1 to 5). Tender will be opened on: **24.09.2025, 2.30 p.m.** (for Sl. No. 1 to 5). The bid forms and other details are available on and from **12.09.2025, 5.30 p.m.** (for Sl. No. 1 to 5). The website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 to 5).

1053/25-26

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

৩০ বর্ষ, দৈনিক ২৮২ সংখ্যা, শুক্রবার, ২৬ ভাদ্র, ১৪৩২

বাঙালি কথা সাহিত্যিক

আশুতোষ মুখোপাধ্যায় বলতেন তিনি কলম ধরেছেন শুধু সাহিত্যিক হবেন বলে। ফরমাইসি চিত্রনাট্য লেখার জন্য নয়। নিজের লেখা গপ্পো-উপন্যাসে সেটা করে দেন কারণ সেটা তাঁর সৃষ্টি। তখন তিনি উঠতি লেখক, শশধর মুখার্জির থেকে স্ক্রীপ্ট লেখার প্রস্তাব আসে। মাসমাইনের সাথে লোভনীয় অফার কিন্তু আশুতোষ মুখোপাধ্যায়কে টলানো যায় নি। সত্যি বলতে আশুতোষ মুখোপাধ্যায় সেই সাহিত্যিক যিনি আমৃত্যু দিয়ে গিয়েছেন বিনিময়ে কিছুই পাননি। বহু বাংলা, হিন্দি সুপারহিট ছবির কাহিনীকার অথচ পর্দায় নাম দূরে থাক, কৃতজ্ঞতা স্বীকারটাও তিনি পেয়েছেন, এমন নয়। গভীর প্রেমের পাশাপাশি আশুতোষ মুখোপাধ্যায়ের সাহিত্যে ছিল তুমুল চলচ্চিত্র-উপাদান। বিশিষ্ট পরিচালকদের নজর এড়ায়নি।শুধু বাংলার নয়, হিন্দিরও। 'নার্স মিত্র' গল্পটি প্রকাশ পাওয়া মাত্র দারুণ জনপ্রিয় হয়। একজন নার্সের জীবনের প্রেম এবং প্রেমহীনতার গল্প। সেই গল্প নিয়ে বাংলা ছবি 'দীপ জ্বেলে যাই' তৈরি করেছিলেন অসিত সেন। অভিনয়ে সুচিত্রা সেন, বসন্ত চৌধুরি, অনিল চট্টোপাধ্যায়। দারুণ সাফল্য পেয়েছিল ছবিটি। একই গল্প নিয়ে প্রায় দশ বছর পর অসিত সেন হিন্দিতে তৈরি করেছিলেন 'খামোশি'। অভিনয়ে ওয়াহিদা রেহমান, রাজেশ খান্না, ধর্মেন্দ্র। আবার সাফল্য। দুটি ছবিতেই অসাধারণ সুর করেছিলেন হেমন্ত মুখোপাধ্যায়। প্রসঙ্গত, এই গল্প নিয়ে ছবি তৈরি হয়েছিল তেলুগু ভাষাতেও। একজনও কি মনে রেখেছেন হিট সেই ছবিগুলোর কাহিনীকারের নাম! তখনও কি কেউ মনে রেখেছিলেন, আজও কি কেউ মনে রেখেছেন! আশুতোষ মুখোপাধ্যায়ের কাছে তাঁর প্রতিটি গল্প, উপন্যাস ছিল কন্যাসম। সিনেমার রাইট দিয়ে দেওয়াকে তিনি বলতেন পরের হাতে তুলে দেওয়া। চিত্রনাট্য লেখাটা তাঁর কাছে ছিল সাজিয়ে গুছিয়ে দেওয়া। হয়ত উপেক্ষায়, অবজ্ঞায় আশুতোষ বাবু অভ্যস্ত হয়ে উঠেছিলেন। বলতেন কী যায় আসে! বিয়ের সময় বাবা যেভাবে মেয়েকে সাজিয়ে-গুছিয়ে পরের হাতে তুলে দেয়, আমিও সেটাই করেছি। বিয়ের পর মেয়ে তো পরেরই হয়ে যায়। কতটা বেদনার সাথে কথাগুলো বলতেন না হলে এমন কথা মুখ দিয়ে বের হয়! ব্যতিক্রম 'কাল তুমি আলেয়া'। তিনি উত্তমকুমারকে বলেছিলেন, এটা হতে পারে না দাদা। তুমি আমার বাড়ি এসে রাতের পর রাত জেগে ঘষেমেজে স্ক্রিপ্ট করবে। আর তোমার নাম থাকবে না, তা হয় না। সংগীতশিল্পী হেমন্ত মুখোপাধ্যায়ের সঙ্গে সাহিত্যিক আশুতোষ এতটাই লতায় পাতায় জড়িয়ে ছিলেন, দেখে বোঝার উপায় ছিল না ওরা সহোদর, নাকি বন্ধু? কালকূট সমরেশ বসুর সাথে আশুতোষ মুখোপাধ্যায়ের ঘনিষ্ঠ সম্পর্ক। সমরেশের 'বিবর' আর 'প্রজাপতি' নিয়ে সাহিত্য মহলে তুলকালাম। একদিন সমরেশ বসু আশুতোষ মুখোপাধ্যায়কে বললেন, 'পড়েছেন?' প্রশ্নের মতোই জবাবও একটি শব্দে, 'পড়েছি।'

বাঙালি মুসলিম সঙ্গীত সাধনা

বিশিষ্ট বাঙালি সঙ্গীতজ্ঞ এবং সেতার ও সানাই এবং রাগ সঙ্গীতে বিখ্যাত ঘরানার গুরু আলাউদ্দিন খাঁ। উস্তাদ আলাউদ্দিন খাঁ একজন বাঙালি সঙ্গীতজ্ঞ। বাবা আলাউদ্দিন খান নামেও তিনি পরিচিত ছিলেন। সেতার ও সানাই এবং রাগ সঙ্গীতে বিখ্যাত ঘরানার গুরু হিসাবে সারা বিশ্বে তিনি প্রখ্যাত। মূলত সরোদই তার শাস্ত্রীয় সঙ্গীতের বাহন হলেও সাক্সোফোন, বেহালা, ট্রাম্পেট সহ আরো অনেক বাদ্যযন্ত্রে তার যোগ্যতা ছিল অপরিসীম। আলাউদ্দিন খাঁর জন্ম তৎকালীন ত্রিপুরা প্রদেশের শিবপুর গ্রামে যা বর্তমানে বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া জেলার অন্তর্গত। তার সন্তান ওস্তাদ আলী আকবর খান ও অন্নপূর্ণা দেবী নিজস্ব ক্ষেত্রে উজ্জ্বল নক্ষত্র হিসেবে প্রতিষ্ঠিত। আচার্যের বিখ্যাত শিষ্যরা হলেন পণ্ডিত রবি শঙ্কর, পণ্ডিত নিখিল ব্যানার্জী, বসন্ত রায়, পান্নালাল ঘোষ সহ আরো অনেকে। আচার্য আলাউদ্দিন খান সাহেব নিজেও অনেক বিখ্যাত গুরু হতে দীক্ষা নিয়েছেন। আলাউদ্দিন খাঁ ময়মনসিংহের মুক্তাগাছার জমিদার জগৎকিশোর আচার্য চৌধুরীর সংগীত সভায় যন্ত্র বাদনের ইচ্ছা প্রকাশ করলে জগৎকিশোর সানন্দে তার ব্যবস্থা করে দেন। জানা যায় যে, আলাউদ্দিন খাঁ সংগীতে পারদর্শীতা দেখাবেন এমন অভিলাষ নিয়েই সকাল বেলায় সভায় আসন গ্রহণ করেন। সেসময় মুক্তাগাছার সংগীত সভায় ছিলেন বিখ্যাত সরোদী আহমদ আলী খাঁ। আলাউদ্দিনের সভায় আসার আগে থেকেই তিনি সরোদ বাজাচ্ছিলেন। তার বাজনা শুনে আলাউদ্দিন খাঁ অভিভূত হয়ে পড়েন ও তার শিষ্যত্ব প্রার্থনা করেন। জগৎকিশোরের অনুরোধে আহমদ আলী খাঁ আলাউদ্দিনকে শিষ্যরুপে গ্রহণ করেন। জগৎকিশোর আলাউদ্দিনকে একখানা সরোদ উপহার দেন। মুক্তাগাছা কিছুদিন থেকে আহমদ আলী খাঁ রামপুর আসলে আলাউদ্দিন রামপুর আসেন ও সরোদ শিক্ষা অব্যাহত ভাবে চলতে থাকে। কিছুদিন পর আহমদ আলী জানান যে তার শিক্ষাগ্রহণ সমাপ্ত - এবার যেন তিনি ওয়জির খাঁর নিকট শিক্ষাগ্রহণ করেন। এরপর তিনি ওস্তাদ ওয়াজির খান এর নিকট শিষ্যত্ব গ্রহণ করেন ও ১৯৩৫ সালে বিশ্বখ্যাত নৃত্যশিল্পী উদয় শঙ্করের সঙ্গে বিশ্ব ভ্রমণে বের হন তিনি। এ সময় তিনি ইংল্যান্ডের রানী কর্তৃক সুরসম্রাট খেতাবপ্রাপ্ত হন। ভারতের সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব পদ্মভূষণ ছাড়াও পদ্মবিভূষণ, বিশ্ব ভারতীয় দেশীকোত্তমসহ দিল্লি ও ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে লাভ করেন সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি। আলাউদ্দিনের ডাকনাম ছিল আলম। বাল্যকালে অগ্রজ ফকির আফতাবউদ্দিন খাঁর নিকট সঙ্গীতে তার হাতেখড়ি হয়। সুরের সন্ধানে তিনি দশ বছর বয়সে বাড়ি থেকে পালিয়ে এক যাত্রাদলের সঙ্গে গ্রামে গ্রামে ঘুরে বেড়ান।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর

প্রকৃত শিক্ষার মধ্যে শক্তি নিহিত। মা তাঁর শক্তি দিয়ে সন্তানদের জীবনকে সার্থক করে তোলার চেষ্টা করেন। আসলে মায়ের শক্তিই হচ্ছে পরম শক্তি। এই শক্তির কোনও ক্ষয় নেই। এই শক্তি হচ্ছে সর্বজয়ী। যে কোনও স্থানে এই শক্তিকে প্রয়োগ করা সম্ভব হবে। মায়ের শক্তির ওপরে নির্ভর করে জাগতিক নিয়ম কানুন চলে। বেদ বেদান্ত নির্ভর করে রয়েছে মাতৃশক্তি বন্দনায়। মাতৃশক্তির স্বরূপকে বুঝতে হবে এবং মনে ধারন করতে হবে। নিষ্ঠাবান হতে হবে। জ্ঞানের প্রভাব বৃদ্ধি করতে হবে। শক্তির প্রভাব বৃদ্ধি করতে হবে।

ঠাকুর রামকৃষ্ণদেব

ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মায়ের প্রতি ভক্তি অবিচল হতে হবে। মায়ের আরাধনা করতে হবে। জাগাতে হবে মনের ভক্তিকে। মনের শক্তিকে। মনের শক্তি এবং ভক্তি জাগরিত হলে আর কোনও অপশক্তি আপনাকে পরাস্ত করতে পারবে না। সব অপশক্তি পরাস্ত হবে। ধন্য হয়ে উঠবে গোটা জগতটা। জ্ঞান অর্জন করতে হবে। জ্ঞানই ধন উপার্জন করতে সাহায্য করবে। যিনি জ্ঞানী তাদের ধন উপার্জন করতে আলাদা করে উদ্যোগী হতে হয় না। ধন আপনা থেকে তার কাছে এসে ধরা দিয়ে থাকে। জ্ঞানই ধন উপার্জনের পথটাকে খুলে দেয়। মনের শক্তিটাকে খুলে দিতে হয়। ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মানব ধর্ম হচ্ছে সবচেয়ে বড় ধর্ম। তার ওপরে আর কোনও ধর্ম নেই। গীতায় মানব ধর্মের কথা বলা হয়েছে। সেখানে বারবার একটি কথা বলা হচ্ছে অসৎ পথ পরিত্যাগ করে সৎ পথকে অবলম্বন করো। তাহলে জীবনকে রক্ষা করতে সক্ষম হবে। জীবন ধন্য হতে থাকবে। জীবনকে শক্তিশালী করতে হবে। তার জন্য মায়ের ধ্যান করতে হবে। মাতৃভক্তি জাগরিত হবে।

বিপ্লবী বাঘা যতীনকে সম্মান দেন কলকাতার পুলিশ কমিশনার টেগার্ট

বিশেষ প্রতিবেদক

(বালেশ্বর যুদ্ধ শুরু হয়েছিল ৯ সেপ্টেম্বর ১৯১৫ সালে। বাংলার বিপ্লবী বাঘা যতীন তার নেতৃত্ব দিয়েছিলেন। তিনি সেই যুদ্ধে ইংরেজ পুলিশদের কাছে আত্মসমর্পণ না করে লড়াই করে গিয়েছিলেন। গুরুতর আহত হয়ে বালেশ্বর হাসপাতালে ভর্তি হন। সেখানেই ১০ সেপ্টেম্বর ১৯১৫ সালে পরলোকগমন করেন। তাঁর মৃত্যুর আগে তাঁকে সম্মান দিতে উপস্থিত ছিলেন কলকাতার পুলিশের কর্তা চার্লস টেগার্ট। এই পুলিশ কর্তা বাঘা যতীনকে শ্রদ্ধা করতেন। বালেশ্বর দিবসের সম্মানে আজকের প্রতিবেদন)

১৯১৫ সালের ৯ সেপ্টেম্বর। আজ থেকে ঠিক ১১০ বছর আগেকার কথা । পুলিশ সাব-ইন্সপেক্টর চিন্তামণি সাহু বালেশ্বরে যাদের খবর নিতে পাঠিয়েছিল, তাদের মধ্যে রঙ্গ রাউত আর মুরলি মোহান্তি একদম পাকা খবর দিল বালেশ্বরের কাছাকাছি আছে বিপ্লবীরা। পুলিশ সুপারিটেনডেন্ট ছুটল জেলাশাসক কিলবির কাছে। কিলবি ইতিমধ্যেই সৈন্যসামন্ত জোগাড় করে ফেলেছে। কিলবি তখনই পুলিশ সুপারিটেনডেন্টকে আদেশ দিলেন বালেশ্বরের দিকে রওনা দিতে। নির্দেশ পেয়েই রওনা দিল কয়েকশো সশস্ত্র সৈন্য। ঘটনাস্থলে পৌঁছাতেই গ্রামবাসীরা ব্রিটিশদের দেখিয়ে দিল টিলার পথ । যে টিলার উপরে আত্মগোপন করেছে বিপ্লবীরা। চারিদিক ঘিরে ফেলল সশস্ত্র বাহিনী। টিলা থেকে তখন তারা ৪০০ গজ দূরে। ধীরে ধীরে তারা টিলার চারিদিকে এগিয়ে চলল। এদিকে রাদার ফোর্ডের নেতৃত্বে আরও কয়েকশো সশস্ত্র সৈন্য তখন যোগ দিয়েছে সেখানে। কিলবি তখন টিলার বাঁদিকে বন্দুক তাক করে ধানক্ষেতে উপুড় হয়ে শুয়ে আছে । রাদারফোর্ড খুব শীঘ্র টিলার ডানদিকের নেতৃত্ব দিতে চলে গেলেন।

বাঘাযতীন, মনোরঞ্জন সেনগুপ্ত, চিত্তপ্রিয় রায়চৌধুরী,নীরেন দাশগুপ্ত, জ্যোতিষ পাল বাংলার পাঁচ বীর সন্তান তখন টিলার উপরে ঊ তারা দেখতে লাগলেন ব্রিটিশ সেনারা টিলার দিকে অগ্রসর হচ্ছে। বাঘাযতীন, মনোরঞ্জন সেনগুপ্ত, চিত্তপ্রিয় রায়চৌধুরী মাউজার পিস্তল (রডা কোম্পানি থেকে যে অস্ত্র ডাকাতি করা হয়েছিল সেই অস্ত্র ব্যবহার করেছিল বিপ্লবীরা - যে ডাকাতি দি গ্রেটেস্ট ডেলাইট রবারি বলে বিখ্যাত) তাক করে রইলেন ঊ জ্যোতিষ আর নীরেন পিস্তলগুলোতে গুলি ভরে দেওয়ার দায়িত্ব নিলেন। ব্রিটিশদের ধারণা ছিল না যে বিপ্লবীরা মাউজার পিস্তল ব্যবহার করছেন। এই মাউজার পিস্তলে বাট লাগিয়ে দিলে তা রাইফেলের মতই শক্তিশালী হয়ে ওঠে।

টিলা থেকে তখন সৈন্যবাহিনীর দূরত্ব আড়াইশো গজের কাছাকাছি। ফায়ার! নির্দেশ দিলেন বাঘাযতীন ।গর্জে উঠল বাঘাযতীন, মনোরঞ্জন সেনগুপ্ত, চিত্তপ্রিয় রায়চৌধুরীর মাউজার পিস্তল। রাদারফোর্ডের সৈন্যবাহিনীর কয়েকজন লুটিয়ে পড়লেন ধানক্ষেতে। তারা আর উঠল না। রাদারফোর্ড উপুড় হয়ে বসে পড়লেন। গুলি চালাল ব্রিটিশ সৈন্যবাহিনী। চারিদিক থেকে ঝাঁকে

ঝাঁকে গুলি ছুটে আসছে বিপ্লবীদের উদ্দেশ্যে। এদিকে সূর্য তখন অস্ত যাচ্ছে । চারিদিকে অন্ধকার নেমে আসছে। হঠাৎ বাঘাযতীনের ডান কনুইতে গুলি বিঁধল। ফিনকি দিয়ে রক্ত বেরোচ্ছে।তাই দেখে বাঁ হাতেই অস্ত্র ধরে গুলি চালাতে লাগলেন তিনি। রাদারফোর্ডের একটা গুলি চিত্তর মাথা ঘেঁষে চলে গেল। চিত্ত আবার গুলি চালাতে গেল। হঠাৎ ১৫-২০ টা বুলেট ঝাঁজরা করে দিল চিত্তপ্রিয় রায়চৌধুরীকে। দাদা বলে লুটিয়ে পড়লেন চিত্ত। বাঘাযতীনের তলপেট তখন গুলির আঘাতে রক্তে ভেসে যাচ্ছে। সেই অবস্থাতেই চিত্তকে জড়িয়ে ধরলেন তাঁর দাদা। দাদার কোলেই শেষ নিঃশ্বাস ত্যাগ করল চিত্ত। দাদা গুলি যে শেষ হয়ে আসছে, বলল জ্যোতিষ। না রে ওই চামড়ার থলিটাই অনেক গুলি আছে, বলল বাঘাযতীন। জ্যোতিষ আর নীরেন অনেক চেষ্টা করল থলির চাবি খুঁজে বের করার। কিন্তু না সেই থলির চাবি আর পাওয়া গেল না। হঠাৎ একটা মারাত্মক বুলেট এসে গুড়িয়ে দিল বাঘাযতীনের বাঁ হাতের আঙ্গুলগুলো।গুলি এসে লাগল জ্যোতিষ পালের বুকে। নীরেনের জামা রক্তে ভিজে যাচ্ছে।

দাদার ওই অবস্থা দেখে মনোরঞ্জন পাশের ডোবা থেকে হাতে করে জল নিয়ে এসে ছিঁটিয়ে দিল দাদার মুখে। চিত্ত তো চলেই গেল। আমারও দেরি নেই। তোরা থাকলি। মরবার আগে দেশবাসীকে শুধু বলে যাস আমরা ডাকাত নই ।ওদের বলিস - আমরা মরতেই চেয়েছিলাম , দেশের লোক জেগে উঠবে বলে। দেশের মঙ্গল হবে বলে। মুখ থেকে তখন রক্ত উঠছে বাঘাযতীনের। লুটিয়ে পড়লেন তিনি।

বিপ্লবীরা তখন ছন্নছাড়া। গুলিও শেষ। টিলা দখল করেছে ব্রিটিশরা ।রাদারফোর্ডের আদেশানুসারে আর গুলি চালাল না সৈন্যবাহিনী । বাঘাযতীন, নীরেন, জ্যোতিষ ও মনোরঞ্জন ধরা দিল ব্রিটিশদের কাছে। জলপান করে তেষ্টা মেটালেন বিপ্লবীরা। আমার সঙ্গে এই ছেলেরা নিরাপরাধ। যা কিছু ঘটেছে তাঁর জন্যে আমি দায়ী। একটু দেখবেন এদের উপর যেন অবিচার না হয়। কিলবিকে বললেন, বাঘাযতীন। তখন গ্রামবাসীরা ভিড় করেছে ঘটনাস্থলে ।তারা বুঝলেন যাদের সাথে তারা বিশ্বাসঘাতকতা করলেন একটু আগে তারা ডাকাত নয়। সকলকে নিয়ে আসা হল বালেশ্বর হাসপাতালে। প্রাথমিক চিকিৎসার পর নীরেন ও মনোরঞ্জন ছাড়া পেলেন। তাদের নিয়ে যাওয়া হল জেলখানায়। চিত্তকে পাঠিয়ে দেওয়া হল মর্গে। জ্যোতিষ পালকে রাখা হল হাসপাতালে। এদিকে বাঘাযতীনের অবস্থা তখন সঙ্কটজনক। ডান হাতের আঙ্গুল গুঁড়ো গুঁড়ো হয়ে গেছে। তলপেটে বুলেটের আঘাত। তাজা রক্ত বেরোচ্ছে। হচ্ছে রক্তবমি। তাঁকে নিয়ে যাওয়া হল অপারেশন কক্ষে

আমার সঙ্গে এই ছেলেরা নিরাপরাধ। যা কিছু ঘটেছে তাঁর জন্যে আমি দায়ী। একটু দেখবেন এদের উপর যেন অবিচার না হয়। কিলবিকে আবার বাঘাযতীন বললেন এই কথা। আবার রক্তবমি হল। হাসতে হাসতে বললেন, এত রক্ত ছিল শরীরে? ভাগ্যক্রমে, প্রতিটি বিন্দু অর্পণ করে গেলাম দেশমাতার চরণে। রাতেই অপারেশন হল। পরদিন পুলিশ কমিশনার চার্লস টেগার্ট এলেন বাঘাযতীনের সাথে দেখা করতে। সঙ্গে রাদারফোর্ড, বার্ড, ডেনহ্যাম। গুড মর্নিং মিস্টার টেগার্ট। হাউ আর ইউ? বলুন মুখার্জী আপনার জন্যে কিছু করতে পারি? আপনার সাথে দেখা হয়ে ভালোই হল। আমি চললাম। যারা রইল - তারা নির্দোষ। আমার প্ররোচনাতেই এ পথে তারা এসেছে। দেখো তাদের উপর যেন অন্যায় অত্যাচার না হয়। টেগার্ট বের হয়ে গেলেন। ততক্ষনে স্টিচ ছিঁড়ে গিয়েছে বাঘাযতীনের। রক্ত বেরোচ্ছে। হচ্ছে রক্তবমি। সমস্ত প্রচেষ্টাকে উপেক্ষা করে পরলোকগমন করলেন বাঘাযতীন। বিচারে ফাঁসি হয়েছিল মনোরঞ্জন সেনগুপ্ত ও নীরেন দাশগুপ্তর। দীপান্তর হয়েছিল জ্যোতিষ পালের।

ভুলিয়ে দেওয়ার চেষ্টা চলছে এই ইতিহাস। মুছে দেওয়া হচ্ছে অনেক ইতিহাস। আর বাঙালি আত্মবিস্মৃত জাতি। না হলে কি বাঘাযতীন, মনোরঞ্জন সেনগুপ্ত, চিত্তপ্রিয় রায়চৌধুরী,নীরেন দাশগুপ্ত, জ্যোতিষ পাল এদের কথা কেউ ভুলে যেতে পাবে?

১০ সেপ্টেম্বর, বাঘাযতীন যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়ের প্রয়াণ দিবস।

ঘটনার আগের পরিকল্পনা ঃ ফোর্ট উইলিয়াম দুর্গ দখল করার নির্দেশকে কার্যকর করতে রাজপুত রেজিমেন্টের সেনা কর্তা মনসা সিং এর সঙ্গে ভারত সিং কথা বললেন ভারতে ব্রিটিশ রাজের বিরুদ্ধে লড়াইয়ের পরিকল্পনা গ্রহণ করতে। মনসা সিং খিদিপুরে গিয়েছেলেন দুই বাঙালির সঙ্গে একটি ফাঁকা দোকানে সেই বিষয় নিয়ে আলোচনা করতে। সেখানে সেনা কর্তাকে জানানো হয় সে যেন পাঞ্জাবে গিয়ে সেখানকার সেনা দের অস্ত্র নিয়ে ব্রিটিশদের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর কথা বলেন। রাজপুত সেনাটি তাঁর উচ্চপদস্থ সেনা কর্তাকে বিষয়টা জানালে একজন বিশ্বস্ত হাবিলদারকে তাঁর সঙ্গে দিয়েছিলেন আরও সংবাদ সংগ্রহ করতে। এদিকে সুন্দরবনে রায়মঙ্গলে অস্ত্র এলে সেই সব অস্ত্র হাতিয়া (সনদ্বীপ), কলকাতা এবং বালাসোরে আগে আসবে।

বাংলার সশস্ত্র সংগ্রামের বহু তথ্য আজও অজানা

নির্মল মাঝি, ঢাকা

১৯৩০ সালের ২৯ আগস্ট। ঠিক ৯৩ বছর আগের কথা। দিনটা ছিল শুক্রবার ঊ ঘড়ির কাঁটা সকাল নয়টা ছুঁই ছুঁই। ঢাকা মিটফোর্ড মেডিক্যাল কলেজ এবং হাসপাতালে আর পাঁচটা দিনের মতই একটি কর্মব্যস্ত দিন। হাসপাতালের সর্বত্রই নিকটবর্তী জেলাগুলির থেকে আসা রোগীদের এবং রোগীদের আত্মীয়স্বজনের থিকথিকে ভীড়। অ্যাম্বুলেন্স ঢুকছে-বেরচ্ছে। স্ট্রেচারে করে রোগীদের এক বিভাগ থেকে অন্য বিভাগে নিয়ে ছুটছেন হাসপাতালের কর্মীরা। আর মেডিক্যাল কলেজের পড়ুয়াদের আসা যাওয়া তো লেগেই আছে। যদিও সকাল থেকেই হাসপাতালের নিরাপত্তা বেশ আঁটোসাঁটো। সকাল নটার সময় পুলিশের আই জি মিস্টার লোম্যান আর তার সহকারী মিস্টার হাডসন নৌ-বিভাগের অসুস্থ পুলিশ সুপার মিস্টার বার্ডকে দেখতে আসবেন। তাই নিরাপত্তায় ঢিলেমি একদম বরদাস্ত নয় ব্রিটিশদের। চারিদিকে ঘোরাফেরা করছে পুলিশের সশস্ত্র রক্ষীরা। সন্দেহভাজন মনে হলেই চলছে তল্লাশি।

মিস্টার বার্ডের ওয়ার্ডে তখন পুলিশে পুলিশে ছয়লাপ। মাছি গলার উপায় নেই। মিস্টার লোম্যান আর তার সহকারী মিস্টার হাডসন নির্দিষ্ট সময়েই হাসপাতালে আসলেন। দেখা করলেন মিস্টার বার্ডের সঙ্গে। সাক্ষাৎ এবং কুশল বিনিময় চলল মিনিট কুড়ি। এবার ফেরার পালা। বার্ডের ঘর থেকে বেরিয়েই বারান্দার শেষে সিঁড়ি। নামবেন বলে সেই সিঁড়িতে সবে পা দিয়েছেন লোম্যান। দোতলার সিঁড়ির কোণ থেকে নিঃশব্দে বেরিয়ে এলেন সাদামাটা ফতুয়া আর ধুতি পরিহিত এক যুবক। কেউ কিছু বোঝার আগেই গর্জে উঠল যুবকের .৩২০ বোরের অগ্নিবর্ষী রিভলভার । প্রথম নিশানা অব্যর্থ। লক্ষ্যভেদ । বুলেট ভেদ করল শিরদাঁড়া। মুখ থুবড়ে মাটিতে বসে পড়লেন লোম্যান। আর উঠলেন না। যুবকের দ্বিতীয় নিশানা লক্ষ্যভ্রষ্ট হল। গুলি লাগল হাডসনের কাঁধে ।ক্ষতস্থানে হাত চেপে বসে পড়লেন তিনি। সশস্ত্র রক্ষীদের উদ্দেশ্যে চিৎকার করে উঠলেন। লোম্যানের ঠিক পেছনেই ছিলেন ঢাকার সরকারি কন্ট্রাক্টর সত্যেন সেন। সত্যেন সেন চিনতে পারলেন যুবককে। তিনি আটকাতে গেলেন যুবককে। যুবক একটা ঘুষি মারলেন তাকে। ছিটকে পড়লেন সত্যেন সেন। ঘটনার আকস্মিকতায় হতচকিত ব্রিটিশ পুলিশ। আতঙ্কের রেশ কাটিয়ে যখন তারা ওই যুবকের পিছনে ধাওয়া করলেন তখন বেশ কিছুটা দেরি হয়ে গেছে। যুবক তখন ছুটছেন উল্কাবেগে। এই হাসপাতালের প্রত্যেকটা গলি, রাস্তা, ওয়ার্ড তাঁর নখদর্পনে। সে নিজেই যে এই কলেজের চতুর্থ বর্ষের মেডিক্যালের মেধাবী ছাত্র। তাঁকে ধরবার আপ্রাণ চেষ্টা করল পুলিশ। কিন্তু সে চেষ্টা সম্পূর্ণরূপে ব্যর্থ হল। যুবক তখন হাসপাতালের ছাদের কার্নিশের উপর দিয়ে ছুটছেন। তারপর সুকৌশলে সেই ছাদের কার্নিশ বেয়ে লাফ দিয়ে নেমে গেলেন হাসপাতালের রাস্তায়। হাসপাতালের মেথর সুষেন তাঁকে পালতে দেখে খুলে দিলেন পাঁচিলের ছোট দরজা। যুবক হাসপাতালের বাইরে বেরিয়ে গেলেন। সামনেই এক গৃহস্থের জলের ট্যাঙ্ক। যুবক জলের ট্যাঙ্কের উপরে উঠলেন। তারপর ট্যাঙ্ক অতিক্রম করে ঢুকে পড়লেন গৃহস্থের বাড়ির ভেতর। তারপর একেবারে সদর রাস্তায়। দৌঁড়াতে দৌঁড়াতে যুবকের পায়ের জুতো তখন ছিঁড়ে গেছে। রিভলভারে আর একটাও গুলি নেই। জনবসতিপূর্ণ এই অঞ্চলে এক মুহূর্ত সে নিরাপদ নয়। যুবক থাকতেন আরমানি টোলার সামনে মেডিক্যাল মেসে। সেখানে ফিরে যাওয়া আরও ঝুঁকিপূর্ণ। ঠিক তখনই একটি ঘোড়ার গাড়ি ছুটে আসছিল রাস্তা দিয়ে ঊ হাত দেখিয়ে গাড়ি থামালেন যুবক। আপনি যেইখানে বলবেন সেখানে যাবু। - বক্সীবাজার। - নেন ঊ বইয়া পড়েন।- ঠিক আছে। চল। ঘোড়ার গাড়ি যুবককে নিয়ে ছুটে চলল বক্সীবাজার। পনেরো মিনিটের যাত্রাপথ। বক্সীবাজারে নেমেই ভাড়া মিটিয়ে যুবক ছুটলেন মণি সেনের বাড়ি। মণি যুবককে বাড়ির ভিতরে নিয়ে গেলেন। যুবক তাঁকে খুলে বলল সব ঘটনা। সারা দিন মণি সেনের বাড়িতে আত্মগোপন করলেন যুবক। এরপরের ঘটনা আরও রোমাঞ্চকর ।কিভাবে বিনয় বোসকে পুলিশের হাত থেকে রক্ষা করে কলকাতা নিয়ে এসেছিলেন বিপ্লবী সুপতি রায়।

সত্যেন সেনের কাছ থেকে পুলিশ জানতে পারল ওই যুবকের পরিচয়। কলেজের ম্যাগাজিনে টেনিস টিমের দল থেকে যুবকের ছবি বের করা হল। ছাপানো হল কয়েক হাজার কপি। ঢাকাসহ বাংলার সর্বত্র সেই ছবি ছেয়ে গেল ঊ ছবির নিচে লেখা -লোম্যানের হত্যাকারী। হত্যাকারীকে ধরিয়ে দিতে পারলে মোট দশ হাজার টাকা পুরস্কার। পরিচয় গোপন রাখা হবে ঊ নিকটস্থ থানায় খবর দিন।

সর্বোচ্চ আদালত সাংবাদিক স্বাধীনতার পক্ষে

বিশেষ প্রতিবেদক

উমর খালিদের বন্দিত্ব আরও দীর্ঘায়িত হওয়ার আশঙ্কা ঃ গণতন্ত্রের সংকট ও ন্যায়বিচারের প্রশ্ন। ভারতের গণতান্ত্রিক কাঠামো সবসময়ই বহুল আলোচনার বিষয়। এখানে মত প্রকাশের স্বাধীনতা, ভিন্ন মত প্রকাশের অধিকার, প্রতিবাদ করার সাংবিধানিক সুযোগ ,এসবকে দেশের প্রাণশক্তি হিসেবে দেখা হয়। কিন্তু সাম্প্রতিক সময়ে বারবারই উঠে আসছে এমন কিছু প্রশ্ন, যা এই মৌলিক নীতিগুলিকে কেন্দ্র করে আমাদের ভাবিয়ে তোলে। দিল্লির প্রাক্তন জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের গবেষক ও ছাত্রনেতা উমর খালিদকে ঘিরে বিতর্ক সেই বৃহত্তর প্রেক্ষাপটেরই প্রতিফলন। দীর্ঘদিন ধরে তিনি কারাগারে বন্দি, এবং এখন স্পষ্ট হয়ে উঠছে তাঁর বন্দিত্ব হয়তো আরও দীর্ঘায়িত হতে চলেছে। প্রশ্ন উঠছে, এটি কি কেবলমাত্র আইনি প্রক্রিয়ার অংশ, নাকি এর মধ্যে অন্য কোনও রাজনৈতিক ও সামাজিক প্রভাব সক্রিয়ভাবে কাজ করছে?

উমর খালিদকে গ্রেফতার করা হয়েছিল দিল্লি দাঙ্গার মামলার সঙ্গে যুক্ত অভিযোগে। বিশেষত ইউএপিএ বা 'অসামরিক কার্যকলাপ প্রতিরোধ আইন'-এর আওতায় তাঁকে আটক রাখা হয়েছে। ইউএপিএ আইন স্বভাবতই কঠোর এবং প্রায়শই সমালোচিত হয় এই কারণে যে এর মাধ্যমে সহজেই দীর্ঘদিন ধরে কাউকে জামিন ছাড়াই কারাবন্দি রাখা সম্ভব হয়। এই আইনকে রাষ্ট্রের নিরাপত্তা রক্ষার জন্য জরুরি বলা হলেও, একই সঙ্গে এটিকে গণতন্ত্রের জন্য হুমকিও বলা হয়, কারণ এটি ভিন্নমতকে দমন করার হাতিয়ার হয়ে উঠতে পারে। উমর খালিদের ক্ষেত্রেও সেই অভিযোগ বারবার উঠেছে। সমর্থকরা দাবি করেছেন, তিনি কখনও সহিংসতার পক্ষে কথা বলেননি, বরং সবসময় শান্তিপূর্ণ আন্দোলনের সপক্ষেই ছিলেন। অথচ আজ তিনি বছরের পর বছর বন্দি অবস্থায় কাটাচ্ছেন।

এখানে গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে বিচার প্রক্রিয়ার গতি। গণতান্ত্রিক কাঠামোর অন্যতম স্তম্ভ বিচারব্যবস্থা, আর সেই বিচার ব্যবস্থার প্রতি মানুষের আস্থা নির্ভর করে স্বচ্ছতা ও দ্রুততার ওপর। যদি কোনও ব্যক্তি দীর্ঘ সময় ধরে বিচার ছাড়াই বন্দি থাকেন, তবে তা ন্যায়বিচারের মৌলিক নীতি

লঙ্ঘন করে। উমর খালিদের ক্ষেত্রে দেখা যাচ্ছে, শুনানি পিছিয়ে যাচ্ছে, আদালতের প্রক্রিয়া দীর্ঘায়িত হচ্ছে এবং তিনি মুক্তির সম্ভাবনা থেকে দূরে সরে যাচ্ছেন। এটা নিছকই বিচার ব্যবস্থার জটিলতা, নাকি এর পেছনে অন্য কোনও চাপ কাজ করছে;তা নিয়ে অনেকেই প্রশ্ন তুলছেন।

এই ঘটনা ভারতের বৃহত্তর রাজনৈতিক পরিবেশের প্রতি ফলনও বটে। বর্তমানে দেশের রাজনৈতিক পরিসরে ভিন্নমতকে কতটা স্থান দেওয়া হচ্ছে, তা এক বিতর্কিত বিষয়। সরকারের বিরোধিতা করা মানেই কি রাষ্ট্র বিরোধী কার্যকলাপ? কোনও আন্দোলনে যোগ দেওয়া মানেই কি সহিংসতার দায় কাঁধে নেওয়া? এই প্রশ্নগুলো অত্যন্ত জরুরি। উমর খালিদের গ্রেফতার এবং দীর্ঘ বন্দিত্ব যেন এই বিতর্কের কেন্দ্রে। তাঁর সমর্থকরা বলছেন, প্রকৃতপক্ষে তিনি সরকারের নীতির সমালোচনা করেছিলেন, আর সেই কারণেই তাঁকে চুপ করানো হচ্ছে। অন্যদিকে শাসক পক্ষ দাবি করছে, তাঁর বক্তৃতা ও কার্যকলাপই সহিংসতার পরিবেশ তৈরি করেছিল। কিন্তু সত্যি কী, তা স্পষ্ট হওয়ার সুযোগ পাচ্ছে না, কারণ বিচার প্রক্রিয়াই ক্রমশ বিলম্বিত হচ্ছে। ভারতের সংবিধান প্রতিটি নাগরিককে মত প্রকাশের অধিকার দিয়েছে। আর এই অধিকার শুধুমাত্র শাসকের প্রশংসা করার জন্য নয়, সমালোচনার জন্যও সমানভাবে প্রযোজ্য। কোনও সরকারের সমালোচনা করলেই যদি রাষ্ট্রদ্রোহ বা সন্ত্রাসবাদের অভিযোগ ওঠে, তবে গণতন্ত্রের প্রকৃত অর্থ ক্ষুণ্ণ হয়। এই জায়গাতেই উমর খালিদের মামলা বিশেষ তাৎপর্যপূর্ণ। কারণ তাঁর দীর্ঘ বন্দিত্ব শুধু একজন ব্যক্তির দুর্ভোগ নয়, এটি সমগ্র গণতান্ত্রিক ব্যবস্থার একটি প্রতিচ্ছবি।

এখানে আরও একটি দিক উল্লেখযোগ্য। উমর খালিদ কেবল একজন ব্যক্তি নন, তিনি এক সময় ছাত্র রাজনীতির পরিচিত মুখ ছিলেন। তাঁর বিরুদ্ধে নেওয়া পদক্ষেপ অনেক তরুণকেই ভীত করেছে। আজকের প্রজন্মের অনেকেই মনে করছেন, রাষ্ট্রের নীতির সমালোচনা করলে তাঁদেরও একই পরিণতি হতে পারে। ফলে ভিন্নমত প্রকাশের সংস্কৃতি ক্ষতিগ্রস্ত হচ্ছে। গণতন্ত্রের প্রাণশক্তি হল সেই ভিন্নমত, সেই বিতর্ক, সেই প্রশ্ন, যা শাসককে জবাবদিহি করতে বাধ্য করে। কিন্তু যদি সেই ভিন্নমতই স্তব্ধ হয়ে যায়, তবে গণতন্ত্র কেবল মাত্র সংখ্যাগরিষ্ঠের শাসন হয়ে দাঁড়ায়, তার মৌলিক রূপ হারিয়ে ফেলে।

এক্ষেত্রে সংবাদমাধ্যমের ভূমিকাও সমালোচনার মুখে। অনেক সংবাদমাধ্যম উমর খালিদের মামলা নিয়ে নিরপেক্ষ অবস্থান নেননি। কেউ তাঁকে দেশদ্রোহী আখ্যা দিয়েছেন, কেউ আবার তাঁর প্রতি সহানুভূতি প্রকাশ করেছেন। কিন্তু প্রকৃত সাংবাদিকতার কাজ হল তথ্যের ভিত্তিতে নিরপেক্ষভাবে বিশ্লেষণ করা, যাতে সাধারণ মানুষ নিজের মত গড়ে তুলতে পারেন। সেখানে পক্ষপাতদুষ্ট সংবাদ পরিবেশন গণতন্ত্রকে আরও দুর্বল করে তোলে।

উমর খালিদের বন্দিত্ব আরও দীর্ঘায়িত হলে এর সামাজিক প্রভাবও কম হবে না। সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে এক ধরনের ভয়ের পরিবেশ তৈরি হচ্ছে। তারা মনে করছে, তাঁদের কথা বলার অধিকার ক্রমশ সংকুচিত হয়ে আসছে। অন্যদিকে সংখ্যাগরিষ্ঠের মধ্যে এই ধারণা ছড়িয়ে পড়ছে যে সরকারের সমালোচনা মানেই শত্রুতা। এই বিভাজন সমাজকে আরও অস্থির করে তুলছে। অথচ ভারতের শক্তি সবসময়ই ছিল তার বৈচিত্র্য এবং সেই বৈচিত্র্যের মধ্যে ঐক্য। যদি এই মৌলিক কাঠামোই নষ্ট হয়ে যায়, তবে তা দেশের ভবিষ্যতের জন্য অশনি সংকেত। সবশেষে বলা যায়, উমর খালিদের বন্দিত্ব কেবলমাত্র একটি আইনি মামলা নয়, এটি ভারতের গণতান্ত্রিক ও সাংবিধানিক কাঠামোর জন্য একটি পরীক্ষা। আমরা কি সত্যিই সেই গণতান্ত্রিক আদর্শে বিশ্বাস করি?

'দৃষ্টিকোন' মহাকাশ চর্চায় চাষিসন্তান

দেবেন হালদার, নদীয়া

গণিতে স্নাতক। তারপর মাদ্রাজ ইনস্টিটিউট অফ টেকনোলজি থেকে ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক। অতঃপর বিখ্যাত ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্সেস, ব্যাঙ্গালোর থেকে এ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং নিয়ে স্নাতকোত্তর ডিগ্রি। তারপর ডক্টরেট। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি, বোম্বাই থেকে। এমন তো কতই হয়! তাই না? হ্যাঁ, এমন শিক্ষাজীবন এদেশে বহু মানুষেরই আছে। ছিল। ভবিষ্যতেও থাকবে। কিন্তু যে মানুষটির কথা হচ্ছে, তিনি খানিক ব্যতিক্রমী। তাঁর পরিবারে তিনিই প্রথম স্নাতক। এরপর মাদ্রাজ ইঞ্জিনিয়ারিং কলেজে পড়তে যাবার সময়ই পায়ে প্রথম জুতো পরতে পান ভদ্রলোক। তার আগে অব্দি খালিপদই ঘুরে বেড়িয়েছেন।

স্কুল শেষ করার পরপরই চেয়েছিলেন ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়তে। এক সপ্তাহ ভুখা অনশনও করেছিলেন এই নিয়ে। বাপের মন টলেনি।

-তুই যদি দূরের কলেজে পড়তে যাস, তবে চাষের মাঠ কি আমি একা সামলাবো? আর তোকে ইঞ্জিনিয়ারিং পড়াতে গেলে আমাকে জমি বিক্কিরি করতে হয়। তুই কি চাস আমরা সবাই না খেতে পেয়ে মরি? এই ছিল বাপের কথা। এরপর আর কথা চলে না। ছেলেকে অতঃপর যুক্তি মেনে নিতেই হয়। সত্যিই তো, তাদের তো এই 'দিন আনি দিন খাই' অবস্থা। তাও আবার খরার দাপটে কোনও বছর ফসল ভালো না হলে তো আর কথাই নেই! বড় ক্লাসে ওর বয়সী ছেলেরা ফুলপ্যান্ট পরে আসত। ওকে কিনা বাপের পুরোনো ধুতি পরেই কাজ চালাতে হয়! সেই বাপই অবশ্য মতবদল করলেন একসময়। ততদিনে গণিতে স্নাতক হওয়া গিয়েছে। বাড়ির কাছেই ছিল কলেজ। রোজ কলেজ যাওয়ার আগে আর পরে চাষের মাঠে বাপকে সাহায্য করতে হয়েছে। তাঁদের তো আর আলাদা করে মুনিশ রেখে চাষ করার সামর্থ্য নেই! তবুও বাপের মন বদলেছে। যা হয় হোক। তুই যখন চাইছিস তো ইঞ্জিনিয়ারিং নিয়েই পড়। জমি বিক্রি না হয় করেই দেব। তবে দেখ, তোকে কিন্তু চাকরি একটা জোগাড় করতেই হবে। চাষীর ছেলে গ্র্যাজুয়েট হয়েছিস। আমাদের চোদ্দপুরুষে যা কেউ হতে পারেনি। তোকে আর আটকাবো না। সেই প্রথম বড় শহরে গিয়ে পড়ল ছেলে। এবার পায়ে জুতো উঠল। ফুলপ্যান্টও। কুড়িয়ে বাড়িয়ে গরীবের ছেলে ইঞ্জিনিয়ার হয়েই গেল! পরিবারে স্নাতকই কেউ ছিল না, তায় ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর! অবশ্য জিদ থাকলে কি না হয়! জীবনে যখন যা চেয়েছেন, সঙ্গে সঙ্গে পাননি কোনওটিই। যা পেয়েছেন, যেটুকু পেয়েছেন, তাতেই জান লড়িয়ে দিয়েছেন। সাফল্য এসেছে। গরীব প্রান্তিক চাষীর ছেলের লড়াই কখনও ব্যর্থ হয়না। হয়নিও।

মাদ্রাজ ইনস্টিটিউট অফ টেকনোলজি থেকে পাস করার পর ভেবেছিলেন হ্যাল বা ন্যালে চাকরি জুটবে। জোটেনি। তার বদলে আইআইএস ব্যাঙ্গালোরে মাস্টার্স করার সুযোগ জোটে। ইসরোয় চাকরি পেয়ে ভেবেছিলেন কৃত্রিম উপগ্রহ তৈরির প্রকল্পে তাঁকে সামিল করা হবে। কিন্তু তাঁর ভাগ্যে জুটল বিক্রম সারাভাই সেন্টার। তবে ঐ, যখন যে সুযোগ পেয়েছেন সেটিতেই পূর্ণ মনোযোগ দিয়েছেন।

নেতৃত্ব দেওয়ার সহজাত ক্ষমতা ছিল। জীবনে কখনও কারো সাহায্যের মুখাপেক্ষী থাকেননি। পড়াশুনোয় কোনও প্রাইভেট টুশনি, কোনও কোচিং নেওয়ার সামর্থ্য তাঁর ছিল না।

অবৈধভাবে পাচার হওয়া বালি বোঝাই ট্রাক্টর আটক করল ভূমি সংস্কার দপ্তর

দেবাশিস কংশবণিক, নবদ্বীপ, ১১ সেপ্টেম্বর ঃ বৃহস্পতিবার দুপুরে গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে বেআইনিভাবে পাচার হওয়া একটি গঙ্গার সাদা বালি বোঝাই ট্রাক্টর আটক করল ভূমি ও ভূমি সংস্কার দপ্তর। এদিন শহরের দক্ষিণাঞ্চল চারিচারা বাজার রোড থেকে গঙ্গার সাদা বালি বোঝাই ট্রাক্টর করে পাচারের সময় ধাওয়া করে ধরে ফেলে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের রাজস্ব পরিদর্শক সোমদীপ চক্রবর্তী। যদিও ঘটনায় সুযোগ বুঝে ঘটনাস্থল ছেড়ে পালিয়ে যায় ট্রাক্টর চালক। সূত্রের খবর সম্প্রতি গঙ্গা বা ভাগীরথী নদীর জলস্তর বেড়ে যাওয়ায় জেগে ওঠা সমস্ত গঙ্গার চর জলের তলায় চলে যায়। ফলে সাময়িকভাবে নিষ্ক্রিয় হয়ে যায় গঙ্গা থেকে

বেআইনিভাবে সাদা বালি পাচারকারীরা। পাশাপাশি সাময়িকভাবে বন্ধ হয়ে বেআইনি বালি পাচার। অপরদিকে গঙ্গা বা ভাগীরথী নদীর জলস্তর কিছুটা কমতেই ফের তৎপর হয়ে ওঠে বালি পাচারকারীরা। বেশ কিছুদিন বন্ধের পর আবারও শুরু হয় বেআইনিভাবে চোরা গোপ্তা গঙ্গার সাদা বালি পাচার। এদিন দুপুরে গোপন সূত্রে খবর পেয়ে শহরের দক্ষিণাঞ্চলে অভিযান চালায় ভূমি ও ভূমি সংস্কার দপ্তর রাজস্ব পরিদর্শক সোমদীপ চক্রবর্তী নেতৃত্বে দপ্তরের অন্যান্য কর্মীরা। সেখানে চারিচারা বাজার রোড এলাকা থেকে গঙ্গার সাদা বালি বোঝাই ট্রাক্টর আটক করলেও চালক সুযোগ বুঝে পালিয়ে যায়। বালি বোঝাই ট্রাক্টর আটকের পাশাপাশি খবর পাঠানো হয় নবদ্বীপ থানায়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে নবদ্বীপ থানার একটি টহলদারি পুলিশ ভ্যান। এরপর পুলিশের উপস্থিত আটক বালি বোঝাই ট্রাক্টরটিকে নিয়ে যায় ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের কর্মীরা। এ বিষয়ে ভূমি ও ভূমির সংস্কার দপ্তরের রাজস্ব পরিদর্শক সোমদীপ চক্রবর্তী জানান, সম্পূর্ণ বেআইনিভাবে ট্রাক্টর বোঝাই করে গঙ্গার সাদা বালি পাচার করছিল একশ্রেণীর অসাধু ব্যবসায়ী। খবর পেয়ে অভিযান চালিয়ে গঙ্গার সাদা বালি বোঝাই ট্রাক্টরটিকে আটক করা হয়েছে। রাজস্ব পরিদর্শক সোমদীপ চক্রবর্তী আরও জানান, অবৈধভাবে গঙ্গার চর কেটে গঙ্গার সাদা বালি তুলে নেওয়ায় ক্রমশ দুর্বল হয়ে পড়ছে নদীয়া ও পূর্ব বর্ধমানের একমাত্র সংযোগকারী সেতু গৌরাঙ্গ সেতু। তিনি বলেন, আমাদের বিএলআরও নবীন কুমার গৌতম এই বিষয়ে সদাই তৎপর। রাজস্ব পরিদর্শক সোমদীপ চক্রবর্তী জানান, বেআইনিভাবে গঙ্গার সাদা বালি পাচারের অভিযোগে ট্রাক্টর মালিকের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

গজরাজের আগমনে আতঙ্ক! ফেন্সিং তারে মুড়ে ফেলা হয়েছে জঙ্গল

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ১১ সেপ্টেম্বর ঃ বিশাল জঙ্গলে ঘেরা গ্রাম, আর এই জঙ্গলেই রয়েছে ৬৯ টি গজরাজের একটি দল। সামনেই দুর্গাপুজো, আতঙ্কিত গ্রামবাসীরা। কীভাবে পুজো কাটবে? ফেন্সিং তারে মুড়ে ফেলা হয়েছে জঙ্গল! সাধারণ মানুষের জন্য সতর্কবার্তা দিয়েছে বন দফতর। তা সত্ত্বেও আতঙ্কিত গ্রামবাসীরা! কখন বাড়ির সামনে গজরাজ এসে দাঁড়িয়ে যাবে, বা কখন ঘরবাড়ি ভেঙে দেবে, এই ভয় ও চিন্তা নিয়ে বসবাস করছেন গ্রামের মানুষরা। বাঁকুড়া উত্তর বনবিভাগের বড়জোড়া রেঞ্জের পাবয়ার জঙ্গলে ইতিমধ্যে এসে পৌঁছেছে ৬৯ টি হাতির একটি দল! এই জঙ্গলেই হাতিদের আস্তানা। সারা বছর দু'চারটে হাতি থাকলেও পুজোর আগে একদল করে হাতি এসে আশ্রয় নেয় এই জঙ্গলে! ঠিক এই বছরও পুজোর আগে ৬৯ টি হাতির একটি দল এসে পৌঁছেছে এই জঙ্গলে। বন দফতর সূত্রে জানা গেছে, আরও বেশ কিছু হাতির দল আসতে চলেছে এই জঙ্গলে! বড়জোড়া রেঞ্জের জঙ্গল লাগোয়া কালপাইনি, ডাকাইসিনি, পাবয়া সহ বেশ কিছু গ্রাম রয়েছে। এই গ্রামের মানুষগুলি হাতির আতঙ্কে বসবাস করছেন। স্থানীয়রা জানাচ্ছেন, কখনও হাতি তাদের বাড়ির সামনে এসে দাঁড়িয়ে থাকে, বা কখনও ঘরবাড়ি ভেঙে দেয়। এছাড়াও চাষবাসের ক্ষতি করে। ঠিকমত এইসব ক্ষতিপূরণও পাওয়া যায় না। হাতির আতঙ্কে চিন্তায় ঘুম উড়েছে এই এইসব গ্রামের মানুষগুলির! ফেন্সিং তার দিয়ে ঘেরা এই জঙ্গল তার মাঝেই রয়েছে ৬৯ টি হাতির একটি দল। এই জঙ্গলেই সারাক্ষণ হাতিদের নজরদারির জন্য রয়েছেন হুলা পার্টি ও বনকর্মীরা। সাধারণ মানুষের উদ্দেশ্যে সচেতন বার্তা দেওয়া হচ্ছে বন দফতরের পক্ষ থেকে। তাহলেও গ্রামবাসীদের মধ্যে একটা আতঙ্ক রয়েই যাচ্ছে। সামনে বিশ্বকর্মা পুজো, দুর্গাপুজো। এই গ্রামের মানুষগুলির পুজো কেমন কাটবে, সেই নিয়েই চিন্তিত রয়েছেন তারা।

রাতের অন্ধকারে পরপর ১৩টি দোকানে চুরি ঃ আতঙ্ক ও ক্ষোভ ব্যবসায়ীদের

সুজিত দত্ত, বর্ধমান, ১১ সেপ্টেম্বর ঃ পূর্ব বর্ধমানের শক্তিগড় স্টেশন বাজার এলাকায় পরপর চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়ালো বৃহস্পতিবার সকালে। থানার অদূরে পরপর ১২-১৩ টি দোকানে চুরির ঘটনায় এলাকা জুড়ে আতঙ্ক ও ক্ষোভ ছড়িয়ে পড়েছে। স্টেশন বাজার এলাকার আলুর গোদি, রেলের কন্ট্রাক্টরের গোডাউন, হোটেল, চায়ের দোকানসহ একাধিক ব্যবসা প্রতিষ্ঠানে চুরির ঘটনা ঘটে বুধবার রাতে। এর আগে এই এলাকায় একসঙ্গে এত দোকানে চুরির ঘটনা ঘটেনি বলে জানিয়েছেন স্থানীয়রা। আলুর গোদি ঘরের ম্যানেজার সজল সামন্ত জানান, এই রাস্তা দিয়েই থানায় যেতে হয়। রাতে বারবার নাকি পুলিশ টহলদারি করে। তবুও কিভাবে এত বড় চুরি হলো বুঝতে পারছি না। আমরা ভয় পাচ্ছি। সকালে দোকানে এসে দেখি তালা ভাঙা, লকার ভেঙে নগদ টাকা ও আলুর বস্তু নিয়ে গেছে। রেলের কন্ট্রাক্টরের গোডাউনের কর্মী হাফিজুল মল্লিক বলেন, আমাদের কাছ থেকে নগদ ৭৫ হাজার টাকা ও ৩-৪ লক্ষ টাকার মালপত্র চুরি হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় শক্তিগড় থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, মোট ১২টি দোকানের চুরির ঘটনা ঘটেছে। এতগুলি দোকানে একসঙ্গে চুরির পর এলাকাবাসীর নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের হাতের কাজ নিয়ে শুরু স্বয়ংসিদ্ধা মেলা

সুজিত দত্ত, বর্ধমান, ১১ সেপ্টেম্বর ঃ বর্ধমান টাউন হলে বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে শুরু হলো ২০২৫ সালের 'স্বয়ংসিদ্ধা মেলা'। বর্ধমান পৌরসভার উদ্যোগে ও নিজস্ব তহবিল থেকে আয়োজিত এই মেলার উদ্বোধন করেন পৌরসভার চেয়ারম্যান পরেশ চন্দ্র সরকার। উপস্থিত ছিলেন পৌরসভার সিটি মিশন ম্যানেজার তাপস মাকড়, বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাসসহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা। পৌরসভার চেয়ারম্যান বলেন, স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা সারা বছর যেসব পণ্য তৈরি করেন, দুর্গাপুজোর আগে সেই পণ্য বিক্রির জন্যই এই মেলার আয়োজন করা হয়েছে। এর ফলে তাঁদের সারাবছর বাজার তৈরি হয় এবং তারা আর্থিকভাবে স্বনির্ভর হতে পারেন। পৌরসভার সিটি মিশন ম্যানেজার তাপস মাকড় জানান, প্রাক-পুজোয় মহিলাদের তৈরি পণ্য বিক্রির সুবিধার্থে এই মেলার আয়োজন করা হয়েছে। এতে তাঁদের প্রত্যক্ষ বিক্রির পাশাপাশি প্রচার ও বাজারজাতকরণের সুযোগ তৈরি হচ্ছে। মেলাটি চলবে ১১ থেকে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত। প্রায় ৪৮টি স্টলে হস্তশিল্প, পোশাক, শাড়ি, সজ্জাসামগ্রী ও অন্যান্য পণ্য রয়েছে। দর্শনার্থীদের জন্য থাকছে ১২-১৪টি ফুড স্টল। উদ্বোধনী অনুষ্ঠানে বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস বলেন, স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের জন্য স্বয়ংসিদ্ধা মেলা একটি বড় প্ল্যাটফর্ম। পৌরসভার এই উদ্যোগ প্রশংসনীয়। মেলা ঘিরে ইতিমধ্যেই শহরবাসীর মধ্যে উচ্ছ্বাস দেখা গেছে। পুজোর আগে কেনাকাটার অন্যতম আকর্ষণ হয়ে উঠে এই মেলা বলে আশাবাদী পৌরসভা।

পয়েন্ট বিভ্রাটে ব্যাহত মেট্রো চলাচল

কলকাতা, ১১ সেপ্টেম্বর ঃ পয়েন্ট বিভ্রাটে মেট্রো চলাচল ব্যাহত হল শহিদ ক্ষুদিরাম থেকে মহানায়ক উত্তমকুমার স্টেশনের মধ্যে। বৃহস্পতিবার বেলা ১২টা ২০ মিনিট নাগাদ কবি সুভাষ মেট্রো স্টেশনের কাছে ট্রেনের লাইন পরিবর্তনের একটি পয়েন্ট আচমকা বিকল হয়ে যায়। এর জেরে প্রায় ৪০ মিনিট মেট্রো চলাচল ব্যাহত হয়। এই সময় টালিগঞ্জ থেকে দক্ষিণেশ্বরের মধ্যে পরিষেবা সচল ছিল বলে মেট্রো সূত্রের খবর। দুপুর ১টা ৫ মিনিট নাগাদ পয়েন্টের সমস্যা মিটে যাওয়ার পরে পুরো পথে মেট্রো চলাচল আবার শুরু হয়।

জাল জন্মের শংসাপত্র ধরা পরল কোচবিহার পৌরসভায়

শিল্পী দত্ত, কোচবিহার, ১১ সেপ্টেম্বর ঃ এবার জাল শংসাপত্র ধরা পরল কোচবিহার পৌরসভায় আর যা নিয়ে রীতিমতো চাঞ্চল্য। বারংবার জেলার বিভিন্ন প্রান্তে জাল আধার কার্ড ভোটার কার্ড ধরা পড়ার ঘটনা ঘটেছে বারংবার। কখনো উদ্ধার হয়েছে জাল টাকা। এবার কোচবিহার পৌরসভার থেকেই উদ্ধার জাল শংসাপত্র। মূলতঃ জন্মের শংসাপত্র দেওয়া হয় পৌরসভা থেকে। এতদিন পর্যন্ত জন্মের শংসাপত্র দেওয়া হতো হাতে লিখে। যদিও পরবর্তীতে শংসাপত্রকে ডিজিটাল করার উদ্যোগ গ্রহণ করা হয়। পুরনো শংসাপত্র গুলিতে ডিজিটাল তোলার জন্য যখন পৌরসভার হাতে এসে পৌঁছায় তখন দেখতে পাওয়া যায় সেগুলি জাল এমনকি শংসাপত্রে সই করে পৌরসভার ভাইস চেয়ারম্যান তার স্বাক্ষর ও জাল করা হয়েছে। বৃহস্পতিবার সাংবাদিক বৈঠক করে কোচবিহার পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ বলেন - এই সমস্ত জন্মের শংসাপত্র গুলি ১০-১২ বছর কুড়ি বছরের পুরানো। আগে এগুলি হাতে তৈরি করা হতো কিন্তু এখন ডিজিটালি করা হয়। শংসাপত্রের দায়িত্ব যারা রয়েছেন তারা ডিজিটাল শংসাপত্র করতে গিয়ে এই জাল শংসাপত্র গুলি উদ্ধার করেছে। তিনি আরো বলেন এস আই আর ঘোষণা কথা শুনে প্রচুর মানুষ এখন শংসাপত্র ঠিক করতে চাইছে। তারা এসে যখন আমাদের আধিকারিকদের দিচ্ছেন তাদের পুরনো শংসাপত্র তখন ডিজিটাল করতে গিয়েই এই জাল শংসাপত্রগুলো হাতে এসেছে। এর আগেও আমরা এক দুটো উদ্ধার

করে পুলিশকে জানিয়েছিলাম কিন্তু এবার বিগত প্রায় এক বছরে ৭০ থেকে ৮০টা শংসাপত্র জাল উদ্ধার হয়েছে। তিনি বলেন, আমরা তদন্ত করে দেখছি এবং পুলিশকে জানানো হবে কিন্তু এতদিন কেন জানানো হয়নি সেই প্রসঙ্গে তিনি বলেন আসলে যারা শংসাপত্র নিতে এসেছে তারা গ্রামের মানুষ সঠিকভাবে জানেন না কাকে দিয়ে বানিয়েছেন তবে একটি জাল চক্র রয়েছে যারা এই সমস্ত কাজ করছে আমরা পুলিশকে বলেছি অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করতে। সাধারণত শংসাপত্রগুলি সই থাকে ভাইস চেয়ারম্যানের। এক্ষেত্রে তার সইও জাল করা হয়েছে বলে জানিয়েছেন ভাইস চেয়ারম্যান আমিনা আহমেদ। যদিও এই প্রসঙ্গে কোচবিহার দক্ষিণ কেন্দ্রের বিজেপি বিভাগ নিখিল রঞ্জন দে বলেন - তৃণমূলের জামানায় সব সম্ভব। জালাআধার জাল ভোটার এখন জন্মের শংসাপত্র। এই শংসাপত্র গুলি তো পৌরসভা থেকেই দেওয়া হয়েছে। তাহলে এক বছর ধরে কেন তারা পুলিশ প্রশাসনের দ্বারস্থ হলো না। সর্ষের মধ্যেই ভূত রয়েছে। তিনি দাবি করেন এটাই নিতে হবে কোচবিহার পৌরসভাকে এবং অবিলম্বে পূর্ণাঙ্গ তদন্ত করে দোষীদের উপযুক্ত শাস্তি দিতে হবে। উল্লেখ্য এস আই আর ঘোষণা হওয়ার আগেই ইতিমধ্যে শংসাপত্রসহ ভোটার কার্ড সংশোধন করার যেন হিরিক পড়ে গেছে। এরই মাঝে বৃহস্পতিবার সাংবাদিক বৈঠক করে কোচবিহার পৌরসভার চেয়ারম্যানের এহেন বক্তব্য নিয়ে রীতিমত চাঞ্চল্য শুরু হয়েছে জেলা জুড়ে। প্রশ্ন উঠছে কিভাবে এই জাল চক্র পৌরসভা অবধি পৌঁছে গেছে ? কারা জড়িত ? আদৌ কি এদের ধরা সম্ভব নাকি এর পিছনে রয়েছে বিরাট রহস্য। যদিও এসব কিছুর উত্তর তদন্তের পরেই জানা যাবে। ইতিমধ্যে পৌরসভার পক্ষ থেকে লিখিত অভিযোগ দায়ের করা হবে বলে জানিয়েছেন কোচবিহার পৌরসভার পৌরপতি রবীন্দ্রনাথ ঘোষ।

পূর্বস্থলীতে সচেতনতা শিবিরঃ বাল্যবিবাহ, কিশোরী গর্ভাবস্থা ও প্রতিবন্ধী অধিকার নিয়ে জোর প্রচার

দুরন্ত বার্তা, পূর্বস্থলী, ১১ সেপ্টেম্বর ঃ পূর্বস্থলী ১ ব্লকের নজরুল মঞ্চে বৃহস্পতিবার অনুষ্ঠিত হলো এক বিশেষ



সচেতনতা শিবির। মূলত বাল্যবিবাহ প্রতিরোধ, কিশোরী গর্ভাবস্থা রোধ এবং প্রতিবন্ধীদের আইনি অভিভাবকত্ব বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করতেই এই শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী স্বপন দেবনাথ। তিনি তাঁর বক্তব্যে বলেন, আজকের সমাজে কিশোরী কিশোরদের শিক্ষিত করে তোলা আমাদের অন্যতম দায়িত্ব। বাল্যবিবাহ শুধুমাত্র কন্যাশিশুর ভবিষ্যত নষ্ট করে না, গোটা সমাজকে পিছিয়ে দেয়। তাই একসাথে আমাদের এগিয়ে এসে এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। শিবিরে আরও উপস্থিত ছিলেন জেলাশাসক আয়েশা রানী এ, মহকুমাশাসক শুভম আগরওয়াল, এসডিপিও রাকেশ চৌধুরী, কালনার বিধায়ক দেবপ্রসাদ বাগ, পূর্বস্থলী উত্তরের বিধায়ক তপন চট্টোপাধ্যায় সহ প্রশাসনিক আধিকারিক ও বিশিষ্ট ব্যক্তিত্বরা। জেলাশাসক আয়েশা রানী এ বলেন, প্রতিটি অভিভাবকের সচেতন হওয়া জরুরি। কিশোরী মেয়েদের অল্প বয়সে বিয়ে দিয়ে দিলে শুধু শারীরিক নয়, মানসিক ঝুঁকিও তৈরি হয়। সরকার ও প্রশাসন কড়াভাবে বাল্যবিবাহ রোধে কাজ করছে, তবে এই লড়াই সফল করতে সমাজের প্রতিটি স্তরের মানুষকে এগিয়ে আসতে হবে। পাশাপাশি তিনি আরো বলেন কিশোরী গর্ভাবস্থা থেকে উদ্ভূত স্বাস্থ্য সমস্যা, পড়াশোনার বিঘ্ন এবং সামাজিক প্রভাব সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়। পাশাপাশি প্রতিবন্ধী ব্যক্তিদের আইনি অভিভাবকত্ব সংক্রান্ত আইন ও অধিকার সম্পর্কেও বিশদ তথ্য দেওয়া হয়।

নেপালের অগ্নিগর্ভ পরিস্থিতির ছোঁয়া ভারতে, পানিট্যাঙ্কি সীমান্তে অচলাবস্থা অব্যাহত!

বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত থেকে উদ্ধার হয়েছে এই পাঁচ কোটি টাকার সোনার বিস্কুট। বিএসএফ সূত্রে খবর, পাচারের সময় সীমান্তরক্ষী বাহিনীর নজরে পড়ে যায় ওই পাচারকারী। এযাবৎকালে ভারত-বাংলাদেশ সীমান্তে পাচারের সময় উদ্ধার হওয়া সোনার মধ্যে এটি তৃতীয় সর্বোচ্চ। পরে ধৃত যুবককে ও উদ্ধার হওয়া সোনার বিস্কুটগুলিকে তুলে দেওয়া হয় ডিরেক্টরেট অফ রেভিনিউ ইন্টেলিজেন্সের (ডিআরআই) হাতে। কোন পাচারের নেটওয়ার্ক ধরে বাংলাদেশ থেকে এই বিপুল পরিমাণ সোনা এদেশে আসছিল, তা জানতে তদন্ত শুরু করেছে ডিআরআই। সূত্রের খবর বিষয়টি সীমান্তরক্ষী বাহিনীর নজরে আসতেই। সন্দেহজনক ওই যুবককে প্রথমে আটক করে। যুবককে জিজ্ঞাসাবাদের পাশাপাশি তার সমস্ত কিছুতে তল্লাশি শুরু করে। আর এই তল্লাশিতেই বিএসএফের চক্ষু চড়ক গাছ। কারণ তল্লাশিতে তার কাছে থাকা একটি ব্যাগ থেকে ৩৫ টি সোনার বিস্কুট উদ্ধার হয়। যার বাজার মূল্য আনুমানিক পাঁচ কোটি টাকা। বিপুল পরিমাণ এই সোনার বিস্কুট বাংলাদেশ থেকে ভারতে নিয়ে আসা হচ্ছিল বলে জানা গেছে। বিএসএফের একটি সূত্র জানাচ্ছে, দুই দেশের মধ্যে সোনার দামের অনেক ফারাক, ট্যাক্স ফাঁকি বা বাঁচানো-সহ একাধিক কারণ রয়েছে। সম্ভবত সেই উদ্দেশ্যেই এই বিপুল অঙ্কের সোনার বিস্কুট নিয়ে আসা হচ্ছিল বাংলাদেশ থেকে এদেশে। প্রাথমিক তদন্তে বিএসএফ জানতে পেরেছে, ধৃত যুবক নদীয়ার ধানতলা থানা এলাকার হরিতলা পাড়ার বাসিন্দা। যদিও পরবর্তী তদন্তের স্বার্থে বিএসএফ অথবা ডিআরআই, উভয় পক্ষের তরফেই ধৃতের নাম ও পরিচয় প্রকাশ করেনি। তবে এর সঙ্গে আন্তর্জাতিক সোনা পাচার চক্রের কোনও নেটওয়ার্ক জড়িয়ে রয়েছে কিনা, তা জানতে পরবর্তীতে বৃহত্তর তদন্ত করবে ডিআরআই। বিএসএফ সূত্রে আরও জানা গেছে মাঝেমধ্যেই ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত থেকে বিভিন্ন পাচারের ঘটনা বিভিন্ন সময় ঘটে। যার মধ্যে সোনা পাচার অন্যতম। সেই সোনা মূলত বিস্কুট রূপে এই দেশে নিয়ে আসা হয়। এদিনের ঘটনা এযাবৎকালের তৃতীয় সর্বোচ্চতম বলে জানিয়েছে সীমান্তরক্ষী বাহিনী। বিএসএফের দক্ষিণবঙ্গ ১৯৪ ব্যাটালিয়নের আওতাধীন ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত ব্যবহার করে এক যুবক সোনা পাচারের চেষ্টা করে। সেই সময় ঐ যুবককে সোনা-সহ আটক করা হয় পরে গ্রেফতার করা হয়। প্রশাসন সূত্রে খবর গ্রেফতার হওয়া যুবককে জিজ্ঞাসাবাদ করে জানার চেষ্টা করা হবে এই ঘটনার সঙ্গে কারা কারা যুক্ত কোথায় এই বিপুল পরিমাণ সোনা পাঠানোর কথা ছিল। প্রয়োজনে তাদের বিরুদ্ধেও আইনত ব্যবস্থা নেওয়া হবে।

কবি সুদীপ চন্দ্র হালদারকে ভারত প্রতিভা সম্মান - ২০২৫ প্রদান

নয়াদিল্লি, ১১ সেপ্টেম্বর ঃ কবি ও গবেষক সুদীপ চন্দ্র হালদারকে প্রদান করা হলো রাষ্ট্রীয় মর্যাদাপূর্ণ ভারত প্রতিভা সম্মান - ২০২৫। গতকাল, বুধবার বিকালে নয়াদিল্লির ঐতিহাসিক প্রধানমন্ত্রী সংগ্রহশালা প্রাঙ্গণে এক অনাড়ম্বর কিন্তু

মর্যাদাপূর্ণ অনুষ্ঠানে তাঁর হাতে এই সম্মান তুলে দেওয়া হয়। অনুষ্ঠানটির আয়োজন করেছিল ভারত প্রতিভা সম্মান কাউন্সিল, যেখানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রী অনুরাগ ঠাকুর, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও বর্তমান লোকসভার সদস্য। এছাড়া বিশেষ অতিথি হিসেবে মঞ্চে উপস্থিত ছিলেন দুই বিশিষ্ট পদ্মশ্রী প্রাপ্ত - অধ্যাপক (ডা.) কমল কুমার শেঠী ও বিশিষ্ট নৃত্যশিল্পী শ্রীমতী শোভনা নারায়ণ। এই অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত ২৫ জন গুণী ব্যক্তিত্বকে, তাঁদের নিজ নিজ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য সম্মাননা প্রদান করা হয়। সম্মাননাটি পদ্মশ্রী পুরস্কারের আদলে তৈরি এক বিশেষ স্মারক ও মানপত্রের মাধ্যমে প্রদান করা হয়। অনুরাগ ঠাকুর তাঁর বক্তব্যে বলেন, ভারত প্রতিভা সম্মান প্রাপ্ত প্রত্যেকে তাঁদের কাজের মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার পথ দেখিয়েছেন। সরকারের অঙ্গীকার হচ্ছে প্রকৃত কাজের যথাযথ স্বীকৃতি দেওয়া। তিনি দুখু মাঝিকে দেওয়া পদ্মশ্রী পুরস্কাররের প্রসঙ্গ তুলে এনে বলেন, এখন সময় এসেছে প্রকৃত কর্মীদের সম্মান জানানোর। শ্রীমতি শোভনা নারায়ণ বলেন, এই স্বীকৃতি প্রাপ্তি গর্বের, তবে এই সম্মান যেন সবার কর্মযজ্ঞকে আরও গতিশীল করে তোলে। আর ডা. কমল কুমার শেঠী সমাজসেবায় অধিকতর সক্রিয় হবার আহ্বান জানান সবাইকে। সম্মাননা প্রাপ্তির পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কবি সুদীপ চন্দ্র হালদার বলেন, ভারত এগিয়ে যাচ্ছে, ভারত এগিয়ে যাবে। মহান ভারত বিশ্বগুরু হবে। আজকের এই সম্মান শুধু ব্যক্তিগত প্রাপ্তি নয়, বরং এটি আরও বড় দায়িত্বের প্রতীক। তিনি বলেন, আজকে জাতীয় ভাবে স্বীকৃতি প্রাপ্ত সবাই ভারতকে এগিয়ে নিতে ভূমিকা রেখে চলেছেন। তিনি আরও যোগ করেন, আমি আমার কাজের মধ্য দিয়ে এই অগ্রগতির পথে সামান্য হলেও কিছু অবদান রাখতে চাই। এই রাষ্ট্রীয় স্বীকৃতি আমাকে আরও দায়বদ্ধ করেছে। অনুষ্ঠানের শেষে আয়োজন করা হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের, যেখানে ভারতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের বিভিন্ন দিক তুলে ধরা হয়। গানে, নৃত্যে ও কাব্যের মধ্য দিয়ে গোধূলি হয়ে ওঠে এক স্মরণীয় মিলনমেলা।

আমমোক্তার

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল বিকাশ আইন, পিতা- সঁন্তোষ আইন, সাং- জগদীশপুর, রামকৃষ্ণ পাড়া, পোষ্ট- জগদীশপুর হাট, থানা- লিলুয়া, জেলা- হাওড়া, পিন-৭১১১১৪। শ্রীমতি পাপিয়া আইন হাওড়া ডিস্ট্রিক রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ৪, ভলুম নং- ১, পাতা নং- ৬৫২৬ হইতে ৬৫৪০, দলিল নং- ০০৫৬৮, তারিখ ০৮.০৭.২০১৪ দলিল দ্বারা শ্রী বিকাশ আইন মহাশয়কে আমমোক্তার নিযুক্ত করেন। উক্ত আমমোক্তার ক্ষমতা বলে মৌজা - জগদীশপুর, জে. এল. নং- ২, সাবেক দাগ নং- ৪৮২২, হাল দাগ নং- ৪৮৭০, জমির পরিমাণ - ৯ শতক, জমি পাপিয়া আইন চারটি আলাদা দলিলে ক্রয় করেন, দলিল নং ৮৮৭০/ ২০২৫, ৮৮৭১/ ২০২৫, ৮৮৭২/ ২০২৫, ৮৮৭৩/২০২৫ দ্বারা শ্রী রঘুনাথ দাস দ্বিগরের থেকে ক্রয় করেন। তারপর পাপিয়া আইন উক্ত জমি আমার মক্কেল শ্রী বিকাশ আইনকে দানপত্র দলিল করে দেন যাহার দলিল নং- ৯৩২৫/২০২৫। বর্তমানে আমার মক্কেল হাওড়া বালি জগাছা বি.এল. এন্ড এল.আর.ও. ব্লকে পরচার জন্য আবেদন করেছেন। সকলকে অবগত করাইয়া যাইতেছে যে, যদি কাহারো কোনো আইনানুক আধিকার বা আপত্তি থাকে, তাহলে হাওড়া বালি জগাছা বি.এল. এন্ড এল.আর.ও. ব্লকে এসে বক্তব্য রাখতে পারেন। যাহার মিউটেশান নং- ৯৪০৭ সাল ২০২৫।

E-Teneder Notice

e-Tenders are invited for Dewats Integrated Settler with ABR and HPGF work under SBM-G fund in **N.I.e.T. No.– 04/HBDO/SBM-G/25-26**. Documents and other details is available in the website **tenders.gov.in.** The last date of submission for all the tenders are up to **14.00 hours** on dated **25/09/2025** respectively. Further, contact with the office of the undersigned for any quarries in the office hours.

Sd/- Block Development Officer
Hariharpara, Murshidabad

Office of the Prodhan
Nahazari Gram Panchayat
NOTICE INVITING E-TENDER No.
(1)NAH/851/2025, (2) NAH/852/2025, Date: 11.09.2025

Online/E-Tender is invited from the experienced and resourceful bidders for total 5(Five) Nos. different works at different places. Source of Fund: APAS & Own Fund. Bid submission closing date(online) **20.09.2025 at 12.00 Noon**. Bid Opening Date for Technical Proposal(Online) **22.09.2025 at 12.00 Hrs**. For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Nahazari Gram Panchayat

OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER
Udaynarayanpur, Howrah
PRESS NOTICE

E-Tender No.-WB/HWH/UNPUR/NIET-2/BDO/25-26, Dt.-11/09/2025 for 01 nos. scheme within the jurisdiction of Udaynarayanpur Development Block. **Tender ID-2025_ZPHD_901086_1**. Detail information will be available from the website **https://wbtenders.gov.in.**

Sd/- Block Development Officer
Udaynarayanpur Dev. Block

ফুটপাত উচ্ছেদে গিয়ে প্রতিরোধের মুখে প্রশাসন

দুরন্ত বার্তা, রামপুরহাট, ১১ সেপ্টেম্বর ঃ ফুটপাত উচ্ছেদ করতে গিয়ে ফুটপাত ব্যবসায়ীদের প্রতিরোধে পিছু হটতে হল মহকুমা প্রশাসনকে। প্রশাসন জোর করে উচ্ছেদ করলে গায়ে আগুন ধরিয়ে আত্মহত্যা করার হুমকি দেন ফুটপাত ব্যবসায়ীরা। ফলে উচ্ছেদ না করেই ফিরে যেতে হলো উচ্ছেদ করতে আসা আধিকারিকদের। ঘটনাটি বীরভূমের রামপুরহাটে। বুধবার রাতে বীরভূমের রামপুরহাট শহরের পশু হাসপাতালের বাইরের দিকের দেওয়াল ঘেঁসে থাকা বেশ কয়েকটি ফুটপাত ব্যবসায়ীদের উচ্ছেদ করতে পে লোডার নিয়ে ঘটনাস্থলে পৌঁছান রামপুরহাট মহকুমা আধিকারিকেরা। তারা ফুটপাতে থাকা দোকান গুলি উচ্ছেদ করতে গেলে ঘটনাস্থলে পৌঁছায় রামপুরহাট ফুটপাত ব্যবসায়ী যৌথ মঞ্চের সদস্যরা। তারা উচ্ছেদের বিরুদ্ধে রুখে দাঁড়ান। তাদের দাবী রাতের অন্ধকারে পুজোর মুখে পুনর্বাসন না দিয়ে কোন ফুটপাত ব্যবসায়ীকে উচ্ছেদ করা যাবে না। প্রশাসন জোর করে উচ্ছেদ করলে গায়ে আগুন ধরিয়ে আত্মহত্যা করার হুমকি দেন ফুটপাত ব্যবসায়ীরা। রাত যত বাড়তে থাকে প্রতিবাদও তত বাড়তে থাকে। প্রতিবাদ বাড়তে থাকায় শেষ পর্যন্ত উচ্ছেদ না করেই ফিরে যেতে হয় প্রশাসনকে। তবে এই বিষয়ে কোন মন্তব্য করতে রাজি হননি উচ্ছেদ করতে আসা আধিকারিকেরা। যৌথ মঞ্চের সদস্য শাহাজাদা হোসেন কিন্তু বলেন, এখানকার বিধায়ক আশিস বন্দ্যোপাধ্যায় দিনে বহুজাতিক সন্দ্থার মলের উদ্বোধন করছেন। আর রাতের ফুটপাত ভাঙতে যে সি বি পাঠাচ্ছেন। এটাই ওদের দুমুখো নীতি।

মা দুর্গা আগমন - ২০২৫ কলকাতায় ইন্ডিয়ান হ্যান্ডলুম অ্যান্ড হস্তশিল্প প্রদর্শনী সহ বিক্রি শুরু

কলকাতা, ১১ সেপ্টেম্বর ঃ সেন্ট্রাল কটেজ ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড হল বস্ত্র মন্ত্রকের প্রশাসনিক নিয়ন্ত্রণের অধীনে ভারত সরকারের একটি উদ্যোগ, এটি সারা দেশের কারিগর, তাঁতি এবং শিল্পকার দের একটি বিপনম প্ল্যাটফর্ম প্রদান করে। সি সি আই সি ভারত এর হস্তশিল্প এবং তাঁত পণ্য বিক্রির জন্য নয়াদিল্লি, কলকাতা, বেঙ্গালুরু, হায়দ্রাবাদ এবং চেন্নাইতে নামী শোরুম এর পরিচালনা করে যার মাধ্যমে এটি হস্তশিল্প এবং তাঁত পণ্যের খুচরা বিক্রি করে। এই পণ্যগুলি তাঁতি, মাস্টার তাঁতি, কারিগর, কারুশিল্প ব্যক্তি, মাস্টার কারুশিল্প ব্যক্তি, জাতীয় পুরস্কারপ্রাপ্ত, শিল্প গুরু এবং গোষ্ঠীর কাছ থেকে নেওয়া হয়। আমাদের লক্ষ্য তাদের সাথে অংশীদারিত্বে করা এবং তাদের অর্থনৈতিক উন্নয়ন, উন্নত জীবিকা, সাংস্কৃতিক জীবনীশক্তি এবং ওই সম্প্রদায়ের কল্যাণের প্রচার করা। এই এম্পোরিয়ামে এক ছাদের নীচে সারা ভারত থেকে ভারতজুড়ে সেরা হস্তশিল্পগুলোর প্রদর্শিত হয়, যার মধ্যে রয়েছে সূক্ষ্ম ভাস্কর্য, পেইন্টিং, আর্টওয়ার্ক, ধাতব পাত্র, কাঠের কারুশিল্প, মৃৎশিল্প, পাথর এবং মার্বেল কারুশিল্প, কার্পেট, আসবাবপত্র, আসবাবপত্র, টেবিল লিনেন, শাড়ি, রেডিমেড কাপড়, আনুষাঙ্গিক, গহনা, নৈপুণ্য উপকরণ, ভেষজ পণ্য এবং আরও অনেক কিছু। প্রতিটি পণ্য অনন্য, ভারতীয় লোককাহিনী, ধর্মীয় বিশ্বাস, সাংস্কৃতিক মূল্যবোধ এবং সমৃদ্ধ ঐতিহ্যকে প্রতিফলিত করে। ভারতীয় হস্তশিল্প উদ্‌যাপন এবং প্রচারের উদ্দেশ্যে, এই দুর্গা পূজায় সেন্ট্রাল কটেজ ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড (সিসিআইসি) কলকাতার সিসিআইসি এম্পোরিয়াম ৭, জে.এল. নেহরু রোড, কলকাতা - ৭০০০১৩, মা দুর্গা আগমন - ২০২৫ হ্যান্ডিক্রাফট এবং হ্যান্ডলুম প্রদর্শনী সহ বিক্রয় অনুষ্ঠিত করছে, যেখানে উভয় ভারতীয় হ্যান্ডলুম এবং হ্যান্ডিক্রাফট পণ্য প্রদর্শিত হবে। প্রদর্শনী ৩১ অক্টোবর, ২০২৫ (সকাল ১০.৩০ - সন্ধ্যা ৭.৩০)

পর্যন্ত খোলা থাকবে। রুপোর জিনিস বাদে হস্তশিল্প ও তাঁতের উপর ১৫ ছাড় থাকবে। (শর্তাবলী প্রযোজ্য) যেহেতু প্রদর্শনীটি সারা দেশ থেকে এই সেক্টরে কর্মরত দক্ষ ওস্তাদ কারিগর, জাতীয় পুরস্কার পুরস্কারপ্রাপ্ত এবং কারিগরদের দ্বারা কঠোর পরিশ্রমের সাথে সম্পাদিত ভারতীয় তাঁত এবং হস্তশিল্পের পণ্যগুলির সম্পূর্ণ পরিসীমা প্রদর্শন করা হয়েছে। আমরা আপনার উপস্থিতির অপেক্ষায় রয়েছি এবং আমরা চাই আপনার নামকরা সংবাদপত্র, ম্যাগাজিন এবং ইলেকট্রনিক মিডিয়াতে এটি কভার করার মাধ্যমে ভারতীয় হস্তশিল্পের প্রচারের জন্য সি সি আই সি -কে সমর্থন করুন। সেন্ট্রাল কটেজ ইন্ডাস্ট্রিজ এম্পোরিয়াম, ৭, জে এল নেহেরু রোড, কলকাতা - ৭০০০১৩, আমাদের মূল্যবান গ্রাহক দর্শনার্থীদের জন্য ৩১ অক্টোবর, ২০২৫ পর্যন্ত সকাল ১০.৩০ টা থেকে সন্ধ্যা ৭.৩০ টা পর্যন্ত খোলা থাকবে।

Office of the
Antila Gram Panchayat
Vill.- Antila P.O.-Antila, P.S.-Bagnan, Dist.-Howrah

Notice Inviting e-Tender No.: **AGP/eNIT/05/25-26, Dated: 10/09/2025**
For and on behalf of the Antila Gram Panchayat, Pradhan, invites tenders through e-tendering for 07 (Seven) Nos. similar works. Bid submission start dt.: **12/09/2025 at 10:00 Hrs.** Bid submission closing dt.: **19/09/2025 at 10:00 p.m.** Bid Opening Date on **22/09/2025 at 10.00 Hrs.** For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Antila Gram Panchayat

Office of the
Paschim Bishnupur Gram Panchayat
Bhasa 14 No, Bishnupur, South 24 Parganas
E TENDER NOTICE
E-Tender No - PASGP/744/2025, Date:- 08/09/2025

ETender invited by Prodhan, Paschim Bishnupur Gram Panchayat Under BDO Bishnupur-I for civil work. For visit **www.wbtenders.gov.in** Bid Start Date **08/09/2025 at 18.00** and Bid Closing Date **16/09/2025 at 13:00**.

Sd/- Prodhan
Paschim Bishnupur Gram Panchayat

আদ্রা ডিভিসনে "এক স্টেশন এক পণ্য" প্রকল্পের জন্য আগ্রহের প্রকাশ আহ্বান

ভারতের রাষ্ট্রপতির জন্য ও পক্ষে সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, আদ্রা কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য আগ্রহী পক্ষদের নিকট থেকে "আগ্রহের প্রকাশ" আহ্বান করা হচ্ছেঃ **কাজের বিবরণ ঃ** আদ্রা ডিভিসনে **বিষ্ণুপুর-পিএফ-২ এবং ৩ (স্টল), ইন্দ্রবিল, আনারা, গড়বেতা, বার্নপুর পিএফ-১ এবং বার্নপুর পিএফ-২ এবং ৩ (ট্রলি) স্টেশনে (১টি স্টল এবং ০৫টি ট্রলি)** "এক স্টেশন এক পণ্য" প্রকল্পের পরিচালনা। **কাজের স্থান ঃ** যে স্টেশনের জন্য আবেদন করা হবে। **চুক্তির মেয়াদঃ** একটি পর্যায়ে ১৫ দিন (রোস্টার অনুযায়ী এবং অগ্রাধিকার অনুযায়ী)। **নথিপত্রাদি সহ পূরণ করা আবেদনপত্র** যা স্টেশন ম্যানেজারের কার্যালয়ে **২০.০৯.২০২৫ তারিখ দুপুর ১টা পর্যন্ত** রাখা ড্রপ বক্সে দাখিল করতে হবে তার **শেষ তারিখ ২০.০৯.২০২৫ তারিখ দুপুর ১টা পর্যন্ত।** উক্ত বাক্সটি **২০.০৯.২০২৫ তারিখ বিকেল ৩টে পর্যন্ত** খোলা থাকবে। ইওআই ফর্মটি দক্ষিণ পূর্ব রেলওয়ের ওয়েবসাইট **www.ser.indianrailways.gov.in** থেকে ডাউনলোড করা যাবে।

(PR-618) সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, আদ্রা
দক্ষিণ পূর্ব রেলওয়ে
প্রসন্নচিত্তে রেল পরিষেবা

তারাপীঠে ব্যবসায়ীরা বন্ধ করলেন সমস্ত ধরনের ইউপিআই লেনদেন

দুরন্ত বার্তা, তারাপীঠ, ১১ সেপ্টেম্বর ঃ কোনবিশেষ তিথি ছাড়াও প্রতিদিন বীরভূমের অন্যতম শক্তিপীঠ তারাপীঠে হাজার হাজার পর্যটক ভক্তরা আসেন। তবে এবার তারাপীঠে যারা তারা মায়ের দর্শন অথবা ঘুরতে আসছেন তাদের একটি খবর জানতেই হবে। নইলে মহা সমস্যায় পড়তে হতে পারে তাদের। আসলে বীরভূমের তারাপীঠের ব্যবসায়ীরা ইউপিআই-এর মাধ্যমে লেনদেন করতে ভয় পাচ্ছেন। কারণ, প্রতারণার টাকা অ্যাকাউন্টে ঢুকলেই সেটি ফ্রিজ হয়ে যাচ্ছে। ফলে অনেকেই ডিজিটাল পেমেন্ট বন্ধ করে দিয়েছেন। কারণ ইতিমধ্যেই সাইবার প্রতারণার ফাঁদে পড়েছেন তারাপীঠের প্রায় ৩০০ ব্যবসায়ী। এক মদ ব্যবসায়ী ও হোটেল ব্যবসায়ীর সাত থেকে আটটি ভিন রাজ্য থেকে সাইবার মামলা শুরু হয়েছে, এর ফলে সমস্যায় পড়তে হচ্ছে ব্যবসায়ীদের। সাইবার প্রতারণা নিয়ে বিরক্ত গোটা দেশের মানুষ। এসবের পরিপ্রেক্ষিতেই এবার দেশ তথা পশ্চিমবঙ্গের অন্যতম তীর্থক্ষেত্র, পর্যটনকেন্দ্র বীরভূম জেলার তারাপীঠের ব্যবসায়ীরা নিয়েছেন এই বিশেষ সিদ্ধান্ত। তারা সমস্ত ধরণের ইউপিআই পেমেন্ট বন্ধ করে দিয়েছেন। হোটেল ব্যবসায়ী, মুদিখানা, মাংসের দোকান, সবজি দোকান, মদের দোকান সকল ব্যবসায়ীদের পক্ষ থেকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যেভাবে অনলাইন পেমেন্টে সাইবার অপরাধ বাড়ছে তাতে তারা বিরক্ত এবং ভীত। তাই তারা সমস্ত ধরণের ইউপিআই লেনদেন বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। তারাপীঠে বেশিরভাগ ব্যবসায়ী তারা এখন থেকে শুধু নগদ এবং ক্রেডিট কার্ডে লেনদেন করবেন। জানা গেছে, দেশের বিভিন্ন জায়গা থেকে প্রতারণা করে তারাপীঠে আসছেন প্রতারকরা, তারপর তারা প্রতারণার টাকা দিয়ে UPI-এর মাধ্যমে QR কোড স্ক্যান করে কেনাকাটা করছেন। আর কার্যত এর ফলেই বিপদ বাড়ছে ব্যবসায়ীদের। প্রতারণার টাকা ঢুকলেই ফ্রিজ হয়ে যাচ্ছে অ্যাকাউন্ট। কারেন্ট অ্যাকাউন্টের ক্ষেত্রে নির্দিষ্ট পরিমাণ টাকা ফ্রিজ হয়ে যায়, আর সেভিংস অ্যাকাউন্ট হলে গোটা অ্যাকাউন্টটাই। আর এসবের ফলেই তারা আর এবিষয়ে কোনও ঝুঁকি আর নিতে রাজি নন।

দূর্গা পুজো উপলক্ষে সমন্বয় সভা নবদ্বীপে

গোপাল বিশ্বাস, নদীয়া, ১১ সেপ্টেম্বর ঃ হাতে মাত্র কটা দিন, তার পরেই শুরু বাঙালির প্রণের

পুজো দূর্গা পুজো। আর এই পুজোকে সর্বাঙ্গীন সুষ্ঠু ভাবে করার লক্ষ্যে বৃহস্পতিবার বিকেলে এক সমন্বয় সভারা আয়োজন করে নবদ্বীপ থানা ও কৃষ্ণনগর পুলিশ জেলার তরফে। বৃহস্পতিবার বিকেলের পর নবদ্বীপ শহরের রবীন্দ্র সাংস্কৃতিক মঞ্চে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়, উপস্থিত ছিলেন নবদ্বীপ থানার আইসি জলেস্বর তিওয়ারি, ছিলেন জেলা পুলিশের আধিকারিক নবদ্বীপের বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা, পৌরপ্রধান বিমান কৃষ্ণ সাহা, সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও পুজো কমিটির সদস্য - সদসারা। আসন্ন দূর্গাপুজো ২০২৫ এ সরকারি কি কি বিধিনিষেধ আছে ও পুজোর অনুমতি নিয়ে পুজো কমিটিগুলোর কি কি সমস্যা সহ বিভিন্ন বিষয়ে এদিন সকলের মত বিনিময়ের মাধ্যমে সভা অনুষ্ঠিত হয়। এদিন এই সভার পাশাপাশি স্তরাজ্য সরকারের কতৃক প্রদেয় পুজো অনুদান প্রদানও করা হয় পুজো কমিটি গুলোকে। জানা যায় এবছর নবদ্বীপ থানা এলাকায় মোট পুজোর সংখ্যা ৩২৮ টি এর মধ্যে মহিলা দ্বারা পরিচালিত পুজো কমিটির সংখ্যা প্রায় ৭৫ টি, আর এবছর নবদ্বীপ থানা এলাকায় মোট ১৪০ টি পুজো কমিটিকে পুজো অনুদান দেওয়া হয়।

আরপিএফ, পূর্ব রেল যাত্রীদের জিনিসপত্রের নিরাপত্তা নিশ্চিত করেছে - অপরাধীকে গ্রেপ্তার করেছে

কলকাতা, ১১ সেপ্টেম্বর ঃ যাত্রীদের নিরাপত্তা বৃদ্ধি এবং রেলওয়ে চত্বরে অপরাধ দমনের জন্য "মিশন যাত্রী সুরক্ষা"- এর অধীনে চলমান অভিযানের অংশ হিসাবে, শিয়ালদহ ডিভিশনের রেলওয়ে সুরক্ষা বাহিনী (আরপিএফ) যাত্রীদের জিনিসপত্র চুরির এক কুখ্যাত অপরাধীকে সফলভাবে গ্রেপ্তার করেছে। ১০.০৯.২০২৫ তারিখে, স্থানীয় জনসাধারণের কাছ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে, একজন যাত্রীর কাছ থেকে সোনার অলঙ্কার ছিনতাইয়ের অভিযোগে একজনকে আটক করা হয়েছিল। তাৎক্ষণিকভাবে পদক্ষেপ নেওয়ার পর, আরপিএফ / পোস্ট / বারুইপুরের অধীনে লক্ষ্মীকান্তপুরের আরপিএফ কর্মকর্তারা, জিআরপিএস / লক্ষ্মীকান্তপুরের সাথে সমন্বয় করে, কুলপি রেলওয়ে স্টেশন থেকে অভিযুক্তকে গ্রেপ্তার করেন। অভিযান চলাকালীন, প্রায় ১২ গ্রাম ওজনের



একটি সোনার অলঙ্কার উদ্ধার করা হয়েছে যার মূল্য প্রায় ১,২০,০০০ টাকা। আটককৃত অপরাধী, যাকে TOPB (যাত্রীদের জিনিসপত্র চুরি) অপরাধী হিসেবে চিহ্নিত করা হয়েছে, তাকে GRPS / বারুইপুরে হস্তান্তর করা হয়েছে, যেখানে রেলওয়ে আইনের অধীনে একটি মামলা দায়ের করা হয়েছে। পূর্ব রেলওয়ে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং সমস্ত যাত্রীদের সতর্ক থাকার এবং নিরাপদ ভ্রমণ পরিবেশ বজায় রাখার জন্য আরপিএফ এবং জিআরপি কর্মকর্তাদের সাথে সহযোগিতা করার আহ্বান জানিয়েছে।

রক্ষণাবেক্ষণ কাজের জন্য শিয়ালদহ বিভাগে ট্রেনের নিয়ন্ত্রণ

কলকাতা, ১১ সেপ্টেম্বর ঃ দেখভালের জন্য শিয়ালদা এবং বিধান নগর রোড স্টেশনের মধ্যে ০১ নম্বর সেতুর ০৫ নম্বর লাইনে ২৪০ মিনিট (১১.০৯.২০২৫ তারিখের ২৩.৩০ ঘন্টা থেকে ১২.০৯.২০২৫ তারিখের ০৩.৩০ ঘন্টা পর্যন্ত) যান চলাচল এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার পরিকল্পনা করা হয়েছে। ফলে, ট্রেন চলাচলের ক্ষেত্রে নিম্নলিখিত ব্যবস্থাগুলি নিম্নরূপ করা হয়েছেঃ ১১.০৯.২০২৫ তারিখে ট্রেন বাতিলঃ ৩২২৪৯ শিয়ালদহ - ডানকুনি লোকাল, ৩২২৫২ ডানকুনি - শিয়ালদহ লোকাল, ৩১৪৪৭ শিয়ালদহ - নৈহাটি লোকাল, ৩১৪৫০ নৈহাটি - শিয়ালদহ লোকাল। সংক্ষিপ্ত সমাপ্তি সংক্ষিপ্ত উৎপত্তিঃ ৩১৫৪২ শান্তিপুর - শিয়ালদহ লোকাল ১১.০৯.২০২৫ তারিখে ব্যারাকপুরে সংক্ষিপ্ত সমাপ্তি করা হবে। ৩১৫১১ শিয়ালদহ - শান্তিপুর লোকাল ১২.০৯.২০২৫ তারিখে ব্যারাকপুরে সংক্ষিপ্ত পথে শেষ করা হবে।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Civil), BR-X, KMC invites online percentage rate e-tenders in two bid system for the following works:

(1) NIT No. : EEC/BX/081/058/2025-2026
Name of the work: **Construction of semi underground water tank for Chhat Devotee beside Jhalder Math Bustee in Ward No.-81, BR-X.** Estimated value (including GST & CESS): ₹ **3,18,990.28.** Earnest money: ₹ **6,400.00.** Time of completion: **15 days.**

(2) NIT No. : EEC/BX/081/008/2025-2026
Name of the work: **Development of footpath near 91/21C, 11/D Charu Chandra Avenue, 10/38A T. G. Road etc. in Ward No.-81, BR-X.** Estimated value (including GST & CESS): ₹ **1,64,758.51.** Earnest money: ₹ **3,300.00.** Time of completion: **90 days.**

(3) NIT No. : EEC/BX/093/027/2025-2026
Name of the work: **Improvement of passage and drainage system near 94/1 P. G. Md. Shah Road in Ward No.-093, BR-X.** Estimated value (including GST & CESS): ₹ **2,77,862.31.** Earnest money: ₹ **5,600.00.** Time of completion: **120 days.** Last date and time of submission of bid: **22.09.2025 - 12 Noon (For Sl. No. 1 to 3).** Date and time of opening of bid: **24.09.2025 - 12 Noon (For Sl. No. 1 to 3).** The bid forms and other details are available on and from **12.09.2025 (From 5 P.M.) (For Sl. No. 1 to 3).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 3).**

The Executive Engineer (Civil), BR-V, KMC invites quotation/e-tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/Br-V/50/28/2025-2026
Name of the work: **Repairing of passages at Refuge Lane etc. in Ward No.-50.** Estimated cost (including GST & CESS): ₹ **2,22,915.89.** Earnest money: ₹ **4,500.00.** Period of completion: **21 days.**

(2) NIT No. : KMC/EE(C)/Br-V/045/24/2025-2026
Name of the work: **Restoration of footpath with ancillary works at Clive Ghat Street etc. in Ward No.-045.** Estimated cost (including GST & CESS): ₹ **3,69,910.55.** Earnest money: ₹ **7,600.00.** Period of completion: **30 days.**

(3) NIT No. : KMC/EE(C)/Br-V/045/18/2025-2026/2nd Call
Name of the work: **Repairing of I.P.S. footpath at Braboune Road from N. S. Road to India Exchange Place, etc. in Ward No.-045.** Estimated cost (including GST & CESS): ₹ **3,69,675.29.** Earnest money: ₹ **7,500.00.** Period of completion: **30 days.**

(4) NIT No. : KMC/EE(C)/BR-V/048/020/2025-2026
Name of the work: **Dismantling of ward office, quarter etc. due to construction of UHWC at 4/1D Madan Dutta Lane in Ward No.-48, BR-V.** Estimated cost (including GST & CESS): ₹ **1,69,403.52.** Earnest money: ₹ **3,500.00.** Period of completion: **30 days.**

(5) NIT No. : KMC/EE(C)/BR-V/048/25/2025-2026
Name of the work: **Restoration of I.P.S. concrete & paver block passage due to Natural Wear & Tear and cutting by PU Agency at 11/4 Gobinda Sen Lane, 61/3 Nirmal Ch. Street etc. in Ward No.-48, BR-V.** Estimated cost (including GST & CESS): ₹ **2,83,273.50.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **30 days.**

(6) NIT No. : KMC/EE(C)/BR-V/048/24/2025-2026
Name of the work: **Painting of kerb stone at Sri Gopal Mallick Lane, Dr. Jagabandhu Lane etc. in Ward No.-48, BR-V.** Estimated cost (including GST & CESS): ₹ **1,51,189.81.** Earnest money: ₹ **3,500.00.** Period of completion: **21 days.**

(7) NIT No. : KMC/EE(C)/BR-V/048/21/2025-2026
Name of the work: **Restoration of I.P.S. and concrete passage at 29/A College Street, 14/1 Siddheswar Ch. Lane due to cutting by PU Agency and Natural Wear & Tear in Ward No.-48, BR-V.** Estimated cost (including GST & CESS): ₹ **2,63,444.25.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **45 days.** Last date and time of submission of bid: **22.09.2025 - 11 A.M. (For Sl. No. 1, 4 to 7) and 23.09.2025 - 11 A.M. (For Sl. No. 2 & 3).** Date and time of opening of tender: **24.09.2025 - 11 A.M. (For Sl. No. 1, 4 to 7) and 25.09.2025 - 11 A.M. (For Sl. No. 2 & 3).** The bid forms and other details are available on and from **12.09.2025 (5 P.M.) (For Sl. No. 1) and 13.09.2025 (5 P.M.) (For Sl. No. 2 to 7).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 7).**

The Executive Engineer (Civil), BR-VIII, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/BR-VIII/087/12/2025-2026/R
Name of the work: **Repairing of damaged asphaltum surfaces near 32, 36 Lake Road, 38A, 43B Lake Place Road and other asphaltum surfaces in Ward No.-087.** Estimated cost (including GST & CESS): ₹ **4,99,932.26.** Earnest money: ₹ **10,000.00.** Period of completion: **75 days.**

(2) NIT No. : KMC/EE(C)/BR-VIII/087/10/2025-2026/R
Name of the work: **Improvement of road surfaces by lowering of M.H. & allied civil works (Asphaltum surface lowering done by Mechanical Roads Department) from 1-16 Lake Temple Road & others in Ward No.-087.** Estimated cost (including GST & CESS): ₹ **3,99,982.65.** Earnest money: ₹ **8,000.00.** Period of completion: **60 days.**

(3) NIT No. : KMC/EE(C)/BR-VIII/088/034/2025-2026/Uttaran
Name of the work: **Supplying of labour for sewer cleansing work at different Uttaran areas in Ward No.-88.** Estimated cost (including GST & CESS): ₹ **2,36,178.40.** Earnest money: ₹ **4,800.00.** Period of completion: **90 days.** Last date and time of submission of bid: **24.09.2025 - 12 Noon (For Sl. No. 1 & 2) and 23.09.2025 - 12 Noon (For Sl. No. 3).** Date of opening of tender: **09.10.2025 - 12 Noon (For Sl. No. 1 & 2) and 25.09.2025 - 12 Noon (For Sl. No. 3).** The bid forms and other details are available on and from **16.09.2025 (5 P.M.) (For Sl. No. 1 & 2) and 13.09.2025 (5 P.M.) (For Sl. No. 3).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 3).**

The Executive Engineer (Civil), BR-XV, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/Br-XV/137/023/2025-2026/R
Name of the work: **Construction of sanitary latrine with septic tank (03 nos.) at H/Nos.-S-157/2, S-136 and S-139 under Uttaran Service in Ward No.-137 under BR-XV.** Estimated cost (including GST & CESS): ₹ **2,89,272.99.** Earnest money: ₹ **5,800.00.** Period of completion: **120 days.**

(2) NIT No. : KMC/EE(C)/Br-XV/135/063/2025-2026/APAS/10/1
Name of the work: **Renovation of surface drain with ancillary works N/H/Nos. P-117, P-91 to P-93 etc. Tikiapara in Ward No.-135, BR-XV.** Estimated cost (including GST & CESS): ₹ **4,05,955.75.** Earnest money: ₹ **8,200.00.** Period of completion: **45 days.**

(3) NIT No. : KMC/EE(C)/Br-XV/135/062/2025-2026/APAS/5/2
Name of the work: **Renovation of drainage system with allied works N/H/Nos. P-106, P-107 Tikiapara Lane in Ward No.-135, BR-XV.** Estimated cost (including GST & CESS): ₹ **3,82,173.53.** Earnest money: ₹ **7,700.00.** Period of completion: **45 days.**

(4) NIT No. : KMC/EE(C)/Br-XV/135/068/2025-2026/APAS/8/2
Name of the work: **Development/renovation of drainage system with allied works N/H/Nos. P-30 to P-97 Chinapara in Ward No.-135, BR-XV.** Estimated cost (including GST & CESS): ₹ **4,97,685.24.** Earnest money: ₹ **10,000.00.** Period of completion: **45 days.**

(5) NIT No. : KMC/EE(C)/Br-XV/135/067/2025-2026/APAS/8/1
Name of the work: **Renovation of drainage system and allied works at Chinapara N/H/Nos. P-38/A to P-39 in Ward No.-135, BR-XV.** Estimated cost (including GST & CESS): ₹ **4,97,346.58.** Earnest money: ₹ **10,000.00.** Period of completion: **45 days.** Last date and time of submission of bid: **22.09.2025 - 11 A.M. (For Sl. No. 1) and 23.09.2025 - 11 A.M. (For Sl. No. 2 to 5).** Date of opening of tender: **24.09.2025 - 11 A.M. (For Sl. No. 1) and 25.09.2025 - 11 A.M. (For Sl. No. 2 to 5).** The bid forms and other details are available on and from **12.09.2025 (5 P.M.) (For Sl. No. 1) and 13.09.2025 (5 P.M.) (For Sl. No. 2 to 5).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 5).**

The Executive Engineer (Civil), BR-II, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/BR II/012/023/2025-2026
Name of the work: **Urgent repairing of doors along with walls of store room and cleaning of underground and overhead reservoir and other ancillary civil work at UPHC 12, BR-2.** Estimated cost (including GST & CESS): ₹ **1,52,210.76.** Earnest money: ₹ **3,050.00.** Period of completion: **25 days.**

(2) NIT No. : KMC/EE(C)/BR II/018/011/2025-2026
Name of the work: **Improvement of road surface by laying cement concrete in place of asphaltum road surface at 12B Ram Chand Ghosh Lane in Ward No.-18.** Estimated cost (including GST & CESS): ₹ **2,32,154.43.** Earnest money: ₹ **4,650.00.** Period of completion: **30 days.** Last date and time of submission of bid: **20.09.2025 up to 11 A.M. (For Sl. No. 1 & 2).** Bid will be opened on: **22.09.2025 at 11 A.M. (For Sl. No. 1 & 2).** The bid forms and other details will be available on and from **12.09.2025 at 5 P.M. (For Sl. No. 1 & 2).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 & 2).**

The Executive Engineer (Civil), BR-IX, KMC invites e-tender online percentage rate two bid system for the following work:

NIT No. : KMC/IX/073/019/2025-2026/UTTARAN
Name of the work: **Improvement of IPS and paver block passages at different areas of 9/1, 7/10, 10/1 Sashi Sekhar Bose Row, 12A, 3 Katua Khati Lane and etc. in Ward No.-73.** Estimated amount (including GST & CESS): ₹ **2,99,295.91.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **75 days.** Last date and time of submission of bid: **22.09.2025 - 12 Noon.** Tender will be opened on: **24.09.2025 - 12 Noon.** The bid forms and other details are available on and from **12.09.2025 (5 P.M.)** from the website: **https://etender.wb.nic.in** (1055/25-26)

দিমির স্টোরিতে এবার ট্রেন্ডের ছোঁয়া

একসাথে বাগানের তিন তারকা

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ সেপ্টেম্বরঃ সাফল্যের মধ্য দিয়ে গত মরসুম শেষ করেছিল মোহনবাগান সুপার জায়ান্ট। দেশের প্রথম ডিভিশন লিগ তথা আইএসএলের লিগ শিল্ড জয়ের পাশাপাশি লিগ কাপ ও এসেছিল সবুজ-মেরুনে। সেই নিয়ে যথেষ্ট খুশি ছিল সমর্থকরা। এই নতুন সিজনে সেই ধারাবাহিকতা বজায় রাখাই এখন অন্যতম লক্ষ্য মেরিনার্সদের। পাশাপাশি গতবারের হতাশা ভুলে আন্তর্জাতিক টুর্নামেন্ট তথা এএফসি চ্যাম্পিয়নস লিগের টায়ার টুয়ে নিজেদের সেরাটা দেওয়ার লক্ষ্য থাকবে গতবারের আইএসএল জয়ীদের। সেক্ষেত্রে এবারের এই ঐতিহ্যবাহী ডুরান্ড কাপকে কার্যত প্রস্তুতি টুর্নামেন্ট হিসেবেই দেখেছিলেন বাগান কোচ। এক্ষেত্রে টুর্নামেন্টের প্রথম থেকেই দারুন ছন্দে ছিল সবুজ-মেরুন ব্রিগেড। গ্রুপ চ্যাম্পিয়ন হয়েই দল উঠেছিল টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনালে। কিন্তু সেখানেই পরাজিত হতে হয়েছিল পড়শী ক্লাব ইস্টবেঙ্গলের কাছে। সেই ধাক্কা কাটিয়ে এবার আন্তর্জাতিক মঞ্চে নিজেদের সেরাটা উজাড় করে দেওয়ার লক্ষ্য থাকবে সকলের। এক্ষেত্রে জেসন কামিন্স এবং জেমি ম্যাকলারেনের মতো তারকা ফুটবলারদের পাশাপাশি সকলের নজর থাকবে আরেক অজি তারকা দিমিত্রি পেত্রাতোসের দিকে। গত ফুটবল সিজনে পূর্ব প্রত্যাশা অনুযায়ী খুব একটা ভালো ফুটবল উপহার দিতে পারেননি এই তারকা। তবে এবার নিজের ছন্দ ফেরানোর লক্ষ্য থাকবে এই ফুটবলারের। সেইমতো হোসে মোলিনার তত্ত্বাবধানে নিজেকে প্রস্তুত করছেন দিমি। তবে এসবের মাঝেই ট্রেনিংয়ে

গা ভাসালেন বাগানের এই তারকা ফুটবলার। সম্প্রতি এআইএয়ের সাহায্য নানা ধরনের ছবি সারা ফেলছে গোটা মাধ্যম জুড়ে। তাঁর মধ্যেই এবার থ্রি-ডি মডেলে যথেষ্ট জনপ্রিয়তা পেয়েছে। বিশেষ পদ্ধতি অবলম্বন করে এমন ছবি বানিয়ে নেট মাধ্যমে ইতিমধ্যেই শেয়ার করে ফেলেছেন বহু নেটাগরিক। এবার দিমিত্রি পেত্রাতোসের সোশ্যাল সাইটের স্টোরিতে ও দেখা মিলল এমন ছবি। এক সমর্থকের তৈরি করা ছবি এবার নিজের সোশ্যাল সাইটে আপলোড করলেন তিনি। যেখানে তাঁর পাশাপাশি থ্রি-ডি মডেলে দেখা গিয়েছে বাগানের সবুজ-মেরুনে দাপিয়ে খেলা যাওয়া আরও দুই তারকা ফুটবলারকে। যাদের মধ্যে রয়েছেন ব্রাজিলিয়ান তারকা তথা বাগানের সবুজ তোতা হোসে ব্যারেটো এবং হাইতীয় তারকা সনি নর্দে। যা নিঃসন্দেহে নজর কেড়েছে সকলের। পাশাপাশি আরও লেখা রয়েছে 'এই ৩ জন খেলোয়াড়। এই ৩ জনের খেলোয়াড় নয়। আমাদের আবেগ।'

সুপার সিক্সে দুরন্ত জয় ইস্টবেঙ্গল ও ডায়মন্ড হারবারের

দুরন্ত বার্তা, ১১ সেপ্টেম্বরঃ দুরন্ত জয় দিয়ে কলকাতা ফুটবল লিগের সুপার সিক্স পর্ব শুরু করল ইস্টবেঙ্গল ও ডায়মন্ড হারবার এফসি। ইস্টবেঙ্গল এদিন ইউনাইটেড কলকাতাকে হারিয়েছে

৩-০ গোলে, আর ডায়মন্ড হারবার সুরুচি সংঘকে হারিয়েছে ৪-০ ব্যাবধানে। চলতি মরশুমে প্রথম বারের মতো নিজেদের মাঠে নেমেছিল লাল-হলুদ ব্রিগেড। তাদের প্রতিপক্ষ ছিল ইয়ান লয়ের ইউনাইটেড কলকাতা। যারা গ্রুপ পর্বে দারুণ খেলে সুপার সিক্সে উঠে এসেছে। তবে ইস্টবেঙ্গল মাঠে দলের দারুণ জয় দেখে হাসি মুখেই মাঠ ছাড়ল লাল-হলুদ জনতা। ম্যাচ শেষে সমর্থকরা স্লোগানও দিলেন, 'এই লিগে জিতবে কারা, ইস্টবেঙ্গল আবার কারা।' এদিন অবশ্য পুরো শক্তি নিয়ে দল নামাতে পারেননি বিনো জর্জ। গোড়ালিতে চোটের কারণে ছিলেন না সৌভিক চক্রবর্তী। দেবজিৎ মজুমদার ও সায়ন বন্দ্যোপাধ্যায়ের ছিল কার্ড সমস্যা। সুমন দেও পুরোপুরি ফিট ছিলেন না। তবে মাঠে যাঁর ছিলেন তাঁরা অবশ্য সায়নদের অভাব বুঝতে দেননি। ঘরের মাঠে প্রথম থেকে ইস্টবেঙ্গল আক্রমণ শুরু করলেও, পাল্টা দিচ্ছিল ইয়ান লয়ের ছাত্ররাও। দুই দলই বেশ কিছু সুযোগ তৈরি করে। ২৯ মিনিটে এগিয়ে যেতে পারত ইউনাইটেড কলকাতা। কিন্তু সমীর বায়েন ইস্টবেঙ্গল গোলকিপারকে একা পেয়েও গোল করতে পারেননি। ম্যাচের ৩৬ মিনিট ডেভিডের পাশ থেকে পাওয়া বল গোলে রাখতে পারেননি পিভি বিষ্ণু। এরপর ৩৯ মিনিটে সহজ সুযোগ নষ্ট করেন আমন সিকে। অবশেষে লেসলি ক্লডিয়াস সরণির ক্লাব এগিয়ে যায় প্রথমার্ধের সংযোজিত সময়ে (৪৫২)। আমন সিকের ভাসানো বল থেকে নসিব রহমানের গোলে এগিয়ে যায় ইস্টবেঙ্গল। ১-০ গোলে এগিয়ে থেকেই বিরতিতে যায় মশাল ব্রিগেড। প্রথমার্ধে ইউনাইটেড কলকাতা ইস্টবেঙ্গল ডিফেন্সকে চাপে রাখতে পারলেও বিনো জর্জের ছাত্ররা দ্বিতীয়ার্ধের শুরু থেকেই ম্যাচের রাশ নিজেদের হাতে নিয়ে নেয়। ৪৮ মিনিটে ফ্রিকিক থেকে দুরন্ত গোল করে ইস্টবেঙ্গলকে ২-০ গোলের লিড এনে দেন বিষ্ণু। ৬৮ মিনিটে গুইতের গোলে ৩-০ গোলে এগিয়ে যায় ইস্টবেঙ্গল। এরপর আর কোনও গোল হয়নি। এদিন জয় পেয়েছে ডায়মন্ড হারবার এফসিও। সুরুচি সংঘকে তারা হারিয়েছে ৪-০ ব্যাবধানে। ১৬ মিনিটে ডায়মন্ড হারবারের হয়ে প্রথম গোলটি করেন শৈবোরলাং খার্পন। এরপরের দু'টি গোল আসে ৩৭ এবং ৪০ মিনিটে। দুই ক্ষেত্রেই স্কোরার আকিব নবাব। ৭০ মিনিটে অমরনাথ গোল করে সুরুচির কফিনে শেষ পেরেকটি পুঁতে দেন। গতবারের কলকাতা লিগে প্রথম স্থানের জন্য লড়াই ছিল মূলত ইস্টবেঙ্গল ও ডায়মন্ড হারবার এফসির মধ্যে। এবারও সম্ভবত সেটাই হতে চলেছে। যদিও গতবারের লিগ চ্যাম্পিয়ন কে হয়েছে, তা এখনও ঘোষণা হয়নি।কব নবাব। ৭০ মিনিটে অমরনাথ গোল করে সুরুচির কফিনে শেষ পেরেকটি পুঁতে দেন। গতবারের কলকাতা লিগে প্রথম স্থানের জন্য লড়াই ছিল মূলত ইস্টবেঙ্গল ও ডায়মন্ড হারবার এফসির মধ্যে। এবারও সম্ভবত সেটাই হতে চলেছে। যদিও গতবারের লিগ চ্যাম্পিয়ন কে হয়েছে, তা এখনও ঘোষণা হয়নি।

'এত তাড়াহুড়ো কেন?'

ভারত-পাক ম্যাচ নিয়ে আবেদনের জরুরি শুনানিতে বলল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ১১ সেপ্টেমম্বরঃ রবিবার এশিয়া কাপের গ্রুপ পর্বের ম্যাচে মুখোমুখি হবে ভারত ও পাকিস্তান। কেন্দ্র সরকার ও বিসিসিআইয়ের এই ম্যাচ নিয়ে কোনও আপত্তি না থাকলেও দেশের সাধারণ মানুষ ও অনেক প্রাক্তন ক্রিকেটারই এই ম্যাচ বয়কটের আবেদন জানিয়েছেন। পহেলগাম কাণ্ডের পর ভারত ও পাকিস্তানের

মধ্যে সম্পর্ক আরও খারাপ হয়েছে। তাই গোটা দেশ জুড়ে দাবি উঠেছে, রক্তের থেকে একটি ম্যাচের দাম কখনওই বেশি নয়। এরই মধ্যে এই ম্যাচ বাতিলের দাবি নিয়ে একটি আবেদনের জরুরি শুনানি বৃহস্পতিবার সুপ্রিম কোর্ট অস্বীকার করেছে। বিচারপতি জেকে মাহেশ্বরী ও বিচারপতি বিজয় বিষ্ণোইয়ের বেঞ্চের সামনে একজন আইনজীবী ম্যাচ বাতিল নিয়ে জরুরি শুনানির আবেদন করেন। এর জবাবে দেশের শীর্ষ আদালত বলে, ''এত তাড়াহুড়োর কী আছে? এটি একটি ম্যাচ। হতে দিন। রবিবারের ম্যাচটি হতে দিন।'' আইনজীবী যুক্তি দিয়েছিলেন, রবিবার রয়েছে ম্যাচ। যদি শুক্রবার বিষয়টি তালিকাভুক্ত না হয়, তাহলে আবেদনটি অকার্যকর হয়ে যাবে। এর জবাবে বেঞ্চ বলে, ''এই রবিবার একটি ম্যাচ আছে। আমরা এতে কী করতে পারি? এটি হতে দিন। ম্যাচটি হওয়া উচিত।'' এই ম্যাচ বাতিলের দাবিতে উর্বশী জৈনের নেতৃত্বে চার আইন শিক্ষার্থীর দায়ের করা আবেদনে বলা হয়েছে, পহেলগাম সন্ত্রাসী হামলা ও অপারেশন সিঁদুরের পর পাকিস্তানের সঙ্গে ক্রিকেট ম্যাচ আয়োজন জাতীয় মর্যাদা ও জনসাধারণের অনুভূতির পরিপন্থী বার্তা পাঠায়। চার শিক্ষার্থীর আবেদনে বলা হয়েছে, ''দেশগুলির মধ্যে ক্রিকেটের উদ্দেশ্য হল সদিচ্ছা ও বন্ধুত্ব প্রদর্শন করা। কিন্তু পহেলগাম সন্ত্রাসী হামলায় যখন আমাদের মানুষ নিহত হয়েছিলেন এবং আমাদের সৈন্যরা ঝুঁকিতে পড়েছিলেন, তখন পাকিস্তানের সঙ্গে খেলা বিপরীত বার্তা দেয়। যাদের বিরুদ্ধে লড়াই করে আমাদের সৈন্যরা জীবন উৎসর্গ করেছে ও যে দেশ সন্ত্রাসীদের ক্রমাগত আশ্রয় দিয়ে চলেছে, আমরা সেই দেশের বিরুদ্ধে খেলতে চলেছি।'' সেই সঙ্গে আবেদনকারীরা এটাও বলেছেন, ''এটি সন্ত্রাসীদের হাতে প্রাণ হারানো পরিবারের অনুভূতির উপরও আঘাত হানতে পারে। জাতির মর্যাদা ও নাগরিকদের নিরাপত্তা বিনোদনের আগে আসে। দুই দেশের মধ্যে ক্রিকেট ম্যাচ জাতির স্বার্থের জন্য ক্ষতিকর এবং সশস্ত্র বাহিনী ও সমগ্র জাতির মনোবলের জন্যও ক্ষতিকর।''

বিজেপির নরেন্দ্র কাপ ফুটবল প্রতিযোগিতা শুরু কোচবিহারে, হেরিটেজ কাপ দেখে কটাক্ষ তৃণমূলের

শিল্পী দত্ত, কোচবিহার ১২ সেপ্টেম্বরঃ কোচবিহারের এমজিএন স্টেডিয়ামে কোচবিহার জেলা বিজেপির উদ্যোগে শুরু হল নরেন্দ্র কাপ ফুটবল প্রতিযোগিতা। বৃহস্পতিবার দুপুরে এই প্রতিযোগিতার উদ্বোধনে উপস্থিত ছিলেন কোচবিহার জেলা বিজেপির চার বিধায়ক সহ অন্যান্য নেতৃত্বরা। ২৪ দলের এই ফুটবল প্রতিযোগিতা চলবে আগামী ১৭ই সেপ্টেম্বর পর্যন্ত। এই প্রসঙ্গে কোচবিহার জেলা বিজেপির সভাপতি অভিজি বর্মন বলেন-নবসমাজকে বা যুব সমাজকে একমাত্র নতুন রূপে তৈরি করতে পারে এই খেলাধুলা। খেলার প্রতি যুবকদের আরও আগ্রহ বাড়াতেই

রাজ্য জুড়ে চলছে ফুটবল টুর্নামেন্ট হচ্ছে তারই অঙ্গ হিসাবে কোচবিহারেও শুরু হলো ২৪ দলীয় এই ফুটবল প্রতিযোগিতা। তিনি আরো বলেন বর্তমান যুবসমাজ বা ছাত্র সমাজ মোবাইলে ডুবে যাচ্ছে শারীরিকভাবে তারা পিছিয়ে পড়ছে সে কারণেই খেলাধুলায় একমাত্র পথ তাদের সেই নেশা মুক্তির। যদিও বিজেপি এই খেলা প্রসঙ্গে কটাকা করেছে তৃণমূল নেতৃত্ব। এই প্রসঙ্গে কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেসের বষিয়ান নেতা আব্দুল জলিল আহমেদ বলেন- জনসংযোগ নেই বিজেপির। মাঠে খেলা হলেও দর্শক আসন শূন্য। আসলে হেরিটেজ কাপের মত টুর্নামেন্ট নকল করেই বিজেপির এই উদ্যোগ। যদিও তিনি বলেন যুব সমাজের প্রয়োজন মোবাইল থেকে চোখ সরিয়ে খেলাধুলা ও অন্যান্য বিষয়ে নজর দেওয়া যাতে আগামী দিনের নতুন প্রজন্ম ভাবে জীবন যাপন করতে পারে। প্রসঙ্গত উল্লেখ্য হেরিটেজ ক্রিকেট টুর্নামেন্ট কোচবিহারে দারুণভাবে প্রশংসা অর্জনের পাশাপাশি জনপ্রিয় হয়েছে দূরদূরান্ত থেকে প্রচুর খেলোয়াড় এই খেলা খেলতে আসেন আর ঠিক সেই জায়গায় দাঁড়িয়ে বিজেপির এই ফুটবল টুর্নামেন্ট কতটা দাগ কাটতে পারবে তা নিয়ে উঠছে প্রশ্ন।

বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপের শেষ চারে উঠে পদক নিশ্চিত করলেন জেসমিন ও নূপুর, বিদায় জারিনের

তাজিকিস্তান, ১১ সেপ্টেমম্বরঃ বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে উঠে পদক নিশ্চিত করলেন ভারতের দুই বক্সার জেসমিন ল্যাম্বোরিয়া ও নূপুর শিওরান। তবে শেষ আট থেকেই বিদায় নিয়েছেন ভারতের তারকা মহিলা বক্সার নিখাত জারিন। বুধবার হেভিওয়েট বক্সার নূপুর শিওরান উজবেকিস্তানের ওলটিনয় সোটিমবোয়েভাকে হারিয়ে সেমিফাইনালে প্রবেশ করে চলতি বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে ভারতের প্রথম পদক নিশ্চিত করেছেন। তবে দুইবারের চ্যাম্পিয়ন নিখাত জারিন কোয়ার্টার ফাইনালে তুরস্কের কাকিরোগলু বুসে নাজের কাছে ০-

৫ ব্যাবধানে হেরে গিয়েছেন। কিংবদন্তি বক্সার হাওয়া সিংয়ের নাতনি নূপুর উজবেকিস্তানের প্রতিপক্ষকে ৪-১ ব্যাবধানে পরাজিত করে ৮০ কেজির বেশি বিভাগের শেষ চারে প্রবেশ করেছেন। এই বিভাগে মাত্র ১০ জন বক্সার অংশগ্রহণ করছিলেন। এই জয়ের মাধ্যমে, নূপুর কমপক্ষে একটি ব্রোঞ্জ পদক নিশ্চিত করেছেন। অপর দিকে বিশ্ব বক্সিং কাপের সোনাজয়ী জেসমিন উজবেকিস্তানের খুমোরাবোনু মামাজোনোভাতোকে পরাজিত করে ৫৭ কেজি বিভাগের সেমিফাইনালে তাঁর স্থান নিশ্চিত করেছেন। জেসমিন তাঁর প্রতিপক্ষকে হারিয়েছেন ৫-০ ব্যাবধানে। এর আগে, মঙ্গলবার রাতে, যদুমণি সিং (৪৮ কেজি) এবং অবিনাশ জামওয়াল (৬৫ কেজি) সহজ জয় তুলে নিয়ে পুরুষদের কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেন।

মেসিকে ছাড়া কেমন খেলে আর্জেন্টিনা, তাঁর ১০ নম্বর জার্সি পরেন কে?

দুরন্ত বার্তা প্রতিবেদন

১৭ আগস্ট ২০০৫। বুদাপেস্টের ফেরেঙ্ক পুসকাস স্টেডিয়ামে আন্তর্জাতিক প্রীতি ম্যাচে মুখোমুখি হাঙ্গেরি আর আর্জেন্টিনা। ম্যাচের ৬২ মিনিটে ২-১ গোলে এগিয়ে যায় আর্জেন্টিনা। দুই মিনিট পরই কোচ হোসে পেকারম্যান নামালেন এক তরুণ প্রতিভাকে। মাঠে নামার পরের মিনিটেই প্রতিপক্ষ ফুলব্যাককে ফাউল করে সরাসরি লাল কার্ড! জাতীয় দলের হয়ে প্রথমবার নামতেই ড্রেসিংরুমের পথে হাঁটা। চোখ ভিজে যাচ্ছিল অঝোর কান্নায়। কে ভেবেছিল, সেই কিশোরই একদিন আর্জেন্টিনার হয়ে খেলবেন সবচেয়ে বেশি ম্যাচ (১৯৪), করবেন সবচেয়ে বেশি গোল (১১৪), হবেন শতাব্দীর সেরা বিজ্ঞাপন। শুধু তাই নয়-তিন যুগের অপেক্ষা ঘুচিয়ে বিশ্বকাপও এনে দেবেন। কার কথা বলা হচ্ছে, নিশ্চয়ই বুঝেছেন-লিওনেল মেসি। অভিষেক হয়েছিল দুঃস্বপ্নের মতো, শেষটায় তিনি আর্জেন্টিনার সব স্বপ্ন পূরণের রূপকার। কিন্তু ক্যারিয়ারের গোধূলিলগ্নে এসে চোট যেন মেসির স্থায়ী সঙ্গী। সর্বশেষ হ্যামস্ট্রিং চোটের পর কোচ লিওনেল স্কালোনি তাঁকে বিশ্রামে রেখেছেন। গতকাল বিশ্বকাপ বাছাইপর্বের শেষ ম্যাচে তাঁকে ছাড়াই নেমেছিল আর্জেন্টিনা। ফল- ইকুয়েডরের কাছে ১-০ গোলে হার। আর্জেন্টিনার বিখ্যাত ক্রীড়া সাময়িকী এল গ্রাফিকো আর ফুটবলের দলবদল, বাজারমূল্য ও পরিসংখ্যানভিত্তিক ওয়েবসাইট ট্রান্সফারমার্কেটের তথ্য অনুযায়ী, মেসির অভিষেক থেকে গতকাল পর্যন্ত আর্জেঃটিনা খেলেছে ২৬৪

কোন কোচের অধীন কত ম্যাচ মিস করেছেন লিওনেল মেসি

কোচ	মোট ম্যাচ	মেসিহীন ম্যাচ	শতাংশ
লিওনেল স্কালোনি	৮৭	২১	২৪.১৪
জেরার্দো তাতা মার্তিনো	২৯	৯	৩১.০৩
আলোহান্দ্রো সাবেয়া	৪১	৯	২১.৯৫
ডিয়েগো ম্যারাডোনা	২৪	৮	৩৩.৩৩
সের্হিও বাতিস্তা	১৭	৬	৩৫.২৯
এদগার্দো বাউজা	৮	৪	৫০.০০
হোর্হে সাম্পাওলি	১৫	৪	২৬.৬৭
আলফিও বাসিলে	২৮	৪	১৪.২৯
হোসে পেকারম্যান	১৩	৩	২৩.০৮
ওয়াল্টার স্যামুয়েল	২	২	১০০.০০
মোট	২৬৪	৭০	২৬.৫২

ম্যাচ। এর মধ্যে মেসি খেলেছেন ১৯৪ ম্যাচ। বাকি ৭০টিতে তাঁকে পায়নি দল। সেই ৭০ ম্যাচে আর্জেন্টিনা জিতেছে ৪৩টিতে, হেরেছে ১৪টিতে, আর ড্র করেছে ১৩ ম্যাচ। মানে, মেসিকে ছাড়া আর্জেন্টিনার পরাজয়ের হার মাত্র ২০ শতাংশ। প্রতিযোগিতামূলক ম্যাচ হিসাব করলে ২২টিতে খেলেননি মেসি। এর মধ্যে আর্জেন্টিনা জিতেছে ১২টিতে, ড্র ও হার ৫টি করে। এখানেও পরাজয়ের হার খুব বেশি নয়- ২২.৭৩ শতাংশ। এ কারণেই হয়তো স্কালোনি বলেছিলেন, ''আর্জেন্টিনা এখন মেসিকে ছাড়া খেলতে শিখে গেছে। আমরা আর মেসিনির্ভর দল নই।'' মেসি সবচেয়ে বেশি মিস করেছেন আন্তর্জাতিক প্রীতি ম্যাচ-৪৮টি। বিশ্বকাপ বাছাইপর্বের ১৮টি, আর বিশ্বকাপ ও কোপা আমেরিকার ২টি করে ম্যাচেও তাঁকে পায়নি আর্জেন্টিনা। মেসির অভিষেকের সময় থেকে এখন পর্যন্ত ১০ জন আর্জেন্টিনা জাতীয় দলের ডাগআউটে দাঁড়িয়েছেন। এর মধ্যে সবচেয়ে বেশি ম্যাচ মিস করেছেন বর্তমান কোচ স্কালোনির অধীন-২১টি। দ্বিতীয় সর্বোচ্চ ৯টি করে ম্যাচে মাঠে নামা হয়নি জেরার্দো তাতা মার্তিনো ও আলোহান্দ্রো সাবেয়ার সময়ে। স্কালোনির অনুপস্থিতিতে সহকারী কোচ ওয়াল্টার স্যামুয়েল ২টি ম্যাচে আর্জেন্টিনার ডাগআউটে দাঁড়িয়েছিলেন। সেই ২ ম্যাচে মেসি ছিলেন না। ক্যারিয়ারের শুরুর দিকে কয়েকটি ম্যাচে মেসিকে বেঞ্চ গরম করতে হয়েছে। তবে তারকাখ্যাতি পাওয়ার পর থেকে তিনি বেশিরভাগ ম্যাচ খেলতে পারেননি চোট ও বিশ্রামের কারণে। কিছু ম্যাচে নিষেধাজ্ঞার কারণেও খেলতে পারেননি। আবার কিছু ম্যাচে তরুণদের পরখ করতে কোচ তাঁকে স্কোয়াডে রাখার প্রয়োজন মনে করেননি। মেসির অনুপস্থিতিতে অনেকেই আর্জেন্টিনার ১০ নম্বর জার্সি গায়ে জড়িয়েছেন। সব মিলিয়ে সংখ্যাটা ১৭ জন। এই তালিকায় সর্বশেষ নাম ফ্রাঙ্কো মাস্তানতুয়োনো। কাল ইকুয়েডরের বিপক্ষে থিয়াগো আলমাদার ১০ নম্বর জার্সি পরে খেলার কথা থাকলেও শেষ পর্যন্ত তা পেয়েছেন রিয়াল মাদ্রিদের 'মাস্তান'। মেসি আর্জেন্টিনার হয়ে খেলেননি-এমন ২৮টি ম্যাচে ১০ নম্বর জার্সি কাউকে দেওয়া হয়নি। তাঁর অনুপস্থিতিতে সবচেয়ে বেশি ৭ বার জার্সিটা পরেছেন বন্ধুপ্রতিম সতীর্থ সের্হিও আগুয়েরো। দ্বিতীয় সর্বোচ্চ ৫ বার পরেছেন আনহেল কোরোয়া। আর্জেন্টিনার হয়ে সবচেয়ে বেশি ১৫৯ বার ১০ নম্বর জার্সি পরে খেলতে নামার রেকর্ডটা মেসিরই। প্রয়াত কিংবদন্তি দিয়েগো মারাদোনা পরেছেন ৮৫ বার। এ ছাড়া আরিয়েল ওর্তেগা ৫৯ বার ও হুয়ান রোমান রিকেলমে ২৯ বার আইকনিক এই জার্সি পরে দেশের হয়ে খেলেছেন।

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar
Ph. No. 033-2237-0488, 9830217166
E-mail: dailydurantabarta@gmail.com